# বার্ষিক প্রতিবেদন

২০২১-২০২২

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

২০২১ - ২০২২

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বার্ষিক প্রতিবেদন : ২০২১-২০২২ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
© চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা

**উপদেষ্টা**
ড. হাছান মাহমুদ এম.পি.
মাননীয় মন্ত্রী
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

**পরিকল্পনা ও নির্দেশনায়**
মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

**সহযোগিতায়**
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন
অধিদপ্তর/সংস্থাসমূহ এবং তথ্য কমিশনের
কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

**প্রকাশনায় :** চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ভবন,
১১২ সার্কিট হাউস রোড,
ঢাকা- ১০০০
www.dfp.gov.bd

**প্রকাশকাল :** নভেম্বর ২০২২

**মুদ্রণ :** আনিশা
ড. কুদরত-ই-খুদা রোড (কাঁটাবন ঢাল), নিউমার্কেট, ঢাকা
ই-মেইলঃ aneeshapress@gmail.com

# ভূমিকা

দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর-সংস্থা গৃহীত কর্মসূচি সম্পর্কে দেশের জনগণকে অবহিত করার লক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিবিধ প্রচার কার্যক্রম গ্রহণ করে থাকে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অন্যতম দায়িত্ব হচ্ছে রাষ্ট্র পরিচালনায় সরকারের নীতি ও আদর্শ জনগণের কাছে তুলে ধরা। তৃণমূল পর্যায়ে যোগাযোগ থেকে শুরু করে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার কার্যক্রমের মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর-সংস্থাসমূহ দেশের মানুষকে উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করতে কাজ করে থাকে।

বিগত দুই বছর বৈশ্বিক মহামারি করোনার আক্রমণে বিপর্যস্ত বিশ্বের বিভিন্ন দেশের অর্থনীতি যখন ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে তখন প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশের অর্থনীতি শক্তিশালী অবস্থানে থেকে বিপর্যয় সামলে উঠেছে। করোনা মহামারির প্রতিঘাত নিরসনে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ প্রান্তিক জনগোষ্ঠীর জীবন ও অর্থনীতির চাকাকে গতিশীল রেখেছে। বিগত সময়ে জনগণের জন্য করোনা টিকা বা ভ্যাকসিন নিশ্চিত করা ছিল সরকারের জন্য একটি বড় চ্যালেঞ্জ।

গত ২০২০-২০২১ অর্থবছরে সরকারের সবচেয়ে উল্লেখযোগ্য অর্জন ছিল দীর্ঘ প্রতীক্ষিত দেশের দীর্ঘতম পদ্মা সেতুর নির্মাণ সম্পন্ন করা। এটি শুধু বাংলাদেশের নয়, সারা বিশ্বের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। পদ্মা সেতু নির্মাণে ৭টি বিশ্ব রেকর্ড সৃষ্টি হয়েছে। এ সেতু নির্মাণকে উপলক্ষ করে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র নির্মাণ ও পোস্টার মুদ্রণ করেছে। এগুলো সারাদেশব্যাপী বিভিন্ন মিডিয়ায় এবং তৃণমূল পর্যায়ে প্রচারিত হয়েছে।

বিগত অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের সার্বিক কার্যাবলির সংক্ষিপ্ত বিবরণী হিসেবে এই 'বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২' প্রকাশ করা হলো। এর মাধ্যমে সরকারের উন্নয়ন কার্যক্রমভিত্তিক প্রচার কার্যক্রমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা থেকে যদি নতুন কোনো কার্যকর প্রচার কৌশল সম্পর্কে মতামত পাওয়া যায় তাহলে তা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে আরও সমৃদ্ধ করবে।

আশা করি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তরসমূহ এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বইটি থেকে প্রয়োজনীয় উপাত্ত সংগ্রহ করতে পারবেন এবং মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে একটি সাম্যক ধারণা পাবেন।




**ড. হাছান মাহ্‌মুদ, এমপি**
মন্ত্রী
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


# বাণী

দেশে গতিশীল, অংশগ্রহণমূলক ও স্বচ্ছ তথ্যপ্রবাহ ব্যবস্থাপনার সমুন্নত রাখতে নিষ্ঠার সাথে নিরলস কাজ করে যাচ্ছে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। তথ্যপ্রবাহের ধারায় জনগণকে আরো সম্পৃক্ত, অবহিত, সচেতন ও তথ্য পেতে উদ্বুদ্ধ করা এবং সেই লক্ষ্যে সরকারি ও বেসরকারি গণমাধ্যম প্রতিষ্ঠানগুলোর দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি করা এ মন্ত্রণালয়ের দায়িত্বের গুরুত্বপূর্ণ অংশ।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ত্রিশ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ। এ দেশকে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার কারিগর মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা জননেত্রী শেখ হাসিনার সরকার দেশের ইতিহাসে অনন্য গণমাধ্যমবান্ধব সরকার। গণমাধ্যমের স্বাধীনতা ও স্বাধীন বিকাশে বিশ্বাসী বলেই এই সরকারের তত্ত্বাবধানে দেশে গণমাধ্যম স্মরণকালের সবচেয়ে বেশি বিকাশ লাভ করেছে।

সরকার ও জনগণের সেতুবন্ধ হিসেবে ইলেকট্রনিক, প্রিন্ট মিডিয়া এবং আন্ত:ব্যক্তিক যোগাযোগ মাধ্যমে সরকারের উন্নয়ন কার্যক্রম, বিভিন্ন বিষয়ে নীতিসমূহ এবং দেশের চলমান ঘটনা ও পরিস্থিতি সম্পর্কে জনগণকে অবহিত রাখার ব্যবস্থা নেয় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। একইসাথে এ মন্ত্রণালয় গণমাধ্যমের কাছে রাষ্ট্র ও জনগণের প্রত্যাশিত দায়িত্বশীল ও কর্তব্যনিষ্ঠ সাংবাদিকতার দিকে লক্ষ্য রেখে গণমাধ্যমসংশ্লিষ্ট নীতি প্রণয়ন ও বাস্তবায়ন, বিভিন্ন নির্দেশনা প্রদান, সংবাদপত্র ও প্রকাশনা সম্পর্কিত বিষয়সমূহ তদারকি করে। চলচ্চিত্র নির্মাণে অবকাঠামোগত সুবিধাসহ অনুদান প্রদান, আগামী প্রজন্মের জন্য জাতীয় সংস্কৃতি, ইতিহাস এবং ঐতিহ্য সম্পর্কিত চলচ্চিত্র ও অন্যান্য ডকুমেন্ট সংরক্ষণের পবিত্র দায়িত্বও পালন করে এই মন্ত্রণালয়।

জনস্বার্থে সুনির্ধারিত রূপকল্প ও অভিলক্ষ্য সামনে রেখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় যুগোপযোগী নীতি ও পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে একনিষ্ঠ কাজে ব্রতী। এর অংশ হিসেবে আইন অনুযায়ী অনুমতি ছাড়া বিদেশি টিভি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার বন্ধ করা, ক্যাবল নেটওয়ার্কে দেশের টিভি চ্যানেল সবার আগে এবং সেগুলো তাদের সম্প্রচারের তারিখ অনুযায়ী পরপর সাজানো, অবৈধ ডিশ টিভির দৌরাত্মে বছরে প্রায় ১ হাজার কোটি টাকা বাংলাদেশ থেকে পাচার রোধ, ওটিটি প্লাটফর্ম ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন, টিআরপি নির্ধারণে নিয়মতান্ত্রিকতা প্রবর্তন, প্রেস কাউন্সিল আইন যুগোপযোগী করাসহ সময়ের সাথে এগিয়ে যেতে আমরা এ সব ক্ষেত্রে দৃঢ় পদক্ষেপ নিয়েছি।

সেই সকল কর্মকান্ডের ২০২১-২০২২ সালের বিবরণ সন্নিবেশিত বার্ষিক প্রতিবেদন প্রতি বছরের মতো এবারও প্রকাশ হচ্ছে যা মন্ত্রণালয়ের কার্যক্রম এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা জনসম্মুখে তুলে ধরে জবাবদিহিতামূলক সরকার ব্যবস্থা গড়ে তোলার অগ্রযাত্রাকে ত্বরান্বিত করবে। মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশলগ্নে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক ধন্যবাদ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

ড. হাছান মাহ্‌মুদ এমপি



**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে অবিচ্ছেদ্য অংশীদার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা জনমানুষের এই মৌলিক চাহিদা পূরণকল্পে সরকার নানামুখী প্রকল্প ও কার্যক্রম গ্রহণ করছে। একই সাথে জনপ্রতিনিধি ও সরকারি কর্মচারীদের সম্পৃক্ত করে নানা উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। সরকারের নীতি ও আদর্শের পাশাপাশি এসব উন্নয়নমূলক কর্মকান্ডের চিত্র জনগণের কাছে তুলে ধরা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব। দেশের নানা প্রান্তের নানা গোত্র, ধর্ম ও সম্প্রদায়ের মানুষের জীবন, কৃষ্টি ও সাংস্কৃতিক কর্মকাণ্ড শুধু প্রচারণার মাধ্যমেই নয়, বরং প্রণোদনা ও পুরস্কার প্রদানের মাধ্যমে সৃষ্টিশীল কাজে উৎসাহ প্রদানও এ মন্ত্রণালয়ের অন্যতম উদ্দেশ্য। অনুদানের মাধ্যমে জীবনঘনিষ্ঠ এবং মুক্তিযুদ্ধের চেতনাভিত্তিক প্রামাণ্য ও চলচ্চিত্র নির্মাণ করে দেশের চলচ্চিত্র শিল্পের বিকাশে এ মন্ত্রণালয় অনন্য অবদান রাখছে।

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ ও করোনা মহামারিসহ নানা প্রতিকূলতা কাটিয়ে দেশের অর্থনীতিকে সচল রাখতে সরকার নিরলস কাজ করে যাচ্ছে। দেশের প্রান্তিক মানুষের জীবনযাত্রা সহজ ও গতিশীল রাখতে সড়ক-মহাসড়কের পরিধি বৃদ্ধি এবং পদ্মা সেতু, কর্ণফুলী টানেল ও মেট্রোরেলের মতো মেগা প্রকল্প বাস্তবায়ন করে সরকার ইতিহাসে অনন্য মাইলফলক স্থাপন করেছে। মৎস্য চাষ, ফল উৎপাদনসহ কৃষিক্ষেত্রে বাংলাদেশ বিশ্বের অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে।

জলোচ্ছ্বাস ও ঘূর্ণিঝড়সহ দুর্যোগকালীন উপকূল এবং অন্যান্য স্থানের অসহায় মানুষ ও পশু, প্রাণির নিরাপদ আশ্রয়স্থলে ঠাঁই নেয়ার ক্ষেত্রে বেতার ও টেলিভিশনের মতো প্রচারযন্ত্রের ভূমিকা অনিস্বীকার্য। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে সরকার বছরব্যাপী নানা উৎসব ও অনুষ্ঠানের আয়োজন করে। এসব অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে দেশের সাধারণ জনগণকে মানসিকভাবে শুধু উদ্বুদ্ধ করাই নয়, আত্মবিশ্বাসী করে তোলার ক্ষেত্রেও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিরাট ভূমিকা রেখেছে।

বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবসে দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, লিফলেট ও পোস্টার বিতরণের মাধ্যমে এসব গুরুত্বপূর্ণ দিবসের তাৎপর্য মানুষের সামনে নিয়মিত তুলে ধরছে এ মন্ত্রণালয়।

পরিশেষে বলা যায়, সরকারের নিয়মিত কার্যক্রম এবং জাতির জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ ঘটনাবলিকে অডিও ভিজ্যুয়াল এবং প্রিন্ট ভার্সনে চিরঞ্জীব করে রাখার ক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় যেমন কাজ করে যাচ্ছে, তেমনি সাধারণ মানুষের দোরগোড়ায় তথ্য প্রবাহ নিরবচ্ছিন্ন রাখার ক্ষেত্রেও এ মন্ত্রণালয় গুরুদায়িত্ব পালন করে আসছে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন ১৫টি দপ্তর/সংস্থার বছরব্যাপী কার্যক্রম মলাটবন্দি করে রাখার প্রয়াস হচ্ছে এই পুস্তিকা। সকলে এই পুস্তকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সামগ্রিক কার্যক্রমের একটি তথ্য চিত্র পাবেন বলে আমার দৃঢ় প্রত্যাশা।

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার

# সূচিপত্র


তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ........................................................................ ৯

তথ্য অধিদফতর ........................................................................ ২৯

গণযোগাযোগ অধিদপ্তর ........................................................................ ৩৭

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ........................................................................ ৫১

বাংলাদেশ টেলিভিশন ........................................................................ ৬৭

বাংলাদেশ বেতার ........................................................................ ৭৫

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ........................................................................ ৮৫

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড ........................................................................ ৯৩

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ........................................................................ ১০১

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ ........................................................................ ১০৫

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট ........................................................ ১১৫

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন ........................................................................ ১১৯

তথ্য কমিশন ........................................................................ ১২৩

বাংলাদেশ প্রেস কাউন্সিল ........................................................................ ১৩১

বাংলাদেশ সংবাদ সংস্থা ........................................................................ ১৩৭

বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট ........................................................................ ১৪১

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

# রূপকল্প ও অভিলক্ষ্য

**পটভূমি:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সরকারের একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়। স্বাধীনতা-পূর্ব প্রাদেশিক সরকারের নীতি ও বিভিন্ন কর্মসূচি সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য 'তথ্য বিভাগ' নামে একটি দপ্তর গঠন করা হয়। তৎকালীন ১৯টি জেলা তথ্য কর্মকর্তার মাধ্যমে এ বিভাগের কার্যক্রম পরিচালিত হতো। স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালে 'তথ্য ও বেতার মন্ত্রণালয়' নামে একটি পূর্ণাঙ্গ মন্ত্রণালয় গঠন করা হয়। পরবর্তীকালে সকল দায়িত্ব অক্ষুণ্ন রেখে মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে 'তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়' করা হয়।

- রাষ্ট্রীয় বিভিন্ন তথ্য প্রদানের ক্ষেত্রে সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধন হিসেবে ভূমিকা পালন।
- সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম, বিভিন্ন বিষয়ে গৃহীত নীতি জনগণকে জানানো এবং উন্নয়নের স্রোতধারায় জনগণের অংশগ্রহণ করতে নানাবিধ প্রচারণা ও উদ্দীপনামূলক কার্যক্রম গ্রহণ।
- ইলেকট্রনিক, প্রিন্ট মিডিয়া এবং আন্তঃব্যক্তিক যোগাযোগ মাধ্যমে (গণযোগাযোগ অধিদপ্তর) দেশের গুরুত্বপূর্ণ নীতি, স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা কার্যক্রম এবং চলমান ঘটনা ও পরিস্থিতি সম্পর্কে জনগণকে অবহিত করা।
- গণমাধ্যম সংশ্লিষ্ট নীতি প্রণয়ন ও বাস্তবায়ন, বিভিন্ন নির্দেশনা প্রদান, সংবাদপত্র ও প্রকাশনা সম্পর্কিত বিষয়সমূহ তদারকি।
- চলচ্চিত্র নির্মাণে অবকাঠামোগত সুবিধাসহ অন্যান্য সুবিধা প্রদান।
- জাতীয় সংস্কৃতি, ইতিহাস এবং ঐতিহ্য সম্পর্কিত চলচ্চিত্র এবং ভিডিও ও অন্যান্য ডকুমেন্ট সংরক্ষণ, ইত্যাদি কার্যক্রম সম্পাদন করা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অন্যতম দায়িত্ব।

**রূপকল্প:**

গতিশীল, অংশগ্রহণমূলক ও স্বচ্ছ তথ্যপ্রবাহ ব্যবস্থাপনা।

**অভিলক্ষ্য:**

সরকারি ও বেসরকারি গণমাধ্যম প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী করার মাধ্যমে অবাধ ও অংশগ্রহণমূলক তথ্যের প্রবাহধারায় জনগণকে সম্পৃক্ত, অবহিত, সচেতন ও উদ্বুদ্ধকরণ এবং জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণ।

# তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা: ১৫ টি

**২০২১-২০২২ অর্থবছরের বিভিন্ন কার্যক্রম**

মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থা/ সংযুক্ত অফিসসমূহের জনবল বিন্যাস

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ১৯৫ | ১৪৯ | ৪৬ | ১৪ |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭২৩ | ৪৭৭৫ | ২৯৬৮ | ৪৯৪ |
| মোট = | ৭৯১৮ | ৪৯০৪ | ৩০১৪ | ৫০৮ |

অধিদপ্তর/সংস্থা/ সংযুক্ত অফিসসমূহের শূন্য পদের বিন্যাস

| যুগ্মসচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| - | - | ৭৫১ | ২৪৭ | ১৩৯৮ | ৬১৮ | ৩০১৪ |

নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদে | | | নতুন নিয়োগ প্রদান | | |
|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট |
| ৫৯ | ২৮৪ | ৩৮৪ | ২৩ | ৫৪ | ৭৭ |

ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ | সচিব |
|---|---|---|---|
| মোট দিনের সংখ্যা | ৯২ দিন | স্পেশাল অ্যাসিস্ট্যান্ট | ২২ দিন |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ০ | - | |

ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল অ্যাসিস্ট্যান্ট | সচিব |
|---|---|---|---|
| ৭৯ দিন | ৪১ দিন | | ৩৮ দিন |

উপর্যুক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: ২টি।

# অডিট আপত্তি

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম | অডিট আপত্তি (বৃদ্ধিসহ) | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (হাজার টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (হাজার টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (হাজার টাকায়) |
| ১. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ২ | ৬,৬৫ | ১৪ | ১ | ৩২,৩৮ | ১৬ | ৬০,৯৪,৫৮ |
| ২ | তথ্য কমিশন | ২ | ২,৯৭ | ৭ | ০ | ০ | ২০ | ৯৫,৯৫ |
| ৩. | তথ্য অধিদপ্তর | ১১ | ১৮,৮৪ | ০ | ৪ | ৫,৩৬ | ১৯ | ৭০,৩৬ |
| ৪. | বাংলাদেশ টেলিভিশন | ২৩ | ২১,০০,৩৮ | ৩০ | ২৫ | ১,৬৯,২১ | ১০৪ | ১০০,৫০,৫২ |
| ৫. | বাংলাদেশ বেতার | ৫৫ | ১০,২৯,৯২ | ১০৩ | ৫৭ | ২৭,০৯,৩৪ | ১২৫ | ১৪৬,২৫,১৭ |
| ৬. | গণযোগাযোগ অধিদপ্তর | ১১ | ৯,১৫,১২ | ১৯ | ০৩ | ৪০,৭৪ | ৩৫ | ৬০,৯৬,০৯ |
| ৭. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | ৪৩ | ৮,১৬,৬৭ | ২১ | ০৮ | ৩,০৭,৩৮ | ৬০ | ১০,৬২,৬৭ |
| ৮. | বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | ৫৭ | ৫০,৬৯,৭৫ | ১৯ | ১ | ৫৩ | ৭৩ | ১৭৪,৫৬,৪০ |
| ৯. | বাংলাদেশ সংবাদ সংস্থা | ৪৪ | ৯,৯২,৭১ | ১২ | ৮ | ১,১৯,৪৬ | ৪৩ | ১০,০১,৮০ |
| ১০. | প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ | ১৩ | ৪২,৪৮ | ১৬ | ৯ | ১২,৭৩ | ১২ | ৪৫,৩০ |
| ১১. | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | - | - | - | - | - | - | - |
| ১২. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | ৫ | ২৫,১৬ | ৬ | ১ | ১,৪৯ | ১৩ | ৮৩,২৪ |
| ১৩. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | ০ | ০ | ১৪ | ১২ | ১,১০,২২ | ২ | ২০,১৭ |
| ১৪. | বাংলাদেশ প্রেস কাউন্সিল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১৫. | বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটউট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১৬. | বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট | ০ | ০ | ৩ | ৩ | ২২,০০ | ১ | ৪৯ |
| | **সর্বমোট =** | **২৬৬** | **১১০,২০,৮৫** | **২৮৪** | **১৩৪** | **৩৫,৯০,৯৬** | **৫৩৮** | **৫৬৯,৩৪,৯২** |

## শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | **অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা** |
|---|---|---|---|---|---|
| | **চাকরিচ্যুতি/ বরখাস্ত** | **অব্যাহতি** | **অন্যান্য দণ্ড** | **মোট** | |
| ৩৪ | - | ১ | ৬ | ২ | ২৭ |

সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ - এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিস্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | - | ১১৭ | ১৪ |

## মানবসম্পদ উন্নয়ন

**দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ**

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৩৭১ | ৬৩৪১ |

**ইনহাউজ প্রশিক্ষণ**

তথ্য সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় সর্বমোট ৪২৮৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রতিবেদনাধীন বছরে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১ জন।

**সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১৯৬ | ৬১৭৫ |

**তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে LAN সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/সংস্থাসমূহে WAN সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| ১১২৫টি | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ১৫টি দপ্তর/অধিদপ্তর/সংস্থার কম্পিউটারে ইন্টারনেট সুবিধা আছে | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ১৫টি কম্পিউটারে LAN সুবিধা আছে | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ৫টি দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কম্পিউটারে WAN সুবিধা আছে | ৭২৬ জন | ৭০২ জন |




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ তথ্য ভবন মিলনায়তনে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনাসভা ও চলচ্চিত্র প্রদর্শনীতে প্রধান অতিথির বক্তৃতা করেন, ১লা নভেম্বর ২০২১*

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কার্যাবলি

### (ক) চলচ্চিত্র সংক্রান্ত তথ্য

➢ চলচ্চিত্র মাধ্যমের সাথে সম্পৃক্ত অভিনেতা, অভিনেত্রী, শিল্পী ও কলাকুশলীদের সৃজনশীলতা ও অভিনয় শৈলীকে স্বীকৃতি প্রদান ও উৎসাহিত করার জন্য ২০২০ সালের চলচ্চিত্র পুরস্কারের জন্য ২৭ ক্যাটাগরিতে মোট ৩২ জনকে নির্বাচিত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী পুরস্কারের জন্য নির্বাচিত শিল্পী ও কলাকুশলীদের মাঝে গণভবন থেকে ২৩শে মার্চ ২০২২ তারিখে ভার্চুয়ালি উপস্থিত থেকে জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২০ প্রদান করেন।

### (খ) অন্যান্য

➢ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন ওয়াশিংটন ডি.সি ও কলকাতা প্রেস উইং-এ ২ জন কর্মকর্তা নিয়োগ করা হয়।

➢ ওয়াশিংটন, লন্ডন, নয়াদিল্লী প্রেস উইং-এ ৩ জন ব্যক্তিগত কর্মকর্তা নিয়োগ করা হয়।

➢ প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়।

➢ The Press Council Act, 1974 যুগোপযোগী করে সংশোধনের উদ্যোগ নেয়ওা হয়েছে।

➢ তথ্য কমিশনের পদসৃজনের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে।

➢ তথ্য অধিকার বিষয়ে ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

➢ বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডারের ১ জন কর্মকর্তাকে ৪র্থ গ্রেডে ৭ জন কর্মকর্তাকে ৫ম গ্রেডে এবং ১৯ জন কর্মকর্তাকে ৬ষ্ঠ গ্রেডে পদোন্নতি প্রদান করা হয়েছে।

➢ বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডারের ৪ জন কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা জারি করা হয়েছে এবং ১টি মামলা নিষ্পত্তি হয়েছে।




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্মুদ শিল্পকলা একাডেমিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে স্বাধীনতাযুদ্ধ চলাকালীন ধারণকৃত দুর্লভ ছবিসমূহের প্রদর্শনী 'পোর্টফোলিও'র মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন, ২৫শে নভেম্বর ২০২১*




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্মুদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'চিরঞ্জীব মুজিব'-এর টিজার উদ্বোধন করেন, ১৮ই অক্টোবর ২০২১*

## (গ) সম্প্রচার সংক্রান্ত তথ্য

- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বিভিন্ন অনুষ্ঠান বিটিভি, বাংলাদেশ বেতার ও সকল বেসরকারি টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হয়েছে;
- সানশাইন টেলিভিশিন লি. (চ্যানেল এস) নামক ১টি স্যাটেলাইট টিভি চ্যানেলের অনুমোদন প্রদান করা হয়েছে এবং ১৪টি আইপি টিভির অনুমোদন দেওয়া হয়েছে;
- বাংলাদেশ টেলিভিশন ও বেসরকারি টিভি চ্যানেলে কোভিড-১৯ সংক্রান্ত জনসচেতনতামূলক ও দৈনন্দিন তথ্যসহ বিভিন্ন ধরনের প্রচারণা চালানো হয়েছে;
- প্রধানমন্ত্রীর '১০টি বিশেষ উদ্যোগ' ব্র্যান্ডিং করার উদ্দেশ্যে বিটিভিতে এবং বেসরকারি টিভি চ্যানেলগুলোতে ব্যাপক প্রচারণার উদ্যোগে নেওয়া হয়েছে;
- বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লি. (বিএসসিএল) কর্তৃক 'টেলিভিশন রেটিং পয়েন্ট' (টিআরপি) সেবা প্রদানের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে নীতিগত সম্মতি প্রদান করা হয়েছে;
- সামাজিক যোগাযোগ মাধ্যম এবং ওটিটি (ওভার দ্যা টপ) প্লাটফর্ম ব্যবহার করে বিজ্ঞাপনসহ বিভিন্ন কন্টেন্ট প্রদর্শনের বিষয়ে ওটিটি  নীতিমালা চূড়ান্তপূর্বক আদালতে দাখিল করা হয়েছে;
- বিটিভি ও বেসরকারি টিভি চ্যানেলে জঙ্গিবাদ, মানব পাচার,ভেজালবিরোধী, মাদক পাচার, ধুমপান নিরোধ/সতর্কীকরণ, ডেঙ্গু প্রতিরোধও অন্যান্য স্বাস্থ্য সুরক্ষার নানা দিক সংক্রান্ত ব্যাপক প্রচারণার ব্যবস্থা নেওয়া হয়েছে।
- মুজিববর্ষ উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়েছে;
- বৃহত্তর চট্টগ্রামের ৩ পার্বত্য জেলাসহ অন্যান্য জেলার সাংস্কৃতিক অনুষ্ঠান ধারণ ও প্রচার করা হচ্ছে এবং চট্টগ্রামের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;
- SDG-এর ১৭টি লক্ষ্যমাত্রার বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণের নিমিত্তে জনসচেতনতামূলক অনুষ্ঠান ও স্পট/ফিলার প্রচার করা হচ্ছে;
- মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- সরকারের বিভিন্ন উন্নয়মূলক অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বিশেষ দিবস ও আন্তর্জাতিক দিবসসমূহের অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বার্তা শাখায় ইন্টারনেট সংযোগ এবং ই-মেইল ব্যবহার শুরু হয়েছে। এর ফলে সংবাদদাতাদের পাঠানো সংবাদ ও ভিডিও ফুটেজ দ্রুত সময়ে পাওয়া যাচ্ছে ও চট্টগ্রাম কেন্দ্র থেকে ঢাকা কেন্দ্রের বার্তা শাখায় দ্রুত সময়ে ভিডিও ফুটেজ ও সংবাদ এফটিপিতে প্রেরণ এবং এর প্রেক্ষিতে দৈনন্দিন সংবাদ আদান প্রদানে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে;
- চট্টগ্রাম অঞ্চলে ঘটে যাওয়া উল্লেখযোগ্য সংবাদ নিয়ে সংবাদ ভিত্তিক অনুষ্ঠান– এ সপ্তাহের চট্টগ্রাম, বন্দর   থেকে খাতুনগঞ্জ, বিশ্বে ঘটে যাওয়া বিভিন্ন বিষয় নিয়ে অনুষ্ঠান– সপ্তাহ জুড়ে বিশ্ব প্রচারসহ ব্রেকিং নিউজ শিরোনামে ম্যাগাজিন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

## (ঘ) বেতার সংক্রান্ত তথ্য

- ২৮টি বেসরকারি মালিকানায় পরিচালিত এফ.এম রেডিও/কমিউনিটি রেডিও'র লাইসেন্স নবায়ন করা হয়েছে;
- ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল বিভাগের মোট ৮৪জন কর্মকর্তাকে বিভিন্ন গ্রেডে (২য়, ৩য়, ৪র্থ ৫ম ও ৬ষ্ঠ) পদোন্নতি প্রদান করা হয়েছে।




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ হোটেল ইন্টারকন্টিনেন্টালে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে দেশের বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেলসমূহের সম্প্রচার শুরুর দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতা করেন। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার এসময় উপস্থিত ছিলেন, ৭ই অক্টোবর ২০২১*

## (ঙ) প্রকল্প সংক্রান্ত তথ্য

প্রতিবেদনাধীন অর্থবছরে ৪টি প্রকল্প সমাপ্ত হয়েছে

| ক্রমিক | প্রকল্পের নাম | ব্যয়িত অর্থের পরিমাণ |
|---|---|---|
| (ক) | বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন (১ম সংশোধিত) | ৭৩.০৯৯৯ কোটি |
| (খ) | গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ (১ম সংশোধিত) | ১০৩.২০৫১ কোটি |
| (গ) | শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়) | ১৩৪.৮৭৮১ কোটি |
| (ঘ) | তথ্য কমিশন ভবন নির্মাণ | ৭১.৬৭০৮ কোটি |

- ➢ এছাড়া, ২৩৩.৫৯ কোটি টাকার বিপরীতে ১৬টি প্রকল্প চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের উল্লেখযোগ্য প্রকল্পসমূহ নিম্নরূপ:
- ➢ 'গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি ১০৭.৩৬ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নের কার্যক্রম জুন/২০২২ সালে শেষ হয়েছে। প্রকল্পের আওতায় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের প্রচারণা কার্যক্রম পরিচালিত হয়েছে। এছাড়াও ১১০৩.৬৫৮৬ কোটি টাকা ব্যয়ে 'জেলা পর্যায়ে আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়)' শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ রাজধানীর গুলিস্তানে শেখ রাসেল স্কেটিং কমপ্লেক্স - এ শেখ রাসেল দিবস উপলক্ষে আলোচনা ও শিশু-কিশোরদের ক্রীড়া পুরস্কার অনুষ্ঠানে চিত্রাঙ্কন প্রতিযোগিতা প্রত্যক্ষ করেন, ৮ই অক্টোবর ২০২১)*

- ‘বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়) (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পটি ১১৮.৫০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।
- মোট ২৮০.২৬৮৩ কোটি টাকা ব্যয়ে বাংলাদেশ টেলিভিশনের ‘দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়) (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম চলমান

আছে। প্রকল্পের আওতায় ডিজিটাল সম্প্রচারের নিমিত্ত ১৬টি কেন্দ্রের জন্য ডিজিটাল ট্রান্সমিটারসহ অন্যান্য সরঞ্জাম সংগ্রহ করা হচ্ছে।

- এফডিসি'র সক্ষমতা ও অবকাঠামো বৃদ্ধির লক্ষ্যে ৩২২.৭৮ কোটি টাকা ব্যয়ে বহুমুখী সুবিধা সংবলিত 'বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ' শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।
- বাংলাদেশ সংবাদ সংস্থার সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩৬.৫০ কোটি টাকা ব্যয়ে 'অডিও-ভিজ্যুয়াল সংবাদ প্রবর্তন এবং অডিও ভিজ্যুয়াল সংবাদ তৈরিতে বাসস'র সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।
- আধুনিক সুবিধা সংবলিত 'তথ্য কমিশন ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পটির কার্যক্রম ৭৫.০৫ কোটি টাকা ব্যয়ে জুন/২০২২ সালে শেষ হয়েছে।
- চীনের আর্থিক সহায়তায় খুলনা, রাজশাহী, রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ মোট ৬টি বিভাগীয় শহরে বিটিভি'র পূর্ণাঙ্গ স্টেশন নির্মাণের জন্য ১,৩৯১ কোটি টাকার একটি প্রকল্প একনেক সভায় অনুমোদিত হয়েছে।
- 'শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)' প্রকল্পটি ১৩৯.৬২ কোটি টাকা ব্যয়ে ইউনিসেফের সহায়তায় জুলাই/২০১৭ থেকে জুন/২০২২ সালে শেষ হয়েছে। ইউনিসেফের সহায়তায় প্রকল্পের নতুন একটি পর্যায় গ্রহণ করা হয়েছে।
- রাষ্ট্র ও জনস্বার্থবিরোধী গুজব ও অপপ্রচার শনাক্তকরণ এবং তা প্রতিরোধে সঠিক তথ্যভিত্তিক কন্টেন্ট প্রস্তুতকরণের লক্ষ্যে তথ্য অধিদফতর কর্তৃক ৪৮১৭.৩৯ লক্ষ টাকা ব্যয়ে গণমাধ্যমের সাথে সমন্বয় ও উন্নত সেবা প্রদান (Better Service and Coordination of the Media) শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।
- মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কিত অডিও ভিজ্যুয়াল দলিলাদি সংগ্রহ, আধুনিক ফিল্ম মিউজিয়াম স্থাপন সংক্রান্ত কাজের জন্য ৬২৬৭.৯০ লক্ষ টাকা ব্যয়ে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক 'দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক একটি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের উল্লেখযোগ্য কার্যাবলি

### বাংলাদেশ টেলিভিশন

- বাংলাদেশ টেলিভিশন দেশের একমাত্র সরকারি জাতীয় গণমাধ্যম। সব শ্রেণির মানুষের চাহিদার উপর ভিত্তি করে বিটিভি তার প্রচার কার্যক্রম পরিচালনা করে থাকে। নিজস্ব শিক্ষা, কৃষ্টি কালচার, স্বাস্থ্য, ভাষা, মুক্তিযুদ্ধের চেতনাকে উপজীব্য করে বাঙালির গৌরবময় ইতিহাস ও সংস্কৃতিকে ধারণ ও লালন করে সব ধরনের অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়ে থাকে ।
- পদ্মা সেতু উদ্বোধন সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। এ সেতুর উদ্বোধণী অনুষ্ঠানসহ বিভিন্ন অনুষ্ঠান প্রচার করেছে যা এখনও অব্যাহত রয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আমাদের বঙ্গবন্ধু, আমার বঙ্গবন্ধু, সোনার বাংলা বিনির্মাণে বঙ্গবন্ধুর অসমাপ্ত যাত্রা, টাইম লাইন স্টোরি এবং বঙ্গবন্ধু প্রতিদিন নিয়মিতভাবে প্রচার করা হয়েছে।




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্মুদ সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম আয়োজিত 'বিএসআরএফ সংলাপ'-এ বক্তৃতা করেন। প্রধান তথ্য অফিসার মোঃ শাহেনুর মিয়া এসময় উপস্থিত ছিলেন, ৬ই অক্টোবর ২০২১*

- ➢ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে বীরত্বগাঁথা, মহান মুক্তিযোদ্ধাদের প্রত্যক্ষদর্শীদের স্মৃতি কথা, মহান মুক্তিযুদ্ধের স্মৃতি ভাস্কর্য, বীরঙ্গনাদের স্মৃতি কথা, নৃশংসতা, ধর্মীয় প্রতিষ্ঠানে হামলা, গণহত্যা, ধ্বংসযজ্ঞ এবং মহান মুক্তিযুদ্ধ সংশ্লিষ্ট বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হয়েছে ।
- ➢ মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ভিত্তিক অনুষ্ঠান  চলমান বৈশ্বিক মহামারি কোভিড-১৯ সুরক্ষায় সমসাময়িক বিষয়ভিত্তিক অনুষ্ঠান প্রচার চলমান রয়েছে।
- ➢ দেশের আপামর জনসাধারণকে কোভিড-১৯ সহ সাধারণ স্বাস্থ্য সচেতনতা, পরিবেশ সুরক্ষা, আত্ম কর্মসংস্থান, দরিদ্র বিমোচন ও ডিজিটাল বাংলাদেশ গড়া, যৌতুক বিরোধী জাতীয় কার্যক্রম, অটিজম ও স্নায়ু বিকাশ জনিত সমস্যাসহ বিভিন্ন সামাজিক, জলবায়ু পরিবর্তন ইত্যাদি বিষয়ে জনগণকে সচেতন করে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতায় বাংলাদেশ টেলিভিশনে সব সময় বিভিন্ন অনুষ্ঠান, স্পট/ফিলার সহ বিভিন্ন ডকুমেন্টারি প্রচার করা হয়ে থাকে।
- ➢ বর্তমানে ঢাকা কেন্দ্রের সম্প্রচার প্রতিদিন সকাল ৭.০০ থেকে রাত ১২.৩০ মিনিট পর্যন্ত বিরতিহীন ভাবে চলে। বিভিন্ন জাতীয় ও বিশেষ দিবসগুলোতে অধিবেশন সম্প্রচার সময় সূচির পরিবর্তন/পরিবর্ধন হয়ে থাকে। তাছাড়া বিভিন্ন প্রকার খেলাধুলা, অলিম্পিক গেমস এর সরাসরি সম্প্রচার এবং পবিত্র রমজান মাসে বিশেষ অধিবেশন সম্প্রচার করা হচ্ছে।
- ➢ বর্তমানে প্রচারিত জনপ্রিয় অনুষ্ঠানগুলো ছাড়াও বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভ থেকে জনপ্রিয় অনুষ্ঠানগুলো বিটিভির সোশ্যাল মিডিয়া উইং এর ইউটিউব চ্যানেল btv smw1 এ প্রচার করা হচ্ছে।
- ➢ বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠান, বার্তা, উন্নয়নমূলক অনুষ্ঠান, ম্যাগাজিন অনুষ্ঠান, প্যাকেজ অনুষ্ঠান, দেশি ও বিদেশি চলচ্চিত্র, জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও স্লোগান এবং

বিজ্ঞাপনসহ নিজস্ব প্রযোজিত অনুষ্ঠান এবং প্যাকেজের আওতায় ১৯টি ক্যাটাগরিতে মোট ৬৪৫৮ ঘন্টা ৩৭ মিনিট প্রচারিত হয়েছে।


## বাংলাদেশ বেতার

- মুক্তিযুদ্ধের ইতিহাস এবং বাঙালির স্বাধিকার প্রতিষ্ঠায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবন সংগ্রাম ও অবদান সংক্রান্ত সংবাদ অত্যন্ত গুরুত্বসহকারে বুলেটিনে প্রচার।
- জাতির পিতার জন্মবার্ষিকী ও স্বাধীনতা দিবস উপলক্ষে সকল অনুষ্ঠানের সংবাদ গুরুত্ব সহকারে প্রচার করা হয়।
- স্বাধীনতার মাস উত্তাল মার্চ ও বিজয়ের মাস ডিসেম্বরে স্বাধীনতা সংগ্রামে জাতির পিতার অবদান নিয়ে মাসব্যাপী বিশেষ প্রতিবেদন প্রচার।
- শোকের মাস আগস্টে বঙ্গবন্ধুকে নিয়ে সাক্ষাৎকার ভিত্তিক প্রতিবেদন প্রচার।
- মেট্রোরেল, কর্ণফুলি টানেলসহ বিভিন্ন মেগা প্রজেক্টের বাস্তবায়ন অগ্রগতি বিশেষ প্রতিবেদন আকারে প্রচার।



*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্মুদের সাথে মন্ত্রণালয়ের সভাকক্ষে অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স (এটকো)'র প্রতিনিধিবৃন্দ বৈঠক করেন। ৪ঠা অক্টোবর ২০২১*

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে বিস্তারিত প্রতিবেদন প্রচার।
- মন্ত্রিপরিষদ বৈঠক ও একনেক বৈঠক নিয়ে নিয়মিত সংবাদ ও রিপোর্টিং প্রচার।
- বহুল প্রত্যাশিত স্বপ্নের পদ্মা সেতুর উদ্বোধন ও এর বিপুল অর্থনৈতিক সম্ভাবনা এবং দেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থার অভাবনীয় অগ্রগতি নিয়ে মাসব্যাপী নিয়মিত প্রতিবেদন প্রচার করা হয়।
- দারিদ্র্য বিমোচন ও জনসংখ্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ সংক্রান্ত রিপোর্টিং গুরুত্বসহকারে সংবাদ বুলেটিনে প্রচার।



*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষে কবি ও সাংবাদিক সৌমিত্র দেব সম্পাদিত ‘উন্নয়নে উজ্জীবনে শেখ হাসিনা’ গ্রন্থের মোড়ক উন্মোচন করেন, ৩০শে সেপ্টেম্বর ২০২১*

- প্রধানমন্ত্রীর কার্যালয় ও অন্যান্য মন্ত্রণালয়ের দৈনন্দিন কর্মসূচি নিয়ে সংবাদে নিয়মিত প্রচার করা হয়। পাশাপাশি জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো গুরুত্বসহকারে সংবাদে অন্তর্ভুক্ত করা হয়।
- জাতীয় গুরুত্বপূর্ণ ঘটনার পাশাপাশি বৈশ্বিক ঘটনাবলির সর্বশেষ পরিস্থিতি নিয়মিত সংবাদে প্রচার।

**তথ্য অধিদফতর**

- ২০২১-২০২২ অর্থবছরে ৫,৭১১টি তথ্যবিবরণী, ৪,৭৪১টি অনুষ্ঠানের ফটোকাভারেজ, ৪৮টি প্রেস ব্রিফ, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং এবং সরকারের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে ১৫০টি ফিচার/নিবন্ধ ও ৭টি ক্রোড়পত্র বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত হয়েছে।
- সাংবাদিকদের জন্য ১৫১টি অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু ও ১,৫০৫টি অ্যাক্রিডিটেশন কার্ড নবায়ন করা হয়েছে। এছাড়া, ৩৫৪টি নিউজব্রিফ, বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রায় ১৮,৫৯৮টি ক্লিপিংসের প্যাকেট/বাঞ্চ রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর কার্যালয় ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসহ মোট ৫৫টি অফিসে প্রেরণ করা হয়েছে।
- নিউজ পোর্টাল/টিভি/রেডিও-এর ডাটাবেজ সম্পাদন এবং রেজিস্ট্রেশনের জন্য তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ: অনলাইন নিউজ পোর্টাল ৫৯৮টি, অনলাইন আইপি টিভি ২৭০টি, অনলাইন রেডিও ২৯টি। এছাড়া প্রশাসনিক কার্যক্রম/যোগাযোগ হিসেবে ১৩,৩৫৬টি পত্র যোগাযোগ করা হয়েছে।

**গণযোগাযোগ অধিদপ্তর**

- ৬৮ তথ্য অফিসের মাধ্যমে সরকারের সাফল্য ও উন্নয়ন ভাবনা বিষয়ে চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন, সড়ক প্রচার, মহিলা সমাবেশ, উন্মুক্ত বৈঠকসহ বিভিন্ন প্রচার কার্যক্রম বাস্তবায়ন করছে।

বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে ‘এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি’, উন্মুক্ত বৈঠক, আলোচনাসভা, প্রেস ব্রিফিং অনুষ্ঠানের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সংগ্রাম, সরকারের সাফল্য ও উন্নয়ন কার্যক্রম ইত্যাদি বিষয় তুলে ধরা হয়েছে।

- মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর রচিত সংগীত ৬৮ তথ্য অফিস কর্তৃক ভ্রাম্যমাণ সংগীত দলের মাধ্যমে জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে প্রচার করা হয়েছে। এছাড়া উক্ত বিষয়ে রেকর্ডকৃত সংগীত এবং মুজিববর্ষের ‘থিম সং’ প্রচার ভ্যানের মাধ্যমে সারাদেশে প্রচার করা হয়েছে
- করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন ও উদ্বুদ্ধ করতে দেশব্যাপী ব্যাপক মাইকিং/সড়ক প্রচার কার্যক্রম ছাড়াও জেলা তথ্য অফিস সমূহের ফেসবুক, ইউটিউবসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতনতামূলক বার্তা/স্থির চিত্র/ ভিডিও নিয়মিত প্রচার করছে। এছাড়াও জনস্বাস্থ্য বিষয়ক জরুরি বার্তা সংবলিত পিভিসি ডিসপ্লে বোর্ড ও ফেস্টুন স্থাপন/প্রদর্শন করেছে।
- প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন ও আলোচনাসভা, আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান, সড়ক প্রচার ও প্রেসব্রিফিং এবং সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা সারাদেশে বাস্তবায়ন করা হয়েছে।
- পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে সারাদেশে সড়ক প্রচার, সংগীতানুষ্ঠান, চলচ্চিত্র প্রদর্শন এবং পিভিসি ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে । দেশের প্রত্যন্ত অঞ্চলে বিষয়ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন ও লোকসংগীত পরিবেশনের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধকরণ করা হয়েছে। জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে জনগণকে অবহিত করতে মাইকিং-এর মাধ্যমে সুনির্দিষ্ট কথামালা ও স্লোগান প্রচার করা হয়েছে।
- গুজব ও অপপ্রচার প্রতিরোধ, সাম্প্রদায়িকতা প্রতিরোধ, জঙ্গিবাদ ও ধ্বংসাত্মক রাজনীতি বিষয়ে বিলবোর্ড স্থাপন, ফেস্টুন প্রদর্শন, সড়ক প্রচার, আলোচনা ও মহিলা সভার মাধ্যমে সারাদেশব্যাপী জনগণকে সচেতন করেছে গণযোগাযোগ অধিদপ্তর।

**চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর**

- নিয়মিত প্রকাশনার আওতায় মাসিক সচিত্র বাংলাদেশ ১,২০,০০০ কপি, মাসিক নবারুণ ১,৩৫,০০০ কপি, বাংলাদেশ কোয়ার্টালি-১২,০০০ কপি মুদ্রণ করা হয়েছে। এ ছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষে সচিত্র বাংলাদেশ বিশেষ সংখ্যা ১০ (দশ) হাজার কপি মুদ্রণ করা হয়েছে।
- অ্যাডহক প্রকাশনার আওতায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা-২১০০,বাংলাদেশের পর্যটন (বাংলা ও ইংরেজি) ও উন্নয়নের এক যুগ শীর্ষক সর্বমোট ৮৫০০ কপি পুস্তক মুদ্রণ করা হয়েছে ।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর দাপ্তরিক পোর্ট্রেট পুর্নমুদ্রণ করা হয়েছে। এছাড়া ৮ই আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এর ৯১তম জন্মবার্ষিকী-২০২১, ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস-২০২১ সহ মোট ৯টি দিবসে পোস্টার মুদ্রণ ও বিতরণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশের বিভিন্ন ঐতিহাসিক স্থান, পর্যটন, দর্শনীয় স্থান, ঐতিহ্য ইত্যাদি বিষয়ে ‘মিট বাংলাদেশ’ শীর্ষক ৫০ হাজার কপি পোস্টার মুদ্রণ করা হয়েছে।



*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সাথে সমসাময়িক বিষয়ে মতবিনিময় করেন, ৩০শে সেপ্টেম্বর ২০২১*

- ➢ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের 'জাতীয়  পতাকা বিধি' শীর্ষক ১ লক্ষ কপি ফোল্ডিং লিফলেট মুদ্রণ করা হয়েছে।
- ➢ মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্রান্ডিং বিষয়ে ৬ হাজার কপি দেয়াল ক্যালেন্ডার মুদ্রণ করা হয়েছে।

## জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

- ➢ Necessity & Scope for Expansion of NIMC Training at Divisional Levels in Bangladesh: Chattogram, Rajshahi & Khulna Ges Exploring the strategy of Mass Media to Prevent Violence Against Women in Bangladesh শীর্ষক ২টি গবেষেণা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
- ➢ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জার্নাল (৫ম বর্ষ, ৫ম সংখ্যা) এবং (৫ম বর্ষ, ৬ষ্ঠ সংখ্যা) প্রকাশ করা হয়েছে।
- ➢ ১৬টি প্রশিক্ষণের অনুকূলে ১৮৪জন পুরুষ ও  ১০৭ জন মহিলাসহ মোট ২৯১ জন প্রশিক্ষণার্থীকে, ৩৭টি ইন-হাউজ প্রশিক্ষণের অনুকূলে ৮৮০ জন পুরুষ ও ১৯২ জন মহিলাসহ মোট ১০৭২ জন প্রশিক্ষণার্থীকে, ৮৭ টি সেমিনার/ওয়ার্কশপের অনুকূলে ২,২২৩ জন পুরুষ ও ৫৮৪ জন মহিলাসহ মোট ২,৮০৭ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## বাংলাদেশ প্রেস কাউন্সিল

- ➢ প্রতিবেদনাধীন বছরের ৪ঠা সেপ্টেম্বর ২০২১ তারিখে তথ্য ভবন অডিটোরিয়ামে সংবাদপত্র /সাংবাদিকদের মাঝে বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক ২০২১ প্রদান করা হয়। একই সাথে স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপলক্ষে 'বঙ্গবন্ধু ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী' শীর্ষক সেমিনার আয়োজন করা হয়।



*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মিডিয়া প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটির ৮ম সভায় সভাপতিত্ব করেন , ১৬ই সেপ্টেম্বর ২০২১*

- ১৪ই ফেব্রুয়ারি, ২০২২ তারিখে বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিল মিলনায়তনে গণমাধ্যমের সাংবাদিকদের উপস্থিতিতে একটি শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান আয়োজন করা হয়।
- ১৭ই মার্চ, ২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিলের দাপ্তরিক কার্যালয়ে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করা হয়।
- ৩-৮ই মে, ২০২২ ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন অব প্রেস কাউন্সিলস-এর আমন্ত্রণে বার্ষিক কনফারেন্সে বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মো. নিজামুল হক নাসিমের নেতৃত্বে ২ সদস্যের একটি প্রতিনিধি দল যোগদান করেন।
- প্রতিবেদনাধীন বছরে ৫টি পূর্ণ কাউন্সিল অধিবেশনে সাংবাদিকদের অনলাইন ডাটাবেইস তৈরির নীতিমালা প্রণয়ন ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। জুডিশিয়াল কমিটির ৪৭টি সভা অনুষ্ঠিত হয় এবং এতে ৩ টি জুডিশিয়াল মামলা নিষ্পত্তি করা হয়। পাশাপাশি প্রেস অ্যাপিলেট বোর্ডের ১২টি সভায় ২টি আপিল নিষ্পত্তি করা হয়।
- প্রতিবেদনাধীন বছরে প্রেস কাউন্সিলের উদ্যোগে গোপালগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, পটুয়াখালী, বরগুনা, ফরিদপুর, রাঙামাটি, রাজশাহী ও ঢাকা জেলায় সাংবাদিকদের অংশগ্রহণে ১২টি প্রশিক্ষণ কর্মশালা ও ৭টি সেমিনার ও মতবিনিময় সভার আয়োজন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় ৫৪৯ জন ও সেমিনার ও মতবিনিময় সভায় ২৮৯ জন সাংবাদিক অংশগ্রহণ করেন।

## বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

- ২০২০-২১ অর্থবছরে ১২০টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৩৪টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১৪টি প্রামাণ্য চলচ্চিত্র, ৩৯টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র এবং ৩৯টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার সেন্সর করা হয়েছে। সেন্সরকৃত চলচ্চিত্রগুলোর মধ্যে ১১২টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৩৪টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১৪টি প্রামাণ্য চলচ্চিত্র, ৩৯টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র এবং ৩৯টি বাংলা চলচ্চিত্রের ট্রেলারের অনুকূলে সেন্সর সনদপত্র জারি করা হয়েছে।
- বর্ণিত সময়ে ৬টি পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে সেন্সর আবেদনপত্র বাতিল ঘোষণা করা হয়।

- এছাড়াও এ সময়ে বিভিন্ন চলচ্চিত্র উৎসবের জন্য মোট ২৩৯টি চলচ্চিত্র পরীক্ষণপূর্বক বিশেষ সেন্সর সনদপত্র জারি করা হয়েছে।
- বর্ণিত সময়ে ২১৩টি পোস্টার/স্থিরচিত্রের আবেদনের পরিপ্রেক্ষিতে ৪৪২০৯৪৫টি পোস্টার/স্থিরচিত্রের অনুমোদন দেওয়া হয়েছে এবং ৪টি পোস্টার/স্থিরচিত্র বাতিল করা হয়েছে।

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

- ৯টি গবেষণাকর্ম সম্পাদন করা হয়েছে;
- ১টি জার্নাল ও ৫টি বই প্রকাশ করা হয়েছে;
- ১১টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে;
- ১২০টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, ২০৬টি ডিজিটাল ফরমেটের চলচ্চিত্র ৩৪৬টি তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র, ৬১৯টি বই, ৫০টি পোস্টার, ৯০টি চিত্রনাট্য, ১০টি ফটোসেট, ৫০টি ম্যাগাজিন, ১০৯৭টি পেপারকাটিং এবং ৩টি অন্যান্য সামগ্রী সংগ্রহ করা হয়েছে;
- ৮৯ সংরক্ষিত চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করা হয়েছে;
- সাপ্তাহিক এবং বিভিন্ন দিবস ও উৎসবে চলচ্চিত্র প্রদর্শনীর অংশ হিসেবে মোট ২৯২টি চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে;
- ১০৩৭টি চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র চেকিং ও ক্লিনিং করা হয়েছে।

## প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

- সংবাদপত্রের বঙ্গবন্ধু: চতুর্থ খণ্ড: ষাটের দশক ১৯৬৮; দৈনিক ইত্তেফাক ও সমকালীন রাজনীতি: ছয় দফা আন্দোলন; বাংলাদেশের গণমাধ্যমে প্রাকৃতিক দুর্যোগ: একটি সমীক্ষা; বাংলাদেশে পারিবারিক সহিংসতা ও প্রতিরোধ কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট গণমাধ্যমকর্মীর ধারণা বিশ্লেষণ; এবং বাংলাদেশে সাংবাদিকদের নিরাপত্তা ও সুরক্ষার বর্তমান চ্যালেঞ্জসমূহ: একটি পর্যালোচনা শীর্ষক ৫টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।
- শিশু ও নারী বিষয়ক ৫৩ টি ফিচার প্রকাশ করা হয়েছে । নিরীক্ষা ২৩১, ২৩২, ২৩৩, ২৩৪ ও ২৩৫তম তম সংখ্যা প্রকাশিত হয়েছে। এছাড়াও ৫টি গ্রন্থ প্রকাশিত হয়েছে, ৩টি গ্রন্থ পুণঃমুদ্রণ করা হয়েছে। বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রকাশিত হয়েছে এবং পিআইবির প্রকাশনা বিষয়ক বুকলেট নতুন বই প্রকাশিত হয়েছে।

## বাংলাদেশ সংবাদ সংস্থা

- প্রতিবেদনাধীন বছরে বাসস থেকে মোট ১,১৫,৭৬২ (এক লক্ষ পনের হাজার সাতশত বাষট্টি) সংখ্যক সংবাদ সংগ্রহ ও পরিবেশন করা হয়েছে, যা দেশের প্রধান জাতীয় দৈনিক এবং ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রকাশ/প্রচারের জন্য গ্রাহক গণমাধ্যমের নিকট সরবরাহ করা হয়েছে।
- ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন প্রকাশ: বাসস এবং এটুআই-এর যৌথ উদ্যোগে ডিজিটাল বাংলাদেশ উদ্যোগ বাস্তবায়ন বিষয়ক বাংলা ও ইংরেজিতে ১০০টি প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এই প্রতিবেদনের সংকলন হিসাবে বাংলা ও ইংরেজিতে ২টি বই প্রকাশ করা হয়েছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের ওপর বাসস থেকে বিভিন্ন সংবাদপত্রে ৩৮টি বিশেষ প্রতিবেদন প্রকাশ করা হয়েছে এবং এ বিষয়ে চট্টগ্রামে সাংবাদিক, সুধীজন ও সুবিধাভোগীদের সমন্বয়ে ১টি আলোচনাসভা করা হয়েছে।

- দেশের প্রত্যন্ত অঞ্চলে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের তথ্যাদি জনগণের সামনে তুলে ধরার লক্ষ্যে সংস্থার জেলা সংবাদাতাদের নিয়ে উন্নয়নমূলক সংবাদ তৈরির বিষয়ে একটি বিশেষ প্রশিক্ষণ/ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে।

## তথ্য কমিশন

- তথ্য অধিকার আইনের ৩০ ধারা অনুসারে তথ্য কমিশন বার্ষিক প্রতিবেদন ২০১৯ প্রকাশ করে রাষ্ট্রপতির নিকট পেশ করা হয়েছে।
- চলতি বছরে সালে ১০টি জেলা এবং ৬৯টি উপজেলায় ৪৬৩৫ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ এনজিও কর্মকর্তা, সাংবাদিক, পুলিশ কর্মকর্তা ও মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ১০টি জেলার ৭১টি উপজেলায় তথ্য অধিকার বিষয়ক জনঅবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

## বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে 'মুজিব: একটি জাতির রূপকার' শীর্ষক বায়োপিকের প্রথম টিজার পোস্টার ১৭ই মার্চ, ২০২২ তারিখে উন্মোচন করা হয়। বর্তমানে ভারতের মুম্বাইতে পোস্ট প্রোডাকশনের কাজ চলমান রয়েছে।

## বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিগ্রি ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি করা। এ লক্ষ্যে এ ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জনসেবা প্রদান করছে। এক্ষেত্রে, দেশে প্রশিক্ষিত জনবলের সংকট রয়েছে বিধায়, মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ তরুণ চলচ্চিত্র কর্মী ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাতা গড়ে তোলা এই প্রতিষ্ঠানের অন্যতম লক্ষ্য।

## বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট:

- ২০২১-২০২২ অর্থবছরে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট হতে প্রদত্ত কল্যাণ অনুদান হিসেবে ১০৫১ জন সাংবাদিককে সর্বমোট ৯ কোটি ৬৯ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট হতে করোনা পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ আর্থিক অনুদান হিসেবে ৩ কোটি ৬৩ লক্ষ ৪০ হাজার টাকা বিতরণ করা হয়েছে।

## প্রকল্প

উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য:

| প্রতিবেদনাধীন বছরের মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সংশোধিত এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| **১৬টি** | ২৩৩.৫৯ (দুইশত তেত্রিশ কোটি উনষাট লক্ষ) | ২২৭.১৩৮২ (দুইশত সাতাশ কোটি তেরো লক্ষ বিরাশি হাজার) ৯৭.২৩% | ১১টি |

প্রকল্পের অবস্থা

| মন্ত্রণালয় /বিভাগ | প্রতিবেদনাধীন অর্থবছরে মন্ত্রণালয়/ বিভাগের এডিপি রিভিউ সভার সংখ্যা | প্রতিবেদনাধীন অর্থবছরে শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত/ চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত গুরুত্বপূর্ণ অবকাঠামো তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|---|---|---|
| তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | | ৪টি | ১। বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন (১ম সংশোধিত)<br>২। গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ (১ম সংশোধিত)<br>৩। শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)<br>৪। তথ্য কমিশন ভবন নির্মাণ | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্প নাই। | নাই | ১। বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন<br>৪। তথ্য কমিশন ভবন নির্মাণ |

তথ্য অধিদফতর

# তথ্য অধিদফতর

## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

### তথ্য অধিদফতরের পরিচিতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শীর্ষ প্রচার ব্যবস্থাপনা ও সমন্বয়কারী প্রতিষ্ঠান হিসেবে তথ্য অধিদফতর (পিআইডি) দেশের তথ্যসম্পদ উন্নয়ন, তথ্য সংরক্ষণ, তথ্যের নিরাপদ সঞ্চালন, তথ্য অধিকার সংরক্ষণ, অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকরণসহ তথ্য সংশ্লিষ্ট বিবিধ আইন, বিধিবিধান, প্রবিধান প্রণয়ন এবং বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে থাকে। স্বাধীনতা-পূর্বকালীন আঞ্চলিক তথ্য অফিস, ঢাকা স্বাধীনতা-উত্তরকালে তথ্য অধিদফতর হিসেবে কাজ শুরু করে। পরবর্তীতে ১৯৮৪ সালে এনাম কমিটির সুপারিশক্রমে তথ্য মন্ত্রণালয়ের অধীন গবেষণা ও তথ্য সংরক্ষণ (Research and Reference) দপ্তরকে তথ্য অধিদফতরের সাথে একীভূত করা হয়। চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, রংপুর এবং ময়মনসিংহে তথ্য অধিদফতরের সাতটি আঞ্চলিক তথ্য অফিস রয়েছে ।

❖ **রূপকল্প (Vision)**

সরকার ও জনগণের মধ্যে তথ্য সেতুবন্ধ।

❖ **অভিলক্ষ্য (Mission)**

সরকারের নীতি ও উন্নয়নমূলক কার্যক্রম গণমাধ্যমে প্রচার করা, গণমাধ্যমে প্রকাশিত সংবাদের ওপর ভিত্তি করে প্রস্তুতকৃত সংবাদগতিধারা নীতি নির্ধারকদের অবহিতকরণ এবং অ্যাক্রিডিটেশন কার্ড সরবরাহ ও প্রটোকল সেবার মাধ্যমে সাংবাদিকদের কাজে সহযোগিতা প্রদানের মাধ্যমে অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকরণ।

❖ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

- জনসচেতনতা সৃষ্টি এবং সামাজিক ক্ষমতায়নে অবদান রাখা;
- একটি আধুনিক, কার্যকর এবং জনমুখী গণমাধ্যম শিল্প বিকাশে সহায়তা করা;
- জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণ, সমৃদ্ধকরণ কার্যক্রম জোরদার।

### সাংগঠনিক তথ্যাবলি

তথ্য অধিদফতরের জনবলের বিবরণী

| ক্রমিক | গ্রেড | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শূন্যপদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ১ম থেকে ৯ম গ্রেড | ১৪০ | ৭২ | ৬৮ |
| ২. | ১০ম গ্রেড | ৪৫ | ৩৩ | ১২ |
| ৩. | ১১ থেকে ১৬ গ্রেড | ১৯৮ | ১০৩ | ৯৫ |
| ৪. | ১৭ থেকে ২০ গ্রেড | ১৪৭ | ৯৪ | ৫৩ |
| | সর্বমোট | ৫৩০ | ৩০২ | ২২৮ |

## কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে সচেতনতামূলক বিশেষ কার্যক্রম

- করোনা ভাইরাস প্রতিরোধে সংক্রমণের শুরু থেকে ৩০ শে জুন ২০২২ পর্যন্ত মোট ২৫৪১টি প্রতিরোধ সংক্রান্ত তথ্যবিবরণী গণমাধ্যমে প্রেরণ করা হয়েছে। তথ্যবিবরণীগুলো পিআইডি'র ওয়েবসাইটে (www.pressinform.gov.bd) এবং ফেসবুক আইডিতে (PID BD) আপলোড করা হয়েছে।
- এ বিষয়ে পিআইডি থেকে প্রেরিত ৭৯টি ফিচার ও ২৬টি ইলাস্ট্রেশন পত্রিকায় মুদ্রিত হয়েছে। তথ্য অধিদফতরের ফেসবুক আইডিতেও (PID BD) প্রচার করা হয়েছে।
- করোনা ভাইরাস সংক্রমণ ও বিস্তার প্রতিরোধ সম্পর্কিত যে কোনো নির্দেশনা এবং সচেতনতামূলক তথ্যবিবরণী গণমাধ্যমে প্রেরণ করার লক্ষ্যে তথ্য অধিদফতরের সংবাদকক্ষ সার্বক্ষণিক খোলা রয়েছে।
- তথ্য অধিদফতর করোনা ভাইরাস সংক্রমণ মোকাবিলায় সরকারের উদ্যোগ, কর্মসূচি, সচেতনতামূলক তথ্য, সংবাদ, ২২টি ফিচার, ছবি, ইলাস্ট্রেশন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রেরণ ও প্রচার। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও স্বাস্থ্য অধিদপ্তর বা যথাযথ কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত সচেতনতামূলক তথ্য জনগণকে অবহিত করা হচ্ছে। প্রেসব্রিফিং, সংবাদ সম্মেলনের আয়োজন সচিবালয়ের উপরে এলইডি ডিসেপ্লে ব্যবহার করে জনসাধারণকে অবহিতকরণের ব্যবস্থা নেয়া হয়েছে।
- করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা সৃষ্টির জন্য বিটিভি থেকে প্রস্তুতকৃত ১০টি ভিডিও ক্লিপ, এটুআই থেকে প্রাপ্ত ৬টি টিভিসি, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর 'ডিএফপি' থেকে প্রস্তুতকৃত ৪টি ভিডিও ক্লিপ এবং স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১টি ভিডিও ক্লিপ সকল ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রেরণ ও প্রচার করা হয়েছে। ক্লিপগুলো তথ্য অধিদফতরের ওয়েবসাইট (www.pressinform.gov.bd) এবং ফেসবুক আইডিতেও (PID BD) প্রচার করা হয়েছে।

## ২০২১-২২ অর্থবছরের বাজেট ও ব্যয়ের বিবরণ

**তথ্য অধিদফতর, ঢাকা ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী (উপযোজনসহ) প্রকৃত ব্যয়ের বিবরণ নিম্নরূপঃ**

| কোড নম্বর ও ব্যয়ের দফা | ২০২১-২২ অর্থবছরের | সংশোধিত বাজেট বরাদ্দ ২০২১-২২ অর্থবছরের |
|---|---|---|
| ৩১১১১০১ - অফিসারদের বেতন | ৪,৬০,০০,০০০/ | ৩,৯৭,৫৬,০০০/ |
| ৩১১১২০১ - প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ৩,৩৪,৫০,০০০/ | ২,৭৮,২২,০০০/ |
| ৩১১১৩০১ – ৩১১১৩৩৪ -ভাতাদি | ৬,৩৭,০৪,০০০/ | ৫,২৭,৪৬,০০০/ |
| ৩২১১ - ৩২৫৮ - পণ্য ও সেবার ব্যবহার | ২,৯৮,২০,০০০/ | ৩,১৫,৬০,০০০/ |
| ৪১১২-৪১১৩ - অআর্থিক সম্পদ | ৮০,৩৫,০০০/ | ৯৯,১২,০০০/ |
| সর্বমোট | ১৮,১০,০৯,০০০/- | ১৬,১৭,৯৬,০০০/- |

## ৭টি আঞ্চলিক তথ্য অফিস ( চট্টগ্রাম, রাজশাহী , খুলনা, বরিশাল, রংপুর, সিলেট ও ময়মনসিংহ)

**২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী (উপযোজনসহ)**
**মোট প্রকৃত ব্যয়ের বিবরণ নিম্নরূপ**

| কোড নম্বর ও ব্যয়ের দফা | ২০২১-২২ অর্থবছরের | সংশোধিত বাজেট বরাদ্দ ২০২১-২২ অর্থবছরের |
|---|---|---|
| ৩১১১১০১ - অফিসারদের বেতন | ১,৫৩,৪৯,০০০/ | ১,০৭,০১,০০০/ |
| ৩১১১২০১ - প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ১,৬৮,৪৪,০০০/ | ১,২০,৪৫,০০০/ |
| ৩১১১৩০১ - ৩১১১৩৩৮ -ভাতাদি | ২,৯২,৬৩,০০০/ | ১,৭৩,৮৫,০০০/ |
| ৩২১১- ৩২৫৮- পণ্য ও সেবার ব্যবহার | ১,৮৬,৩৫,০০০/ | ১,১২,৮৪,০০০/ |
| ৪১১২-৪১১৩ - অআর্থিক সম্পদ | ৫৪,৫০,০০০/ | ৪৭,০৮,০০০/ |
| সর্বমোট | ৮,৫৫,৪১,০০০/ | ৫,৬১,২৩,০০০/- |
| **সদর দপ্তর ও আঞ্চলিক তথ্য অফিসসমূহের মোট বাজেট - (১৮,১০,০৯,০০০+৮,৫৫,৪১,০০০)= ২৬,৬৫,৫০,০০০/- মোট ব্যয় - (১৬,১৭,৯৬,০০০+৫,৬১,২৩,০০০)= ২১,৭৯,১৯,০০০/-** | | |

## প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত বিভিন্ন কর্মসূচি দেশের অর্থনীতি ও মানবসম্পদ উন্নয়ন এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে উল্লেখযোগ্য অবদান রেখেছে। এর মধ্যে ১০টি বিশেষ উদ্যোগ দেশ ও জনগণের ভাগ্য পরিবর্তনে অসাধারণ ভূমিকা রেখেছে। বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের মতো তথ্য অধিদফতরও এ বিষয়ে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে ১০টি বিশেষ উদ্যোগের বিষয়ে নিয়মিত ফিচার ও হ্যান্ডআউট প্রকাশ। ফিচার ও হ্যান্ডআউট প্রকাশের কার্যক্রম নিয়মিত রাজস্ব খাতের বরাদ্দ থেকে পরিচালিত হচ্ছে।

**২০২১-২২ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রম**

| ক্রমিক | শিরোনাম | প্রকাশিত ফিচারের সংখ্যা | হ্যান্ডআউটের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | আমার বাড়ি আমার খামার প্রকল্প | ০১ | ০২ |
| ২ | আশ্রয়ণ প্রকল্প | ০৫ | ০৭ |
| ৩ | ডিজিটাল বাংলাদেশ | ০৬ | ১৯৪ |
| ৪ | শিক্ষা সহায়তা কর্মসূচি | ০১ | ৬৭ |
| ৫ | নারীর ক্ষমতায়ন | ০৪ | ৫৭ |
| ৬ | ঘরে ঘরে বিদ্যুৎ | ০১ | ৭৯ |
| ৭ | কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য | ০১ | ৬৭ |
| ৮ | সামাজিক নিরাপত্তা কর্মসূচি | ০২ | ২৪০ |
| ৯ | বিনিয়োগ বিকাশ | ০১ | ৯৫ |
| ১০ | পরিবেশ সুরক্ষা | ০৭ | ১০১ |

# উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন

## ❖ বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প (২০২১-২০২২ অর্থবছর)

শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম প্রকল্পটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ৮টি সংস্থার মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এরই অংশ হিসেবে তথ্য অধিদফতরে এ প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় জুলাই ২০২১ থেকে জুন ২০২২ পর্যন্ত সময়ে বরাদ্দকৃত ও ব্যয়িত অর্থের হিসাব নিম্নরূপঃ

| কার্যক্রম/কর্মসূচি | লক্ষ্যমাত্রা | বাস্তবায়িত কার্যক্রম | বরাদ্দকৃত অর্থ | ব্যয় |
|---|---|---|---|---|
| ফিচার লিখন ও গণমাধ্যমে প্রেরণ | ১১৩ | ১১৩ | ৮,৫০,০০০/- | ৮,৫০,০০০/- |
| আর্টিকেল লিখন ও গণমাধ্যমে প্রেরণ | ৮০ | ৮০ | ৬,০০,০০০/- | ৬,০০,০০০/- |
| কার্টুন তৈরি ও প্রকাশনা | ৮০ | ৮০ | ২,০০,০০০/- | ২,০০,০০০/- |
| সর্বমোট | - | - | ১৬,৫০,০০০/- | ১৬,৫০,০০০/- |

এই প্রকল্পের উদ্দেশ্য হলো, শিশু ও নারী সংশ্লিষ্ট বিষয়গুলো বিভিন্ন প্রিন্ট মিডিয়ার মাধ্যমে তুলে ধরে সমাজে বসবাসরত সকল শ্রেণি পেশার মানুষকে সচেতন করা। যেমন- নারীর ক্ষমতায়ন, শিক্ষা, বাল্যবিবাহ রোধ, যৌতুক, নারী ও শিশু পাচার, শিশুশ্রম প্রতিরোধ, গর্ভবতী মায়ের যত্ন, মা ও শিশুর পুষ্টি, নারী নির্যাতন, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ, নারী ও শিশুর বিভিন্ন রোগব্যাধী এবং প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ইত্যাদি বিষয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করা এ প্রকল্পের লক্ষ্য। এ লক্ষ্য বাস্তবায়নে তথ্য অধিদফতর লেখকদের কাছ থেকে ফিচার, আর্টিকেল ও কার্টুন সংগ্রহ করে দেশের জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশ করে এবং পত্রিকায় প্রকাশের পর তা সংকলন করে বই আকারে প্রকাশ করে।



তথ্য অধিদফতরের অতিরিক্ত প্রধান তথ্য কর্মকর্তা ফায়জুল হকের নেতৃত্বে তথ্য অধিদফতরের কর্মকর্তাগণ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন, ১৩ই নভেম্বর ২০২১

# বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে গৃহীত কার্যক্রম

**১) মিডিয়া সেন্টার স্থাপন**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে মিডিয়া সেন্টার স্থাপন করা হয়েছে। মিডিয়া সেন্টারের মাধ্যমে গণমাধ্যমে প্রচারের জন্য নিয়মিত হ্যান্ডআউট, ছবি অডিও ভিজ্যুয়াল প্রেরণ করা হয়েছে।

**২) ওয়েবসাইটে পৃথক মেন্যু সংযোজন**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে তথ্য অধিদফতরের ওয়েবসাইটে 'মুজিব শতবর্ষ' শিরোনামে একটি মেন্যু সংযোজন করা হয়েছে। উক্ত মেন্যুতে জাতির পিতার দুর্লভ আলোকচিত্র, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে ইস্যুকৃত তথ্যবিবরণী ও আলোকচিত্র, দৈনন্দিন কার্যক্রম, জাতির পিতার জীবন ও কর্মের ওপর বিভিন্ন ফিচার/নিবন্ধ এবং অন্যান্য প্রচার সামগ্রী আপলোড করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।

**৩) ডিসপ্লে বোর্ড স্থাপন**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে তথ্য অধিদফতরের ভবনের ছাদে ০১টি (৮×৬) বর্গফুট ম্যাসেজ বোর্ড স্থাপন করা হয়েছে। জাতির পিতার জীবন ও কর্মের ওপর দুর্লভ স্থিরচিত্র, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ, জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তৈরি তথ্যবিবরণী এবং এ সম্পর্কিত সকল তথ্যাদি ডিসপ্লেতে প্রদর্শন করা হয়।

**৪) গণমাধ্যমে নিবন্ধ প্রকাশ**

জাতির পিতার জীবন ও কর্মের ওপর স্বনামধন্য লেখকদের কাছ থেকে ৬৫টি ফিচার/নিবন্ধ প্রকাশ করা হয়। ১৭ই মার্চ, ২০২১ উদযাপনকালে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়েছে।

**৫) বঙ্গবন্ধু কর্নার স্থাপন**

তথ্য অধিদফতরে একটি 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপন করা হয়েছে। বঙ্গবন্ধুর বিভিন্ন দুর্লভ আলোকচিত্র এবং বঙ্গবন্ধুর ওপর রচিত বিভিন্ন গ্রন্থের সমন্বয়ে 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপন করা হয়।



তথ্য অধিদফতরের কর্মকর্তাদের উদ্যোগে ঢাকা-এক্সপ্রেসওয়ে পরিদর্শন,৭ই জুন ২০২২




প্রধান তথ্য অফিসার মোঃ শাহেনুর মিয়া সিলেট জেলা পরিষদ মিলনায়তনে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন, ২৫শে ফেব্রুয়ারি ২০২২




প্রধান তথ্য অফিসার মোঃ শাহেনুর মিয়ার উপস্থিতিতে ঢাকায় তথ্য অধিদফতরের সম্মেলন কক্ষে আঞ্চলিক তথ্য অফিসসমূহের প্রধানগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) ২০২২-২৩ স্বাক্ষর করেন, ২০শে জুন ২০২২




প্রধান তথ্য অফিসার মোঃ শাহেনুর মিয়া রাজশাহী মহানগরীর একটি স্থানীয় হোটেলে আয়োজিত ‘সুশাসন প্রতিষ্ঠায় গণমাধ্যমের ভূমিকা’ শীর্ষক সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন, ২৬শে নভেম্বর ২০২১




তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসার মোঃ শাহেনুর মিয়া রংপুর প্রেসক্লাব মিলনায়তনে গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন, ২৭ শে নভেম্বর ২০২১

গণযোগাযোগ অধিদপ্তর

# গণযোগাযোগ অধিদপ্তর

## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

গণযোগাযোগ অধিদপ্তর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন সরকারের মাঠ পর্যায়ে একমাত্র প্রচার প্রতিষ্ঠান। সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধ রচনাকারী এই প্রতিষ্ঠান সরকারের নীতি, আদর্শ, উন্নয়ন পরিকল্পনা ও গৃহিত কর্মসূচি সম্পর্কে জনগণকে অবহিত করে। পাশাপাশি সরকারের নানাবিধ কার্যক্রম সম্পর্কে জনগণের মতামত সংগ্রহ করে সরকারের কাছে পৌঁছে দেয়। অধিদপ্তরটির রূপকল্প হচ্ছে- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর তথ্য সেবা সর্বত্র ও সকলের জন্য নিশ্চিত করা। পক্ষান্তরে প্রতিষ্ঠানটির অভিলক্ষ্য হচ্ছে সরকারের নীতি ও কার্যক্রমের সাথে ব্যাপক জনগোষ্ঠীকে বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলের জনগোষ্ঠীকে তথ্য সেবার মাধ্যমে সচেতন, উদ্বুদ্ধ এবং উন্নয়নের ধারায় সম্পৃক্ত করা।

### কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ১১৭৯ | ৫৯১ | ৫৮৮ | |
| মোট | ১১৭৯ | ৫৯১ | ৫৮৮ | |

### শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| - | - | ৬১ | ৪১ | ৩০১ | ১৮৫ | ৫৮৮ |

### নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | |
|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট |
| ০৪ | ১৮০ | ১৮৪ | - | - | - |

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| | গণযোগাযোগ অধিদপ্তর | ৩৮ | ৬১.৩৭ | ৩২ | ৭ | ৯.২০ | ৩১ | ৫২.১৭ |

অডিট রিপোর্টে গুরুতর অনিয়ম বিষয়ক কেসসমূহের তালিকা

| ক্রমিক | নিরীক্ষার সন | অনু:নং | শিরোনাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ১৯৯৭-২০০১ | ০১ | ১৫,৪৫,৯২৮ টাকা মূল্যের ভাণ্ডার সামগ্রী এবং ১০৪টি আইটেমের মালামাল ভাণ্ডারে মজুদ নেই। | বর্ণিত ২টি আপত্তির সাথে জড়িত ব্যক্তির নামে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। |
| ০২ | ১৯৯৭-২০০১ | ০২ | সাময়িকভাবে আত্মসাৎকৃত ৯,২৬,৮২০/- টাকার ভাণ্ডার অসমন্বিত। | |

শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২০-২১) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ০৫টি | ০ | ০ | ২ | ২ | ৩ |

## মানবসম্পদ উন্নয়ন

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৩০ | ৯২ |

সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ০৬টি | ৪২ |

তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

| মন্ত্রণালয়/বিভাগ / সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ /সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| ৪৫টি | হ্যাঁ | হ্যাঁ | নাই | ৩৬ | ৫০ |

সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ

*(কোটি টাকায়)*

| | | ২০২০-২১ | | ২০২১-২২ | | হ্রাস(-)/বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিউ | ০০.১৫ | ০.৯৭৮ | ০০.২৮ | ০.৫৫৯ | - | - |
| | নন-ট্যাক্স রেভিনিউ | | | | | | |

## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম:

বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে ‘এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি’, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, প্রেস ব্রিফিং অনুষ্ঠানের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সংগ্রাম, সরকারের সাফল্য ও উন্নয়ন কার্যক্রম ইত্যাদি বিষয় তুলে ধরা হয়েছে।

মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর রচিত সংগীত ৬৮ তথ্য অফিস কর্তৃক ভ্রাম্যমাণ সংগীত দলের মাধ্যমে জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে প্রচার করা হয়েছে। এছাড়া উক্ত বিষয়ে রেকর্ডকৃত সংগীত এবং মুজিববর্ষের ‘থিম সং’ প্রচার ভ্যানের মাধ্যমে সারাদেশে প্রচার করা হয়েছে।

এছাড়া ৬৮ তথ্য অফিসসমূহ করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন ও উদ্বুদ্ধ করতে দেশব্যাপী ব্যাপক মাইকিং/সড়ক প্রচার কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করছে। সারাদেশে জনগণকে সচেতন করার লক্ষ্যে জনস্বাস্থ্য বিষয়ক জরুরি বার্তা সংবলিত পিভিসি ডিসপ্লে বোর্ড ও ফেস্টুন স্থাপন/প্রদর্শন করেছে। করোনাভাইরাস সংক্রমণরোধে জেলা তথ্য অফিসসমূহের ফেসবুক, ইউটিউবসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতনতামূলক বার্তা/স্থির চিত্র/ ভিডিও নিয়মিত প্রচার করছে।

মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্রান্ডিং বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন ও আলোচনা সভা, আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান, সড়ক প্রচার ও প্রেসব্রিফিং এবং সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা সারাদেশে বাস্তবায়ন করা হয়েছে।

পদ্মা সেতুর শুভ উদ্বোধন উপলক্ষ্যে সারাদেশে সড়ক প্রচার, সংগীতানুষ্ঠান, চলচ্চিত্র প্রদর্শন এবং পিভিসি ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে বিষয়ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন ও লোকসংগীত পরিবেশনের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধকরণ করা হয়েছে। জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে জনগণকে অবহিত করতে মাইকিং এর মাধ্যমে সুনির্দিষ্ট কথামালা ও শ্লোগান প্রচার করা হয়েছে।

গুজব ও অপপ্রচার প্রতিরোধ, সাম্প্রদায়িকতা প্রতিরোধ, জঙ্গিবাদ ও ধ্বংসাত্মক রাজনীতি বিষয়ে বিলবোর্ড স্থাপন, ফেস্টুন প্রদর্শন, সড়ক প্রচার, আলোচনা ও মহিলা সভার মাধ্যমে সারাদেশব্যাপী জনগণকে সচেতন করা হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে গণযোগাযোগ অধিদপ্তরের জেলা পর্যায়ে ৬৪ জেলা তথ্য অফিস ও পার্বত্য অঞ্চলের ৪টি উপজেলা পর্যায়ে তথ্য  অফিসের মাধ্যমে বাস্তবায়িত প্রচার কার্যক্রমের প্রতিবেদন:

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়িত কার্যক্রম (সংখ্যা) |
|---|---|---|
| ০১. | সড়ক প্রচার | ১২,৮০০ |
| ০২. | জনসচেতনতামূলক চলচ্চিত্র প্রদর্শন/বার্তাবহুল ফেস্টুন স্থাপন | ১০,৬৭০ |
| ০৩. | মুজিববর্ষ ও সরকারের উন্নয়ন কার্যক্রমের উপর আলোচনা সভা/মত বিনিময় সভা/মহিলা সমাবেশ/ভার্চুয়াল সভা আয়োজন/পিভিসি ডিসপ্লে বোর্ড স্থাপন | ১,১৬৫ |
| ০৪ | উন্মুক্ত বৈঠক আয়োজন | ১২০ |
| ০৫. | 'এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি' অনুষ্ঠান আয়োজন/বঙ্গবন্ধুর উপর অনলাইন চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন | ১,০৮৮ |
| ০৬. | মুজিববর্ষ ও আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ ভ্রাম্যমাণ সংগীতানুষ্ঠান আয়োজন/রেকর্ডকৃত ঐরূপ সংগীত প্রচার | ১,৬৮২ |
| ০৭. | পিএই কাভারেজ | ১২,৭০০ |
| ০৮ | পোস্টার/ লিফলেট/পুস্তিকা/সাময়িকী বিতরণ ও প্রদর্শন | ৫৫ লক্ষ |
| ০৯. | প্রেক্ষাগৃহ পরিদর্শন | ১০৮ |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়িত কার্যক্রম (সংখ্যা) |
|---|---|---|
| ১০ | অনলাইনে সচেতনতামূলক বার্তা/চিত্র/কনটেন্টস প্রচার | ৩,৩৫০ |
| ১১. | ভিডিও কলের মাধ্যমে উন্মুক্ত বৈঠক আয়োজন | ৫৯১ |
| ১২. | স্থাপিত এলইডি স্ক্রিনে মুজিববর্ষের কনটেন্টস/উন্নয়ন বার্তা/সচেতনতামূলক বার্তা প্রচার | ৮০০ |

## ১১. বিশেষ প্রচার কর্মসূচি:

(ক) করোনাভাইরাসের সংক্রমণ রোধে জনগণকে সচেতন করার লক্ষ্যে দেশব্যাপী ৬৮ তথ্য অফিসসমূহ জনস্বাস্থ্য বিষয়ক জরুরি বার্তা নিয়মিত মাইকিং/সড়ক প্রচার করছে।

(খ) ৬৮ তথ্য অফিসসমূহ সারাদেশে জনগণকে সচেতন করার লক্ষ্যে জনস্বাস্থ্য বিষয়ক জরুরি বার্তা সংবলিত পিভিসি ডিসপ্লে বোর্ড ও ফেস্টুন স্থাপন/প্রদর্শন করেছে।

(গ) তথ্য অফিসসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে জরুরি বার্তা/ছবি/ভিডিও নিয়মিত আপলোড ও প্রচার করছে।

(ঘ) বিভাগীয় পর্যায়ে এবং পর্যটন জেলায় তথ্য অফিসসমূহ এলইডি স্ক্রিনের মাধ্যমে সচেতনতামূলক বার্তা প্রচার করছে।

(ঙ) দুর্যোগকালীন উপদ্রুত অঞ্চলে তথ্য অফিসসমূহ কর্তৃক সতর্কীকরণ বার্তা নিয়মিত মাইকিং/সড়ক প্রচার।

(চ) গুজব, সাম্প্রদায়িকতা, অপপ্রচার রোধে ও প্রতিহিংসার রাজনীতি বন্ধে সারাদেশে সড়ক প্রচার, আলোচনা ও মহিলা সমাবেশ, বিলবোর্ড স্থাপন, ফেস্টুন প্রদর্শন করা হয়।

(ছ) পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষ্যে সারাদেশে সড়ক প্রচার, সংগীত, চলচ্চিত্র প্রদর্শন, বিলবোর্ড স্থাপন করা হয়।

**উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য**

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | ৫৮২১০+৯০.২৬ = ৬৭২.২৬ | ১০০% | ১২ |

## জেলা তথ্য অফিস, ঢাকা




*সাম্প্রদায়িক সহিংসতা ও গুজব প্রতিরোধে পিভিসি ডিসপ্লে বোর্ড স্থাপন*

## জেলা তথ্য অফিস, নারায়ণগঞ্জ




*২২/০৬/২০২২ তারিখ জেলা তথ্য অফিস নারায়ণগঞ্জ কর্তৃক সোনারগাঁ উপজেলা পরিষদ মিলনায়তনে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা ও গুজব প্রতিরোধের লক্ষ্যে আলোচনা সভা।*

## জেলা তথ্য অফিস, গাজীপুর




*১১.০৬.২০২২ খ্রি. জেলা তথ্য অফিস, গাজীপুর কর্তৃক কাপাসিয়া উপজেলার চাঁদপুর ইউনিয়নের বলখেলার বাজারে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা এবং গুজব প্রতিরোধে প্রচার কার্যক্রমের অংশ হিসেবে আয়োজিত সংগীতানুষ্ঠানের শিল্পী ও দর্শকদের একাংশ।*

## জেলা তথ্য অফিস, মুন্সীগঞ্জ




*১৮-০৬-২০২২ খ্রি. তারিখে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা এবং গুজব প্রতিরোধে সিরাজদিখান উপজেলার ইছাপুরায় পিভিসি বিলবোর্ড স্থাপন করা হয়*

# জেলা তথ্য অফিস, নরসিংদী



*২৪-০৫-২০২২ খ্রি. তারিখে পলাশ উপজেলার পিতামবর্দি সর: প্রা: বিদ্যা: প্রাঙ্গণে চলচ্চিত্র প্রদর্শনী বাস্তবায়নের স্থিরচিত্র।*




*০৭-০৬-২০২২ খ্রি. তারিখে গুজব ও অপপ্রচারের বিরুদ্ধে সচেতন হোন শীর্ষক ডিসপ্লে বোর্ড নরসিংদী জেলা তথ্য অফিস কর্তৃক নরসিংদী সদর উপজেলা পরিষদ প্রাঙ্গণে স্থাপনের স্থিরচিত্র ।*

## জেলা তথ্য অফিস, নরসিংদী




*০৮-০৬-২০২২ খ্রি. তারিখে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা এবং গুজব প্রতিরোধে নরসিংদী জেলা তথ্য অফিস কর্তৃক রায়পুরা উপজেলার ডৌকারচর ইউনিয়নের পিপিনগর উত্তর পাড়ায় আয়োজিত উঠান বৈঠকে ফেস্টুন প্রদর্শনের স্থিরচিত্র।*

## জেলা তথ্য অফিস, শরীয়তপুর



*২১.০৫.২০২২ খ্রি. তারিখে ডামুড্যা উপজেলাধীন বেতমোড়া বাজারে গুজব প্রতিরোধে প্রচার কার্যক্রমের অংশ হিসেবে চলচ্চিত্র প্রদর্শনের স্থিরচিত্র।*

# জেলা তথ্য অফিস, গোপালগঞ্জ



*গুজব প্রতিরোধে ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য সচেতনতামূলক চলচ্চিত্র প্রদর্শনী*
*স্থান : ঘোনাপাড়া মোড়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।*
*তারিখ: ০১/০৬/২০২২ খ্রিঃ*



*গুজব প্রতিরোধে ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য সচেতনতামূলক চলচ্চিত্র প্রদর্শনী*
*স্থান : ঘোনাপাড়া মোড়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।*
*তারিখ: ০১/০৬/২০২২ খ্রিঃ*

# জেলা তথ্য অফিস, শেরপুর







*সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা এবং গুজব প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা*
*স্থানঃ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন, শেরপুর*
*তারিখঃ ১৩/০৪/২০২২ খ্রি.*

## জেলা তথ্য অফিস, নেত্রকোণা



*০৮.০৬.২০২২ খ্রিঃ তারিখ  নেত্রকোণা জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভার স্থিরচিত্র।*

## জেলা তথ্য অফিস, খাগড়াছড়ি



*খাগড়াছড়ি মারমা উন্নয়ন সংসদ হলরুমে আয়োজিত মহিলা সমাবেশে সভাপতির বক্তব্য প্রদান করছেন জেলা তথ্য অফিসার বাপ্পী চক্রবর্তী ( মঙ্গলবার, ১৪ জুন ২০২২)*

# জেলা তথ্য অফিস, কক্সবাজার



*এপিএ  এর আওতায় আয়োজিত সঙ্গীতানুষ্ঠানে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা বিষয়ক গান পরিবেশনের স্থিরচিত্র।*
*স্থান: বড়ঘোপ বাজার, কুতুবদিয়া, কক্সবাজার।*
*তারিখ: ২৩/০৩/২০২২ খ্রি.*

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

# চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

### ইতিহাস:
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনস্থ ১৪টি দপ্তর ও সংস্থার মধ্যে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর অন্যতম গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। চলচ্চিত্র ও প্রকাশনা বিভাগের সাথে তথ্য মন্ত্রণালয়াধীন 'চলচ্চিত্র বিভাগ' ও 'প্রকাশনা বিভাগ'কে একীভূত করে ১৯৭৬ সালের ২১ জুন 'চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর' পুনর্গঠন করা হয়। পরবর্তীকালে ১৯৮৩ সালের ১ জুন তথ্য মন্ত্রণালয়ের অধীন 'বাংলা অনুবাদ ও প্রকাশনা নিবন্ধন পরিদপ্তর' এবং 'বিজ্ঞাপন ও নিরীক্ষা সেল' সংযুক্ত করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর পুনর্গঠন করা হয়। এর ইংরেজি নাম 'Department of Films and Publications'। ইংরেজি নামের আদ্যক্ষরের সমন্বয়ে এ অধিদপ্তর ডিএফপি (DFP) নামে সমধিক পরিচিত।

### জনবল:
অনুমোদিত পদ: ৩৫১
পূরণকৃত পদ: ১৬৫
শূণ্যপদ: ১৮৬

### শূন্যপদের বিন্যাস:

| ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | মোট |
|---|---|---|---|---|
| ১৯ | ১৩ | ৮৪ | ৭০ | ১৮৬ |

### গুরুত্বপূর্ণ শূন্যপদের বিবরণ
মহাপরিচালক ১টি, উপপরিচালক/ সম্পাদক-৩টি, উপপরিচালক (চারুকলা ও নকশা) ১টি, ল্যাব সুপারিনটেন্ডেন্ট-১টি, সহকারী পরিচালক-৫টি, বিজ্ঞাপন কর্মকর্তা-১টি, চিত্র প্রযোজক-২টি, স্ক্রিপ্ট রাইটার-১টি, হিসাবরক্ষণ কর্মকর্তা ১টি, প্রশাসনিক কর্মকর্তাসহ মোট ১৯টি।

### মানবসম্পদ উন্নয়ন

#### দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৮ | ৭৮২ |

ই-ফাইলিং, ইনোভেশন, সেবা সহজীকরণ, পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা, অফিস ব্যবস্থাপনা, চাকুরীর বিধানাবলীসহ বিবিধ বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।



*উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ পরিচালনা করছেন অ্যাসপায়ার টু ইনোভেশন (এটুআই) এর ন্যাশনাল কন্সালটেন্ট জনাব মোহাম্মদ সালাহউদ্দিন।*

## সেমিনার সংক্রান্ত তথ্য

| দেশের অভ্যন্তরে সেমিনার ওয়ার্কশপের সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৫ | ২৮৯ |



*‘চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব জনাব মো. মকবুল হোসেন।*

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তি অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ৫৩ | ৯,৬৬,২৬,২৫৮ /৯৯ | ৭ | ১৭ | ১,৮৭,৮২,৯৩৪/- | ৬১ | ১২,৫৯,৪৫,০০৭/ ০৬ |




*জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য রাখছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাবেক সচিব কামরুন নাহার।*

**২০২১-২০২২ অর্থবছরে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত নিয়মিত ও অ্যাডহক প্রকাশনাসমূহের তালিকা।**

**(ক) নিয়মিত প্রকাশনা:**

| ক্রমিক | প্রকাশনার নাম | প্রকাশিত সংখ্যা |
|---|---|---|
| ০১ | সচিত্র বাংলাদেশ (১২ সংখ্যা) | ১ লক্ষ ২০ হাজার কপি |
| ০২ | নবারুণ (১২ সংখ্যা) | ১ লক্ষ ৩৫ হাজার কপি |
| ০৩ | বাংলাদেশ কোয়ার্টারলি (০৪ সংখ্যা) | ১২ হাজার কপি |



*চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রকাশিত বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ শীর্ষক পুস্তকের মোড়ক উন্মোচন করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি.।*

## (খ) অ্যাডহক প্রকাশনা

### পুস্তক/পুস্তিকা

| ক্রমিক | প্রকাশনার নাম | প্রকাশিত সংখ্যা |
|---|---|---|
| ০১ | উন্নয়নের একযুগ শীর্ষক পুস্তক মুদ্রণ | ০২ হাজার কপি |
| ০২ | বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ শীর্ষক পুস্তক মুদ্রণ | ০৩ হাজার কপি |
| ০৩ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ | ০৫ শত কপি |
| ০৪ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ | ০১ হাজার কপি |
| ০৫ | বাংলাদেশের পর্যটন (বাংলা ও ইংরেজি) শীর্ষক পুস্তক মুদ্রণ | ০২ হাজার কপি |



*১৫ই আগস্ট-২০২১ জাতীয় শোক দিবস উপলক্ষে আলোকচিত্র, পোস্টার ও ক্রোড়পত্র প্রদর্শনী ঘুরে দেখছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি.।*

পোস্টার/লিফলেট/স্টিকার

| ক্রমিক | প্রকাশনার নাম | প্রকাশিত সংখ্যা |
|---|---|---|
| ০১ | মাননীয় প্রধানমন্ত্রীর নতুন পোর্ট্রেট মুদ্রণ | ০১ লক্ষ |
| ০২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নতুন পোর্ট্রেট মুদ্রণ | ০১ লক্ষ |
| ০৩ | মিট বাংলাদেশ শীর্ষক ২৫টি ক্যাটাগরির পোস্টার মুদ্রণ | ৫০ হাজার |
| ০৪ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা: নির্মাণ পদ্ধতি, মাপ, ব্যবহার বিধি ও মর্যাদা সংরক্ষণ শীর্ষক লিফলেট মুদ্রণ | ০১ লক্ষ |
| ০৫ | ০৮ই আগস্ট ২০২১ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯১তম জন্মদিবস উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০৩ লক্ষ |
| | ০৮ই আগস্ট ২০২১ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯১তম জন্মদিবস উপলক্ষে ইংরেজি ভাষায় পোস্টার মুদ্রণ | ০২ হাজার |
| ০৬ | ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০৮ লক্ষ |
| ০৭ | ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ইংরেজি ভাষায় পোস্টার মুদ্রণ | ০২ হাজার |
| ০৮ | ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২১ উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০৪ লক্ষ |
| ০৯ | ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২০ উপলক্ষে ইংরেজি ভাষায় পোস্টার মুদ্রণ | ০২ হাজার |
| ১১ | ১০ই জানুয়ারি ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তণ দিবস উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০৩ লক্ষ |
| ১২ | ২১শে ফেব্রুয়ারি ২০২২ শহিদ দিবস ও আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উপলক্ষে বাংলা ভাষায় সার্বজনীন পোস্টার মুদ্রণ | ৩.৫ লক্ষ |
| ১৩ | ২১শে ফেব্রুয়ারি ২০২২ শহিদ দিবস ও আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উপলক্ষে স্কুল-কলেজের শিশু-কিশোরদের জন্য বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০১ লক্ষ |
| ১৪ | ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কো কর্তৃক বিশ্ব প্রমাণ্য ঐতিহ্যের স্বীকৃতি উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০৫ লক্ষ |
| ১৫ | ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০২২ উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০৩ লক্ষ |
| ১৬ | ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ | ০৩ লক্ষ |




*১৬ই ডিসেম্বর-২০২১ মহান বিজয় দিবসে বিজয়ের ৫০ বছর উপলক্ষে চলচ্চিত্র প্রদর্শনী ও আলোচনা সভায় বক্তব্য রাখছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি.।*

## চলচ্চিত্র নির্মাণ সংক্রান্ত প্রতিবেদন

এ অধিদপ্তরের চলচ্চিত্র শাখার ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার আওতায় প্রামাণ্যচিত্র-২১টি, ডকুড্রামা-১১টি, টিভি ফিলার-১২টি, সংবাদচিত্র ২৪টি ও বিশেষ সংবাদচিত্র ১০টি নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

### ক) প্রামাণ্যচিত্র- ২১ টি

| ক্রমিক | প্রামাণ্যচিত্র | প্রযোজক |
|---|---|---|
| ০১ | বিজয়ের সুবর্ণজয়ন্তী: বিজয় নিশান উড়ছে ঐ | মো. মনিরুল ইসলাম |
| ০২ | মুক্তিযুদ্ধ পথে পথে | |
| ০৩ | মাননীয় প্রধানমন্ত্রীর কর্মময় জীবন | |
| ০৪ | আমাদের ভালোবাসায় শেখ রাসেল | |
| ০৫ | অপপ্রচারের বিরুদ্ধে আমরা | মো. মনিরুল ইসলাম |
| ০৬ | উন্নয়নে বাংলাদেশ | |
| ০৭ | নিরাপদ ভবিষ্যতের জন্য সর্বজনীন পেনশন কর্মসূচি | |

| ক্রমিক | প্রামাণ্যচিত্র | প্রযোজক |
|---|---|---|
| ০৮ | মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগ: গৃহহীনকে গৃহদান | মো. সাইপ উদ্দিন |
| ০৯ | রোহিঙ্গা পুনর্বাসন: ভাসানচর | |
| ১০ | শেখ কামাল: রাজনীতি ও কর্মময় জীবন | |
| ১১ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের কার্যক্রম | |
| ১২ | কল্যাণের রাজনীতি | |
| ১৩ | সন্ত্রাস নয় শান্তি | |
| ১৪ | অগ্রগতির পথে বাংলাদেশ | |
| ১৫ | ১০০ অর্থনৈতিক অঞ্চল: উন্নয়নের নতুন দিগন্ত | মো. শাহ আলম |
| ১৬ | ৫৬০ মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র | |
| ১৭ | পদ্মা সেতু: যুগান্তকারী মাইলফলক | |
| ১৮ | ঢাকা বিশ্ববিদ্যালয়: শতবর্ষে | |
| ১৯ | সামাজিক উন্নয়নে বাংলাদেশ | |
| ২০ | কোভিড মোকাবেলায় বাংলাদেশ | |
| ২১ | দেশবিরোধী অশুভ প্রচার | |

**খ) ডকুড্রামা-১১ টি**

| ক্রমিক | ডকুড্রামা | প্রযোজক |
|---|---|---|
| ০১ | দুর্নীতি প্রতিরোধ | খোরশেদ আলম চৌধুরী |
| ০২ | নারী ক্ষমতায়নে নারী উদ্যোক্তা | |
| ০৩ | পিতা-মাতার প্রতি সদাচরণ | |
| ০৪ | করোনা মোকাবেলায় আমরা | মো. মনিরুল ইসলাম |
| ০৫ | সেপ্টেম্বর অন যশোর রোড (অ্যালন গিন্সবার্গের কবিতা অবলম্বনে) | |
| ০৬ | জঙ্গিবাদ বিষয়ক (ডকুড্রামা) | |
| ০৭ | নগরায়ন ও পরিচ্ছন্ন বিষয়ক (ডকুড্রামা) | |
| ০৮ | ৪র্থ শিল্প বিপ্লব ও তথ্য প্রযুক্তির ব্যবহার | মো. সাইপ উদ্দিন |
| ০৯ | মাদক নিয়ন্ত্রণ | |
| ১০ | জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবেলায় পরিবেশ সুরক্ষা | |
| ১১ | আমরাও পারি (বিশেষ চাহিদাসম্পন্ন মানুষ) | মো. শাহ আলম |

### গ) টিভি ফিলার-১২ টি

| ক্রমিক | টিভি ফিলার | প্রযোজক |
|---|---|---|
| ০১ | থ্যালাসেমিয়া: প্রতিরোধে চাই সচেতনতা | খোরশেদ আলম চৌধুরী |
| ০২ | পথশিশুদের পুনর্বাসন | |
| ০৩ | জাংক ফুড সচেতনতা | |
| ০৪ | পানিতে ডুবে মৃত্যু | মো. মনিরুল ইসলাম |
| ০৫ | সামাজিক সচেতনতা | |
| ০৬ | বাংলাদেশের ওষুধ শিল্প | |
| ০৭ | কুয়াকাটা সমুদ্র সৈকত | মো. সাইপ উদ্দিন |
| ০৮ | পরিষ্কার ও পরিচ্ছন্নতা | |
| ০৯ | নদী সুরক্ষা | |
| ১০ | বাগেরহাট ষাটগম্বুজ মসজিদ | মো. শাহ আলম |
| ১১ | পাখি সুরক্ষা | |
| ১২ | তৃতীয় লিঙ্গ জনগোষ্ঠী ও অর্থনীতি | |

### ঘ) সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র

| ক্রমিক | সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র | প্রযোজক |
|---|---|---|
| ০১ | ২৪ টি সংবাদচিত্র | মো. মনিরুল ইসলাম |
| ০২ | ১০ টি বিশেষ সংবাদচিত্র | |






জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে ঢাকায় সার্কিট হাউজ রোডে অবস্থিত তথ্য ভবনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভা ও চলচ্চিত্র প্রদর্শন অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের আলোকচিত্র প্রদর্শনী ঘুরে দেখেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, ১৫ই আগস্ট ২০২১




জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে ঢাকায় সার্কিট হাউজ রোডে অবস্থিত তথ্য ভবনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভা ও চলচ্চিত্র প্রদর্শন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, ১৫ই আগস্ট ২০২১

### ক্রোড়পত্র বিতরণ

২০২১-২০২২ অর্থবছরে সরকার ঘোষিত ১০টি জাতীয় দিবসে প্রকাশিত ক্রোড়পত্রের অঙ্গসজ্জা ও বিতরণের দায়িত্ব পালন করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

### ২০২১-২০২২ অর্থবছরে ক্রোড়পত্র বিতরণের হিসাব

| ক্রমিক | তারিখ/ মাস | দিবসের নাম | ক্রোড়পত্রের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | ০৮ই আগস্ট, ২০২১ | বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের জন্মদিন | ৬৫টি |
| ২। | ১৫ই আগস্ট, ২০২১ | জাতীয় শোক দিবস | ৩২৬টি |
| ৩। | ১৮ই অক্টোবর, ২০২১ | শেখ রাসেল দিবস | ৮১টি |
| ৪। | ১৬ই ডিসেম্বর, ২০২১ | মহান বিজয় দিবস | ২৮৩টি |
| ৫। | ০৭ই জানুয়ারি, ২০২২ | সরকারের বর্ষপূর্তি | ২০৩টি |
| ৬। | ১০ই জানুয়ারি, ২০২২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস | ২১১টি |
| ৭। | ২১শে ফেব্রুয়ারি, ২০২২ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২৪৮টি |
| ৮। | ০৭ই মার্চ, ২০২২ | বঙ্গবন্ধুর ঐতিহাসিক ০৭ই মার্চের ভাষণ উপলক্ষ্যে বিশেষ ক্রোড়পত্র | ১২৮টি |
| ৯। | ১৭ই মার্চ, ২০২২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ২৭৭টি |
| ১০। | ২৬শে মার্চ, ২০২২ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস | ৩১৬টি |
| | | **সর্বমোট** | **২১৩৮টি** |

জাতীয় দিবসসমূহের ক্রোড়পত্র প্রকাশ ও বিতরণের দায়িত্ব পালন করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর। এছাড়াও বিজ্ঞাপন ও ক্রোড়পত্র নীতিমালা এবং প্রচলতি আইন অনুয়ায়ী যে কোন মন্ত্রণালয়/ বিভাগ বা অধীনস্থ দপ্তর সংস্থার আওতায় উদযাপনকৃত বিভিন্ন দিবস উদযাপন উপলক্ষে প্রকাশিত ক্রোড়পত্র বিতরণের দায়িত্ব পালন করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর। ২০২১-২০২২ অর্থবছরে অন্যান্য দপ্তরের বিভিন্ন দিবস উপলক্ষ্যে এ অধিদপ্তর ১৬৫টি ক্রোড়পত্র বিতরণ করেছে।

## নিবন্ধন সংক্রান্ত প্রতিবেদন

২০২১-২০২২ অর্থবছরে পত্রিকার নামের ছাড়পত্র ও প্রত্যয়নপত্রের হিসাব

| ক্রমিক | মাসের নাম | নিরীক্ষার সংখ্যা |
|---|---|---|
| ০১ | জুলাই/২০২১ | ০ |
| ০২ | আগস্ট/২০২১ | ৬৪ |
| ০৩ | সেপ্টেম্বর/২০২১ | ৮৯ |
| ০৪ | অক্টোবর/২০২১ | ৬৩ |
| ০৫ | নভেম্বর/২০২১ | ৫০ |
| ০৬ | ডিসেম্বর/২০২১ | ৫৪ |
| ০৭ | জানুয়ারি/২০২২ | ৫৩ |
| ০৮ | ফেব্রুয়ারি/২০২২ | ৩৪ |
| ০৯ | মার্চ/২০২২ | ৩৯ |
| ১০ | এপ্রিল/২০২২ | ৩৮ |
| ১১ | মে/২০২২ | ৩৮ |
| ১২ | জুন/২০২২ | ৮০ |
| | অর্থবছরের মোট | ৬০২ |

## নিরীক্ষিত সংবাদপত্র

২০২১-২০২২ অর্থবছরে নিরীক্ষিত সংবাদপত্রের হিসাব

| ক্রমিক নং | মাস | ছাড়পত্র | প্রত্যয়নপত্র |
|---|---|---|---|
| ০১ | জুলাই/২০২১ | - | - |
| ০২ | আগস্ট/২০২১ | ০৭ | ০২ |
| ০৩ | সেপ্টেম্বর/২০২১ | ০৭ | ০৩ |
| ০৪ | অক্টোবর/২০২১ | ১২ | ০২ |
| ০৫ | নভেম্বর/২০২১ | ০৮ | ০৩ |
| ০৬ | ডিসেম্বর/২০২১ | ০২ | ০২ |
| ০৭ | জানুয়ারি/২০২২ | ০৮ | ০৪ |
| ০৮ | ফেব্রুয়ারি/২০২২ | ০৬ | ০২ |
| ০৯ | মার্চ/২০২২ | ০৩ | ০১ |
| ১০ | এপ্রিল/২০২২ | ০৯ | ০৪ |
| ১১ | মে/২০২২ | ১০ | ০৭ |
| ১২ | জুন/২০২২ | ১০ | ০৮ |
| | **সর্বমোট** | **৮২টি** | **৩৮টি** |

## পত্রিকা পরিদর্শন

২০২১-২০২২ অর্থবছরে পত্রিকা পরিদর্শনের হিসাব

মিডিয়া, নিরীক্ষা এবং ওয়েজ বোর্ড মনিটরিং টিমের কাজের অংশ হিসেবে ঢাকা ও ঢাকার বাইরে পত্রিকা অফিস পরিদর্শন করে বিদ্যমান নীতিমালার সঠিক বাস্তবায়ন নিশ্চিত করা হয়েছে।

| ক্রমিক | মাসের নাম | নিরীক্ষার সংখ্যা |
|---|---|---|
| ০১ | জুলাই/২০২১ | ৪ |
| ০২ | আগস্ট/২০২১ | ০ |
| ০৩ | সেপ্টেম্বর/২০২১ | ৮ |
| ০৪ | অক্টোবর/২০২১ | ১৮ |
| ০৫ | নভেম্বর/২০২১ | ১৭ |
| ০৬ | ডিসেম্বর/২০২১ | ৫ |
| ০৭ | জানুয়ারি/২০২২ | ৩০ |
| ০৮ | ফেব্রুয়ারি/২০২২ | ৩৪ |
| ০৯ | মার্চ/২০২২ | ৩ |
| ১০ | এপ্রিল/২০২২ | ১৬ |
| ১১ | মে/২০২২ | ১৩ |
| ১২ | জুন/২০২২ | ৫৩ |
| | **অর্থবছরের মোট** | **২০১** |

## বিবিধ

### শুদ্ধাচার পুরস্কার প্রদান

শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০২১ অনুসরণপূর্বক এ অধিদপ্তরের তিনজন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রদান করা হয়।

| ক্রমিক | নাম ও পদবী | গ্রেড | পুরস্কার |
|---|---|---|---|
| ১। | জনাব রুবেল রানা<br>সহকারি পরিচালক (নিরীক্ষা) | গ্রেড ২-৯ | ১ মাসের মূল বেতন, সনদপত্র ও ক্রেস্ট |
| ২। | জনাব হৃদয় কুমার বর্মন<br>সাব এডিটর | গ্রেড ১০-১৬ | ১ মাসের মূল বেতন, সনদপত্র ও ক্রেস্ট |
| ৩। | জনাব সুকুমার দাস<br>পরিচ্ছন্নতা কর্মী | গ্রেড ১৭-২০ | ১ মাসের মূল বেতন, সনদপত্র ও ক্রেস্ট |





মহাপরিচালক স.ম. গোলাম কিবরিয়ার হাত থেকে শুদ্ধাচার পুরস্কার নিচ্ছেন সহকারী পরিচালক মো. রুবেল রানা





মহাপরিচালক স.ম. গোলাম কিবরিয়ার হাত থেকে শুদ্ধাচার পুরস্কার নিচ্ছেন সাব-এডিটর হৃদয় কুমার বর্মণ




মহাপরিচালক স.ম. গোলাম কিবরিয়ার হাত থেকে শুদ্ধাচার পুরস্কার নিচ্ছেন পরিচ্ছন্নতা কর্মী জনাব সুকুমার দাস




বাংলাদেশের জাতীয় পতাকা নির্মাণ পদ্ধতি, মাপ, ব্যবহার বিধি ও মর্যাদা সংরক্ষণ শীর্ষক লিফলেট

## অগ্নি নির্বাপণ মহড়া

১৬ তলা বিশিষ্ট তথ্য ভবনে কর্মরত চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে কর্মরতদের অগ্নিনির্বাপন বিষয়ে সচেতনতা তৈরির লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের তত্ত্বাবধানে অগ্নি নির্বাপন প্রশিক্ষণ ও মহড়া আয়োজন করা হয়।




হাতে কলমে অগ্নি নির্বাপক সরঞ্জামের ব্যবহার শিখছেন জনৈক কর্মচারি



প্রকাশনা লাইব্রেরি

# বাংলাদেশ টেলিভিশন

# বাংলাদেশ টেলিভিশন
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

বাংলাদেশ টেলিভিশন দেশের একমাত্র সরকারি জাতীয় গণমাধ্যম। সব শ্রেণির মানুষের চাহিদার ওপর ভিত্তি করে বিটিভি তার প্রচার কার্যক্রম পরিচালনা করে থাকে। নিজস্ব শিক্ষা, কৃষ্টি-কালচার, স্বাস্থ্য, ভাষা, মুক্তিযুদ্ধের চেতনাকে উপজীব্য করে বাঙালির গৌরবময় ইতিহাস ও সংস্কৃতিকে ধারণ ও লালন করে সব ধরনের অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়ে থাকে। বৈশ্বিক মহামারি করোনাভাইরাস প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে বাংলাদেশ টেলিভিশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

**প্রচারিত উল্লেখযোগ্য বিভিন্ন অনুষ্ঠান**

❖ পদ্মা সেতু উদ্বোধন সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ একটি স্বপ্নের উন্মোচন। কোটি কোটি বাঙালির স্বপ্নের অবকাঠামো পদ্মা সেতু, দেশের অর্থনীতির চেহারা পাল্টে দিবে এই সেতু। এ সেতুর উদ্বোধণী অনুষ্ঠানসহ এ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান প্রচার করেছে, যা এখনও অব্যাহত রয়েছে।

❖ গুজব রটনা একটি সামাজিক ব্যাধি। গুজব প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে অত্যন্ত গুরুত্বের সাথে বিভিন্ন স্পট/ফিলার প্রচার করেছে।

❖ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আমাদের বঙ্গবন্ধু, আমার বঙ্গবন্ধু, সোনার বাংলা বিনির্মাণে বঙ্গবন্ধুর অসমাপ্ত যাত্রা, টাইম লাইন স্টোরী এবং বঙ্গবন্ধু প্রতিদিন নিয়মিতভাবে প্রচার করা হয়েছে।

❖ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে বীরত্বগাঁথা, মহান মুক্তিযোদ্ধাদের প্রত্যক্ষদর্শীদের স্মৃতিকথা, মহান মুক্তিযুদ্ধের স্মৃতি ভাস্কর্য, বীরঙ্গনাদের স্মৃতিকথা, নৃশংসতা, ধর্মীয় প্রতিষ্ঠানে হামলা, গণহত্যা, ধ্বংসযজ্ঞ এবং মহান মুক্তিযুদ্ধ সংশ্লিষ্ট বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হয়েছে ।

❖ প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ এবং চলমান বৈশ্বিক মহামারি কোভিড-১৯ সুরক্ষায় সমসাময়িক বিষয় ভিত্তিক অনুষ্ঠান ‘এই সময়’ Branding অনুষ্ঠান হিসেবে প্রচার করা হয়েছে।

❖ দেশের আপামর জনসাধারণকে স্বাস্থ্য সচেতনতা, পরিবেশ সুরক্ষা, আত্মকর্মসংস্থান, দরিদ্র বিমোচন ও ডিজিটাল বাংলাদেশ গড়া, যৌতুক বিরোধী জাতীয় কার্যক্রম, অটিজম ও স্নায়ু বিকাশ জনিত সমস্যা সংক্রান্ত, এসিড অপরাধ নিয়ন্ত্রণসহ বিবিধ বিষয়ে সচেতন করে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতায় বাংলাদেশ টেলিভিশনে সব সময় বিভিন্ন অনুষ্ঠান, স্পট/ফিলারসহ বিভিন্ন ডকুমেন্টারি প্রচার করা হয়েছে।

❖ দেশের প্রাকৃতিক দুর্যোগ, বন্যা, খরা, নিম্নচাপ, ভূমিকম্প, সাইক্লোন, টর্নেডো ইত্যাদি দুর্যোগ মোকাবেলায় আগাম বার্তা প্রেরণ এবং দুর্যোগ পরবর্তী করণীয় কার্যক্রমের বিষয়ে বিভিন্ন স্পট/ফিলার এবং ডকুমেন্টারি প্রচার করা হয়েছে।

**প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা এবং প্রকৃতি পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক অনুষ্ঠান**

| ক্রমিক | প্রচারিত বিষয় | ব্যাপ্তিকাল |
|---|---|---|
| ১. | দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক অনুষ্ঠান | ২৫ মিনিট |
| ২. | এই পৃথিবী | ২৫ মিনিট |

| ক্রমিক | প্রচারিত বিষয় | ব্যাপ্তিকাল |
|---|---|---|
| ১. | বাঁচাও ধরিত্রী বাঁচুক প্রাণ | ২৫ মিনিট |
| ২. | প্রকৃতি ও পরিবেশ | ২৫ মিনিট |
| ৩. | উদ্ভিদ ও জীবন | ২৫ মিনিট |
| ৪. | মহাবিশ্বের পথে পথে | ২৫ মিনিট |
| ৫. | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষ্যে আলোচনা ও প্রামাণ্যের সমন্বয়ে বিশেষ অনুষ্ঠান | ২৫ মিনিট দিবস ভিত্তিক |

❖ করোনাভাইরাস সংক্রমণকালীন সময়ে রাষ্ট্রের উন্নয়নমূলক গুরুত্বপূর্ণ বিভিন্ন অনুষ্ঠান বিটিভি সরাসরি ভার্চুয়াল সম্প্রচার করেছে। ফলে জনগণের সাথে সরকারের সম্পৃক্ততা বৃদ্ধি পাচ্ছে এবং তা বর্তমানেও অব্যাহত রয়েছে।

## কেন্দ্রসমূহ

❖ বর্তমানে ঢাকা কেন্দ্রের সম্প্রচার প্রতিদিন সকাল ৭.০০ থেকে রাত ১২.৩০ মিনিট পর্যন্ত বিরতিহীনভাবে চলে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, বাংলা নববর্ষ ইত্যাদি বিশেষ দিবসগুলোতে অধিবেশন সম্প্রচার সময়সূচির পরিবর্তন/পরিবর্ধন হয়ে থাকে। তাছাড়া বিভিন্ন প্রকার খেলাধুলা, অলিম্পিক গেমসের সরাসরি সম্প্রচার এবং পবিত্র রমজান মাসে বিশেষ অধিবেশন সম্প্রচার করা হচ্ছে।

❖ ১৯৯৬ সালের ১৯শে ডিসেম্বর বিটিভির চট্টগ্রাম কেন্দ্র চালু হওয়ার পর ১ ঘণ্টা ৩০ মিনিট ব্যাপ্তির অনুষ্ঠান স্থানীয়ভাবে প্রচার হতো। পর্যায়ক্রমে সম্প্রচার সময় বৃদ্ধি করে ১৯ ডিসেম্বর ২০২১ তারিখে ২৪ ঘণ্টায় উন্নীত করা হয়েছে।

## সোশ্যাল মিডিয়া উইং

❖ যান্ত্রিক সভ্যতার অভিঘাতে এবং প্রযুক্তির চরম উৎকর্ষে মানুষের জীবনাচরণ প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। দিন দিন মানুষ টেলিভিশন মিডিয়া হতে সোশ্যাল মিডিয়ার দিকে ঝুঁকে পড়ছে। দর্শকের এই প্রবণতাকে প্রাধান্য দিয়ে বাংলাদেশ টেলিভিশন ইতোমধ্যে সোশ্যাল মিডিয়া উইং চালু করেছে। বর্তমানে প্রচারিত জনপ্রিয় অনুষ্ঠানগুলো ছাড়াও বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভ থেকে জনপ্রিয় অনুষ্ঠানগুলো বিটিভির সোশ্যাল মিডিয়া উইং-এর ইউটিউব চ্যানেল btv smw1 এ প্রচার করা হচ্ছে।

## আইটি সংক্রান্ত কার্যক্রম

➢ বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্রকে কম্পিউটার LAN এর আওতায় আনা হয়েছে এবং সকল কর্মকর্তার ডেস্কে পর্যায়ক্রমিকভাবে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার সরবরাহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

➢ ওয়েবসাইট গতিশীল ও তথ্য সমৃদ্ধ করা হয়েছে।

➢ অ্যাপ্লিকেশন সার্ভার, ডাটাবেইজ সার্ভার সংস্থাপন করা হয়েছে।

➢ ই-ফাইলিং পদ্ধতিতে নথি নিষ্পত্তি করা হচ্ছে।

➢ অনলাইনে শিল্পীদের সম্মানী প্রদান করা হচ্ছে।



*"বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়)"*

## সম্প্রচার কার্যক্রমঃ

➢ ২০২১-২০২২ অর্থবছরে বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠান, বার্তা, উন্নয়নমূলক অনুষ্ঠান, ম্যাগাজিন অনুষ্ঠান, প্যাকেজ অনুষ্ঠান, দেশি ও বিদেশি চলচ্চিত্র, জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও স্লোগান এবং বিজ্ঞাপনসহ নিজস্ব প্রযোজিত অনুষ্ঠান এবং প্যাকেজের আওতায় ১৯টি ক্যাটাগরিতে মোট ৬৪৫৮ ঘণ্টা ৩৭ মিনিট প্রচারিত হয়েছে।

➢ ১৯টি ক্যাটাগরিতে ২০২১-২০২২ অর্থবছরে বিটিভির সম্প্রচার কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জিত মাত্রা নিম্নরূপ:

| ক্রমিক | অনুষ্ঠানের বিষয় | লক্ষ্যমাত্রা | | | অর্জিত মাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ঘণ্টা | মিনিট | শতকরা | ঘণ্টা | মিনিট | শতকরা |
| ১. | উন্নয়নমূলক অনুষ্ঠান | ২২০ | - ০০ | ৩.৪৩% | ৭৫ | - ০৭ | ১.১৬% |
| ২. | শিক্ষামূলক অনুষ্ঠান | ২০০ | - ০০ | ৩.১২% | ৮৪ | - ৫৫ | ১.৩১% |
| ৩. | কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ২৩৫ | -০০ | ৩.৬৬% | ২২৩ | - ৫৪ | ৩.৪৭% |
| ৪. | স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান | ১৯৫ | - ০০ | ৩.০৪% | ২১৭ | - ৪১ | ৩.৩৭% |
| ৫. | ইতিহাস, ঐতিহ্য, প্রকৃতি-পরিবেশ ও পর্যটন বিষয়ক অনুষ্ঠান | ৮১ | - ০০ | ১.২৬% | ৫০ | - ১৩ | ০.৭৮% |
| ৬. | জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও স্লোগান | ৬৫০ | - ০০ | ১০.১৩% | ৬১২ | - ২৫ | ৯.৪৮% |
| ৭. | ধর্মীয় অনুষ্ঠান | ৩০০ | - ০০ | ৪.৬৮% | ৩২০ | - ৫৩ | ৪.৯৭% |
| ৮. | ক্রীড়া অনুষ্ঠান | ১৫৫ | - ০০ | ২.৪২% | ৫৬ | - ৪৩ | ০.৮৮% |
| ৯. | বিনোদনমূলক অনুষ্ঠান | ১২১ | - ০০ | ১৮.৮৬% | ৯০০ | - ৫০ | ১৩.৯৫% |
| ১০. | মহিলা বিষয়ক অনুষ্ঠান | ৪৬ | - ০০ | ০.৭২% | ৯৫ | - ৫২ | ১.৪৮% |
| ১১. | শিশু-কিশোরদের অনুষ্ঠান | ১২৬ | - ০০ | ১.৯৬% | ৫৮ | - ৪০ | ০.৯১% |
| ১২. | অন্যান্য অনুষ্ঠান | ২৪০ | - ০০ | ৩.৭৪% | ৬৭২ | - ৪৫ | ১০.৪২% |
| ১৩. | বিশেষ অনুষ্ঠান | ২০০ | - ০০ | ৩.১২% | ৪০৮ | - ৫২ | ৬.৩৩% |
| ১৪. | সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান | ৯০০ | - ০০ | ১৪.০৩% | ৯৯৩ | - ৩৯ | ১৫.৩৮% |
| ১৫. | বিটিভি প্রযোজিত সংবাদ | ৮৮২ | - ০০ | ১৩.৭৫% | ১১১ | - ৩১ | ১৭.৩০% |
| ১৬. | সংবাদ ও বার্তা বিষয়ক | ৮৩ | - ০০ | ১.২৯% | ৬৯ | - ৩২ | ১.০৮% |
| ১৭. | প্যাকেজ অনুষ্ঠান | ২০০ | - ০০ | ৩.১২% | ১৫১ | - ২০ | ২.৩৪% |
| ১৮. | দেশি-বিদেশি চলচ্চিত্র এবং অনুষ্ঠান | ২৬৪ | - ০০ | ৪.১১% | ২৫৭ | - ১৭ | ৩.৯৮% |
| ১৯. | মিনি বিজ্ঞাপন | ২০০ | - ০০ | ৩.১২% | ৯০ | - ২০ | ১.৪০% |

➢ বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ১৩টি ক্যাটাগরিতে মোট ৫১৪৫ ঘণ্টা ৩৫ মিনিট অনুষ্ঠান সম্প্রচার করা হয়েছে। অনুষ্ঠান সম্প্রচারের তথ্যাদি নিম্নরূপ:

| ক্রমিক | অনুষ্ঠানের বিষয় | মোট ব্যাপ্তি | |
|---|---|---|---|
| | | ঘণ্টা | মিনিট |
| ১. | উন্নয়ন ও জনসচেতনতা বিষয়ক অনুষ্ঠান | ২০৯ | ৫৮ |
| ২. | নারী বিষয়ক অনুষ্ঠান | ১০৫ | ৩৫ |

| ক্রমিক | অনুষ্ঠানের বিষয় | মোট ব্যাপ্তি | |
|---|---|---|---|
| | | ঘণ্টা | মিনিট |
| ৩. | শিশু-কিশোর বিষয়ক অনুষ্ঠান | ১১৩ | ৩২ |
| ৪. | কৃষি বিষয়ক অনুষ্ঠান | ৩৮ | ৪৩ |
| ৫. | স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান | ২১৩ | ৫৪ |
| ৬. | শিক্ষামূলক অনুষ্ঠান | ২৫১ | ৫৭ |
| ৭. | বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ১৩ | ৫৪ |
| ৮. | প্রকৃতি ও পরিবেশ বিষয়ক অনুষ্ঠান | ২৫ | ৪৩ |
| ৯. | সামাজিক নিরাপত্তা বেষ্টনীমূলক অনুষ্ঠান | ২৬ | ০৬ |
| ১০. | বিনোদনমূলক (নাটক, সংগীত ও ম্যাগাজিন) অনুষ্ঠান | ১৮৬৩ | ৪৬ |
| ১১. | খেলাধুলা বিষয়ক অনুষ্ঠান | ৮৬ | ৫৫ |
| ১২. | পর্যটন বিষয়ক | ১০০ | ৫৯ |
| ১৩. | তথ্য অধিকার | ২২ | ১৬ |








*বাংলাদেশ টেলিভিশনের HD সম্প্রচার কার্যক্রমের শুভ উদ্বোধন*

**প্রকল্প সংক্রান্ত তথ্য:**

১। “বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়) (১ম সংশোধিত)”

- ➢ ডিজিটাল অনুষ্ঠান নিমার্ণের জন্য ৩টি স্টুডিওতে যন্ত্রপাতি ও স্টুডিও লাইটিং যন্ত্রপাতি সংস্থাপন করা হয়েছে, যার বিটিভির নিয়মিত ধারণ ও সম্প্রচার কাজ চলছে।
- ➢ সম্প্রচার নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে HDMCR জন্য মাইগ্রেশন যন্ত্রপাতি সংস্থাপন করে বিটিভি ন্যাশনাল চ্যানেলের HD সম্প্রচার চালু হয়েছে।
- ➢ ভাণ্ডার ব্যবস্থাপনার জন্য সার্ভার ও Store Management Software প্রবর্তিত।
- ➢ সার্ভার রুমে যন্ত্রপাতির মান, ডাস্টমুক্ত ও তাপমাত্রা 18-24˚C নিশ্চিতে Precision AC ও কারিগরি জোনে অন্যান্য এসি স্থাপন।
- ➢ বিটিভির MCR ও অন্যান্য কারিগরি জোনের পূর্ত কাজ সম্পন্ন হয়েছে।

**২। “বাংলাদেশ টেলিভিশনের চট্টগ্রাম কেন্দ্রকে পূর্ণাঙ্গ টিভি কেন্দ্রে রূপান্তর (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্প**

| ক্রমিক | কাজের বিবরণ | চুক্তি মূল্য | প্রকৃত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | Procurements of Fancy Goods<br>Code: 3255105 | ৩.০০ লক্ষ | ২.৯৮ লক্ষ | (আরএডিপিতে ৳.২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ২০.৭৪ লক্ষ টাকা অর্থাৎ ৮৩% ব্যয় হয়েছে) |
| ২. | Hiring of Vehicle for PD Office<br>Code: 3211107 | ৪.৫০ লক্ষ | ৩.৬০ লক্ষ | |
| ৩. | Procurements of Computer and Accessories<br>Code: 4112202 | ৬.০০ লক্ষ | ৫.৯৬ লক্ষ | |
| ৪. | Procurements of Office Equipment<br>Code: 4112310 | ২.০০ লক্ষ | ১.৯৯ লক্ষ | |
| ৫. | Procurements of Furniture & Fixtures<br>Code: 4112314 | ২.০০ লক্ষ | ২.০০ লক্ষ | |

৩। “বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়)” (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প: আরএডিপি ২০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ১৮২৮.৮৯২ লক্ষ টাকা বা আরএডিপি এর ৯১.৪৪ % ব্যয় হয়েছে

০৪। বাংলাদেশ টেলিভিশনের ০৬টি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প ২০২১-২২ অর্থবছরে আরএডিপি বরাদ্দ ২ লক্ষ টাকা। চীন সরকারের সহিত ঋণচুক্তি স্বাক্ষরিত না হওয়ায় কোনো অর্থ ব্যয় করা সম্ভব হয়নি।

### ১৫.২ প্রকল্পের অবস্থা

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | - | - | ➢ ঢাকা কেন্দ্রের মাস্টার কন্ট্রোলরুম সংলগ্ন কারিগরি জোনের সংস্কার ও ইনটেরিওর কাজ<br>➢ ঢাকা কেন্দ্রের Electrical Sub Station স্থাপন।<br>➢ নোয়াখালী, নাটোর ও সাতক্ষীরা উপকেন্দ্রে নতুন ভবন নির্মাণ।<br>➢ ঢাকা কেন্দ্রের ট্রান্সমিটার ভবন মেরামত ও সংস্কার কাজ। |



*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ বাংলাদেশ টেলিভিশনের রাজশাহী উপকেন্দ্র পরিদর্শনকালে উপকেন্দ্র চত্বরে একটি গাছের চারা রোপণ করেন, ২৬ অক্টোবর ২০২১*

# বাংলাদেশ বেতার

# বাংলাদেশ বেতার
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

বেতার সবার জন্য, সব সময় সবখানে এ মূলমন্ত্রকে ধারণ করে বাংলাদেশ বেতার ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে। বাংলাদেশ বেতার ১৪টি আঞ্চলিক কেন্দ্র ও ৬টি বিশেষায়িত ইউনিটের মাধ্যমে অনুষ্ঠান প্রচার করে থাকে। উল্লেখযোগ্য অনুষ্ঠানের মধ্যে রয়েছে–মুজিববর্ষ, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী, মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক অনুষ্ঠান, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ, SDGs, সরকারের উন্নয়নমূলক অনুষ্ঠান, জঙ্গিবাদ প্রতিরোধ, দিন বদলের পালা, ডিজিটাল বাংলাদেশ, তথ্য অধিকার বিষয়ক, নারী ও শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, মাদক দ্রব্য নিয়ন্ত্রন, মানব পাচার প্রতিরোধ বিষয়ক অনুষ্ঠান ইত্যাদি। প্রাকৃতিক দুর্যোগে বেতার একমাত্র নির্ভরযোগ্য মিডিয়া। বহির্বিশ্বে শ্রোতাদের জন্য বাংলা, ইংরেজি, হিন্দি, আরবি ও নেপালি ৫টি ভাষায় অনুষ্ঠান প্রচার করা হয়। বাঙালি জাতি সত্তার একীভূতকরণে এবং জাতীয় জনমত গঠনে আধুনিক প্রযুক্তিকে ধারণ করে এই প্রচার মাধ্যম তার জাতীয় দায়িত্ব আস্থার সাথে পালন করে যাচ্ছে।

**কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)**

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ১ম শ্রেণি-৬৬৬<br>২য় শ্রেণি-১০১<br>৩য় শ্রেণি-৯৬১<br>৪র্থ শ্রেণি-৪০৯<br>রাজস্ব খাতভুক্ত নিজস্ব শিল্পী-২৯৫ | ১ম শ্রেণি-৪২৩<br>২য় শ্রেণি-২৬<br>৩য় শ্রেণি-৭৭৪<br>৪র্থ শ্রেণি-৩৮০<br>রাজস্ব খাতভুক্ত নিজস্ব শিল্পী-১৯৯ | ১ম শ্রেণি-২৪৩<br>২য় শ্রেণি-৭৫<br>৩য় শ্রেণি-১৮৭<br>৪র্থ শ্রেণি-২৯<br>রাজস্ব খাতভুক্ত নিজস্ব শিল্পী-৯৬ | ১৫২ |
| মোট | ২৪৩২ | ১৮০২ | ৬৩০ | ১৫২ |

**শূন্য পদের বিন্যাস**

| অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | রাজস্ব খাতভুক্ত নিজস্ব শিল্পীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| - | - | ২৪৩ | ৭৫ | ১৮৭ | ২৯ | ৯৬ | ৬৩০ |

**অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা:** গ্রেড-১ পদ: মহাপরিচালক (প্রশাসনিক মন্ত্রণালয় হতে অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে)। গ্রেড-২ পদ: ৩টি শূন্য: অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)-১টি -৩য় গ্রেডের একজনকে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)-০১টি -৩য় গ্রেডের একজনকে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে। প্রধান প্রকৌশলী-০১টি- ৪র্থ গ্রেডের একজনকে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে।




*তথ্য অধিকার বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ*

**পদোন্নতি প্রদান**

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ২য় শ্রেণি- ০৩ | ৬৬ | ৬৯ | ০১ | - | ০১ | - |




*জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ*

### অডিট আপত্তি

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

*(টাকার অঙ্ক কোটি টাকায়)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ | | সংখ্যা | টাকার পরিমাণ | সংখ্যা | টাকার পরিমাণ |
| ১ | বাংলাদেশ বেতার | ১৯০টি | ১৭৩.৩৫ টাকা | ১৯০টি | ৬৫টি | ২৭.১০ টাকা | ১২৫টি | ১৪৬.২৫ টাকা |

শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২১-২২) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১৮ | - | ১ | ৪ | - | ১৩ |

সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগের বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ৩টি | ০ | ০ | ৩টি | ৪টি |

## মানবসম্পদ উন্নয়ন

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৭৩টি (অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত) | ৩৫৮ জন (বেতারের কর্মকর্তা অংশগ্রহণ করেছেন) |

জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, ই-ফাইলিং, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ বিধি বিষয়ে মোট ১৭টি ইন হাউজ প্রশিক্ষণের মাধ্যমে ৯৮৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




*জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও প্রতিবেদন তৈরী বিষয়ক প্রশিক্ষণ*



*মহান স্বাধীনতা দিবস উপলক্ষে সেমিনার 'মুজিববর্ষের স্বাধীনতা'*



*কম্পিউটার প্রশিক্ষণ*

## সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১০ টি | ৪৪৮ জন |

## তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ /সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ / সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১০১ | হ্যাঁ | হ্যাঁ | - | ৩০০ | ৩৫০ |

**উন্নয়ন প্রকল্প সংক্রান্ত**

**উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য**

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্র ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন" শীর্ষক প্রকল্প | ২.৫৭ কোটি টাকায় | ২৫৪.৬১ লক্ষ টাকায় ৯৯% | ১২ টি |
| বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স, আগারগাঁও, ঢাকায় স্থানান্তর নির্মাণ ও আধুনিকায়ন (১ম পর্যায়)- ৩য় সংশোধিত শীর্ষক প্রকল্প | ৩.০০ কোটি টাকায় | ২৯৭.২৩ লক্ষ টাকায় ৯৯.০৭% | ১২ টি |
| আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প; | ২৪.০৯৮ কোটি টাকায় | ২৩৮২.৮ লক্ষ টাকায় ৯৮.৮৮% | ১২ টি |
| "বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প; | ২২.৩৪ কোটি টাকায় | ১৯২২.৬৬ লক্ষ টাকায় ৮৬.০৬% | ১২ টি |
| "বাংলাদশে বতোর, চট্টগ্রাম কন্দ্রে আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প | ২৬.০০ লক্ষ টাকায় | ১৬.৯৫ লক্ষ টাকায় ৬৫.১৯% | ১২ টি |

## উল্লেখযোগ্য কার্যক্রম

**সদর দপ্তর**

১। বাংলাদেশ বেতার ও এটুআই প্রোগ্রামের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় বাংলাদেশ বেতার কর্তৃক অনুষ্ঠান  প্রচারের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।




*জাতীয় শুদ্ধাচার কৌশল ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রশিক্ষণ*




*ই-ণথি ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা ও উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা*




*ব্যক্তি ও কর্মজীবনে নৈতিকতা বিষয়ক কর্মশালা*

২। i) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০ টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ে বাংলাদেশ বেতারের ১৪টি আঞ্চলিক কেন্দ্র রাজস্ব বাজেটে গান, স্পট, জিঙ্গেল, কথিকা, প্রামাণ্য নিয়ে অনুষ্ঠান প্রচার করা হচ্ছে।

ii) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রচার ও বিজ্ঞাপন শাখার অর্থায়ন, তথ্য মন্ত্রণালয়ের নির্দেশনা ও অনুমোদিত কর্মপরিকল্পনা মোতাবেক বাংলাদেশ বেতারের আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে গান,স্পট, জিঙ্গেল, শ্লোগান, ভক্সপপ, কম্পোজিট অনুষানে আলোচনা, মতামত, কুইজ ইত্যাদি প্রচার করেছে।

৩। এছাড়া মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২, ঐতিহাসিক ৭ই মার্চের অনুষ্ঠান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবর্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২, মহান স্বাধীনতা দিবস ২০২২, মুজিব নগর দিবস ইত্যাদি দিবসে দিবসের আলোকে মাসব্যাপি বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করা হয়েছে।

**৪। আঞ্চলিক কেন্দ্রসমূহ**

বাংলাদেশ বেতারের ১৪টি আঞ্চলিক কেন্দ্র মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করাসহ বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী, প্রতিমন্ত্রী, জাতীয় সংসদেও কার্যক্রমের উপর অনুষ্ঠানমালা প্রচার করা হয়েছে। এছাড়া বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস, করোনা ভাইরাস সংক্রমণ রোধ, ডেঙ্গু সচেতনতাসহ বিবিধ বিষয়ে এসব কেন্দ্র থেকে অনুষ্ঠান প্রচারিত হয়েছে।



*জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও প্রতিবেদন তৈরী বিষয়ক প্রশিক্ষণ*

### ৫। কেন্দ্রীয় বার্তা সংস্থা

কেন্দ্রীয় বার্তা সংস্থা, ঢাকা থেকে মুক্তিযুদ্ধেও ইতিহাস ও বাঙালির স্বাধীকার প্রতিষ্ঠায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবন সংগ্রাম ও অবদান সংক্রান্ত সংবাদ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ, বিভিন্ন মেগা প্রজেক্ট, দ্রারিদ্র্য বিমোচন, শিশু অধিকারসহ বিভিন্ন বিষয়ে বুলেটিন ও প্রতিবেদন প্রচার করা হয়েছে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

# বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

### ভূমিকা

চলচ্চিত্র সামগ্রী  সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণের ক্ষেত্রে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি জাতীয় প্রতিষ্ঠান। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার কাজ শুরু হয় মূলত ১৯৭৫ সালে। কিন্তু জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বিয়োগান্তক ঘটনার প্রেক্ষিতে ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার কাজ থেমে যায়। পরবর্তীতে এরই ধারাবাহিকতায় ১৯৭৮ সালে তথ্য মন্ত্রণালয়ের অধীনে 'ফিল্ম ইনস্টিটিউট ও আর্কাইভ' নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয় এবং ১৯৮৪ সালে 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ' নামকরণ করা হয়।

প্রতিষ্ঠালগ্ন থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভাড়া বাড়িতে এর কার্যক্রম পরিচালনা করে। এর নিজস্ব কোন দাপ্তরিক ভবন ছিল না। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত আগ্রহে ঢাকার আগারগাঁও প্রশাসনিক এলাকায় প্রায় ৮৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে বিশ্বমানের অত্যাধুনিক ও দৃষ্টিনন্দন ফিল্ম আর্কাইভ ভবন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ভবনটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং ২০১৮ সালের ০১ নভেম্বর বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন উদ্বোধন করেন।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ১৯৮০ সালে ইন্টারন্যাশনাল ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস্ (FIAF) এর এবং ২০১৯ সালে ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব অডিও ভিজ্যুয়াল আর্কাইভ (IASA) এর সদস্য পদ লাভ করে। বাংলাদেশসহ বিশ্বের উল্লেখযোগ্য সংখ্যক দেশের ফিল্ম আর্কাইভ বর্তমানে আন্তর্জাতিক এ সকল সংস্থার সদস্য।

বাংলাদেশ ফিল্ম  আর্কাইভ প্রতিষ্ঠার লক্ষ্য ও উদ্দেশ্য :
দেশি-বিদেশি  দুষ্প্রাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ এবং পদ্ধতিগতভাবে দীর্ঘস্থায়ী সংরক্ষণ, শিক্ষা ও গবেষণাকর্ম পরিচালনা, সংগৃহীত চলচ্চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র  উৎসব আয়োজন, নিয়মিতভাবে লাইব্রেরি সুবিধা প্রদান; চলচ্চিত্র, চলচ্চিত্রের বিকাশ ও চলচ্চিত্র সংশ্লিষ্ট গবেষণার বিষয়ের ওপর সভা, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ইত্যাদির আয়োজন এবং চলচ্চিত্র সংক্রান্ত ম্যাগাজিন, বুলেটিন, ক্যাটালগ, সিনোপসিস, সংক্ষিপ্ত  চিত্রকাহিনী ইত্যাদি প্রকাশের মাধ্যমে সুস্থ ও বিনোদনধর্মী চলচ্চিত্র বিকাশে অবদান রাখা বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য।

**০১। ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উল্লেখযোগ্য অর্জনসমূহ:**

**২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিম্নোক্ত কার্যাদি সম্পাদন করেছে:**

| ক্রমিক নং | কাজের বিবরণ | | অর্জন |
|---|---|---|---|
| ১. | ফিল্ম ফরমেটে চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ | - | ১২০টি |
| ২. | ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ | - | ২০৬টি |
| ৩. | লাইব্রেরি সংগ্রহ (বই, সাময়িকী, পোস্টার, চিত্রনাট্য ও ফটোসেট | - | ৮১৯টি |

| ক্রমিক নং | কাজের বিবরণ | | অর্জন |
|---|---|---|---|
| ৪. | জার্নাল ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত বই প্রকাশ | - | ০৬টি |
| ৫. | সংরক্ষিত চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | - | ৮৯টি |
| ৬. | চলচ্চিত্র প্রদর্শনী ও উৎসবের আয়োজন (শিশুতোষ চলচ্চিত্র উৎসবসহ) | - | ২৯২টি |
| ৭. | চলচ্চিত্র ব্যক্তিত্বদের জীবনীভিত্তিক ডকুমেন্টেশন তৈরি | - | ০৫টি |
| ৮. | নিউজ ক্লিপিং সংগ্রহ | - | ১০৯৭টি |
| ৯. | সেমিনার আয়োজন | - | ১১টি |
| ১০. | গবেষণাকর্ম সম্পাদন | - | ০৯টি |
| ১১. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণ আয়োজন | - | ১৫টি |
| ১২. | চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র চেকিং ও ক্লিনিং করা হয়েছে | - | ১০৩৭টি |

**০২। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উল্লেখযোগ্য সংগ্রহ :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম ভল্টে (Film Vault) এ পর্যন্ত ৫১৩০টি দেশি-বিদেশি চলচ্চিত্র সংরক্ষিত আছে। এছাড়াও ডিভিডি/সিডি ফরমেটে ৪৯৩৯টি চলচ্চিত্র এ দপ্তরের সংগ্রহে রয়েছে। এর মধ্যে রয়েছে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র ও সংবাদচিত্রের প্রিন্ট ও নেগেটিভ। এগুলো জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও কৃষ্টির অমূল্য দলিল। সংগৃহীত চলচ্চিত্রের মধ্যে বাংলাদেশে নির্মিত উল্লেখযোগ্য চলচ্চিত্র হচ্ছে : মুখ ও মুখোশ (১৯৫৬), আসিয়া (১৯৬০), নদী ও নারী, পালঙ্ক, তিতাস একটি নদীর নাম, জীবন থেকে নেয়া, স্টপ জেনোসাইড, এ স্টেট ইজ বর্ন, ওরা এগার জন, আলোর মিছিল, হাঙর নদী গ্রেনেড, সুজন সখী, আগুনের পরশমনি, বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম অভিনীত চলচ্চিত্র ধ্রুব; ভারতের চলচ্চিত্রের মধ্যে দেবদাস (১৯৩৫), পথের পাঁচালী, অপুর সংসার; রাশিয়ার ব্যাটেলশিপ পটেমকিন, মাদার, অক্টোবর; বুলগেরিয়ার ব্ল্যাক এঞ্জেলস; জাপানের রাশোমন; হাঙ্গেরির গোল্ডেন কাইট; চীনের টুংজুন জুঁই; ফ্রান্সের ওয়েজেস অব ফিয়ার ইত্যাদি উল্লেখযোগ্য।

**০৩। লাইব্রেরির সংগ্রহ :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভের লাইব্রেরিতে এ পর্যন্ত প্রায় ৮৩ হাজার চলচ্চিত্র বিষয়ক বই, চলচ্চিত্রের পোস্টার, স্যুটিং স্ক্রিপ্ট, জার্নাল, সাময়িকী, নিউজ ক্লিপিং ইত্যাদি সংগ্রহে রয়েছে। ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের লাইব্রেরির জন্য সংগৃহীত হয়েছে ৮১৯টি।

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম ভল্ট, লাইব্রেরি ও অডিটরিয়ামের স্থিরচিত্র



*চিত্র : (-) ৪ সে. তাপমাত্রায় ফিল্ম ভল্টে সংরক্ষিত নেগেটিভ*



*চিত্র : (+) ৮০ সে. তাপমাত্রায় ফিল্ম ভল্টে সংরক্ষিত প্রিন্ট*





*চিত্র : (±) ০° সে. তাপমাত্রায় ফিল্ম ভল্টে সংরক্ষিত প্রিন্ট*

*চিত্র :(±) ০° সে. তাপমাত্রায় ফিল্ম ভল্টে সংরক্ষিত প্রিন্ট*



*চিত্র : লাইব্রেরিতে সংরক্ষিত বই*



*চিত্র : লাইব্রেরিতে সংরক্ষিত স্ক্রিপ্ট*



*চিত্র : অডিটরিয়াম*

**০৪। ফিল্ম চেকিং ও পরিষ্কারকরণ :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ভাণ্ডারে সংরক্ষিত দুষ্প্রাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্রসহ সকল চলচ্চিত্র নিয়মিত পরীক্ষা-নিরীক্ষা করা হয়। সংগৃহীত কোন চলচ্চিত্র বা চলচ্চিত্র সামগ্রী যদি সংরক্ষণ উপযোগিতা হারায় বা বিনষ্ট হওয়ার আশঙ্কা দেখা দেয়, তাহলে সেগুলো পুনঃমুদ্রণের ব্যবস্থা গ্রহণ করা হয়। বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত ছায়াছবিগুলো প্রতি বছর প্রায়

২৫০-৩০০টি পরীক্ষা ও পরিষ্কার করা হয়। ২০২১-২২ অর্থবছরে ১০৩৭টি চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র চেকিং ও ক্লিনিং করা হয়েছে।

**০৫। চলচ্চিত্র প্রদর্শন :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশন হলে প্রতি সপ্তাহে ১টি করে চলচ্চিত্র প্রদর্শন করা হয়। এ কর্মসূচির অধীনে নিয়মিতভাবে প্রতি বছর প্রায় ৭০-৮০টি চলচ্চিত্র প্রদর্শন করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থবছরে ২৯২টি চলচ্চিত্র প্রদর্শন করা হয়েছে।

**০৬। চলচ্চিত্র বিষয়ক গবেষণা :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্র বিষয়ে গবেষণা ও প্রকাশনা কার্যক্রম পরিচালনা করে থাকে। ২০০৯-২০১০ অর্থবছর হতে নিয়মিতভাবে চলচ্চিত্র বিষয়ক গবেষণা কার্যক্রম গ্রহণ করে। এ পর্যন্ত প্রায় ১০৯টি গবেষণাকর্ম সাফল্যের সাথে সম্পন্ন হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ০৮টি গবেষণাকর্ম সম্পাদনের পরিকল্পনা রয়েছে।

**০৭। চলচ্চিত্র বিষয়ক জার্নাল প্রকাশ :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ২০০৯-২০১০ অর্থবছর হতে নিয়মিতভাবে 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল' প্রকাশ করে আসছে। ইতোমধ্যে এর ১৮টি সংখ্যা প্রকাশিত হয়েছে। আগামী ২০২২-২৩ অর্থবছরে ০১টি জার্নাল প্রকাশ করা হবে।

**০৮। চলচ্চিত্র বিষয়ক গ্রন্থ প্রকাশ :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিয়মিতভাবে চলচ্চিত্র বিষয়ক গ্রন্থ প্রকাশ করে আসছে। ইতোমধ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক ৭৩টি গ্রন্থ প্রকাশিত হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ০৫টি গ্রন্থ প্রকাশ করা হয়েছে।

**০৯। সেমিনার/সিম্পোজিয়াম :** চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ১১টি সেমিনার ও ওয়ার্কশপ পরিচালনা করেছে।




*চিত্র : চলচ্চিত্র বিষয়ক গবেষণা সংশ্লিষ্ট সেমিনার*



*চিত্র : চলচ্চিত্র বিষয়ক গবেষণা সংশ্লিষ্ট সেমিনার*

**১০। সংরক্ষিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংরক্ষণে থাকা অনেক চলচ্চিত্রের স্থায়িত্বকাল শেষ হয়ে যাওয়ায় দীর্ঘদিন সংরক্ষণের জন্য এ পর্যন্ত সর্বমোট ৭৯৭টি চলচ্চিত্র, তথ্যচিত্র ও প্রামাণ্যচিত্র ডিজিটাল ফরমেটে স্থানান্তর করা হয়েছে।



*চিত্র : 'সুরকার ও সঙ্গীত পরিচালক সত্য সাহার সঙ্গীত দর্শন' বিষয়ক সেমিনার আয়োজন*

**১১। চলচ্চিত্র ব্যক্তিত্বদের জীবনীভিত্তিক ডকুমেন্টারি তৈরি :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিয়মিতভাবে বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের

ব্যক্তিত্বদের জীবনীভিত্তিক ডকুমেন্টারি তৈরি করে আসছে। উক্ত কর্মসূচির অধীনে এ পর্যন্ত ৪৯ জন বিশিষ্ট ব্যক্তিত্বের জীবনীভিত্তিক ডকুমেন্টরি তৈরি করা হয়েছে।

**১২। ফিল্ম মিউজিয়াম স্থাপন :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের দ্বিতীয় তলায় বাংলাদেশের চলচ্চিত্র নির্মাণ শিল্পে ব্যবহৃত পুরাতন ক্যামেরা, পোস্টার, চলচ্চিত্র নির্মাণ সামগ্রী সংগ্রহ করে ফিল্ম মিউজিয়াম স্থাপন করা হয়েছে। উক্ত মিউজিয়ামে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনসহ বিভিন্ন চলচ্চিত্র ব্যক্তিত্বদের নিকট হতে সিনেমা সংশ্লিষ্ট প্রদর্শন উপযোগী বহু সামগ্রী পাওয়া গেছে।

**১৩। প্রশিক্ষণ আয়োজন :** ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে এপিএ বাস্তবায়ন, শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়াদি, ই-গভর্ন্যান্স, সেবা সহজীকরণ এবং তথ্য অধিকার বিষয়ে মোট ১৫টি প্রশিক্ষণের আয়োজন করেছে।





*চিত্র : বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচি*




*চিত্র : বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক আয়োজিত অভিযোগ প্রতিকার ও জিআরএস বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি*



*চিত্র : জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে কোরানখানি ও দোয়া মাহফিলের আয়োজন*

**১৪। জাতীয় শোক দিবস ২০২১ পালন :** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে কোরানখানি ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।






*চিত্র : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে শিশু-কিশোরদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা*

**১৫। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন :** আলোচ্য অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।







*চিত্র : বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন*

# বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

# বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড তথ্য মন্ত্রণালয়াধীন একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। সিনেমাটোগ্রাফ অ্যাক্ট ১৯১৮-এর মাধ্যমে এদেশে চলচ্চিত্র সেন্সরের কর্মকাণ্ড শুরু হয়। ১৯৫২ সালে 'ইস্ট বেঙ্গল বোর্ড অব ফিল্ম সেন্সরস' প্রতিষ্ঠার মাধ্যমে চলচ্চিত্র সেন্সর বোর্ডের আনুষ্ঠানিক কর্মকাণ্ড শুরু হয়। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড নামকরণ হয় দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে।

বিনোদনের পাশাপাশি জ্ঞান ও শিক্ষার প্রসার, সংস্কৃতির বিকাশ এবং উন্নত জাতিগঠন ও সমৃদ্ধ সমাজ বিনির্মাণে সারাবিশ্বে চলচ্চিত্র একটি শক্তিশালী গণমাধ্যম হিসেবে সমাদৃত। চলচ্চিত্র মানুষের মনে গভীর প্রভাব ফেলতে সক্ষম। সুস্থ চলচ্চিত্র যেমন জীবনের কথা বলে মানুষকে জীবনমুখী হতে শেখায়, তেমনি অসুস্থ চলচ্চিত্রের প্রভাব মানুষ ও সমাজকে বিপথগামী করতে পারে। তাই চলচ্চিত্র শিল্পের সাথে যারা সংযুক্ত তাদের বিশেষ দায়বদ্ধতা আছে। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সেই দায়বদ্ধতা থেকে চলচ্চিত্র শিল্প সংশ্লিষ্ট সকল মহলের সাথে ঐক্যবদ্ধ হয়ে কাজ করে চলেছে।



*অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অংশগ্রহন সভা*

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে চলচ্চিত্র পরীক্ষণের জন্য ১৫ (পনেরো) সদস্যবিশিষ্ট একটি বিজ্ঞ সেন্সর বোর্ড রয়েছে। বোর্ড বিদ্যমান সেন্সর আইন, বিধিমালা ও কোড অনুসরণে সেন্সর কার্য সম্পাদন করে থাকে। সম্মানিত তথ্য সচিব পদাধিকার বলে বোর্ডের চেয়ারম্যান। তিনি বোর্ড সভায় সভাপতিত্ব করে থাকেন।

## বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ২০২১-২২ সালের কার্যক্রম

**ক. সনদপত্র জারি**

২০২১-২২ অর্থবছরে ১২০টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৩৪টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১৪টি প্রামাণ্য চলচ্চিত্র, ৩৯টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র এবং ৩৯টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার সেন্সর করা হয়েছে। সেন্সরকৃত

চলচ্চিত্রগুলোর মধ্যে মধ্যে ১১২টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৩৪টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১৪টি প্রামাণ্য চলচ্চিত্র, ৩৯টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র এবং ৩৯টি বাংলা চলচ্চিত্রের ট্রেলারের অনুকূলে সেন্সর সনদপত্র জারি করা হয়েছে।



*ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায় বিষয়ক প্রশিক্ষণ*



*এপিএ-এর আওতায় নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ*

## খ. পরিদর্শন/অশ্লীলতা বিরোধী কার্যক্রম

বর্তমানে চলচ্চিত্র সেন্সরশিপ আইন ও বিধি কঠোরভাবে প্রয়োগ করা হচ্ছে। পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে। পরিদর্শকগণ মাঠ পর্যায়ে নিয়মিতভাবে পরিদর্শনে যাচ্ছেন। চলচ্চিত্র শিল্পের সুষ্ঠু পরিবেশ

বজায় রাখার স্বার্থে আইন ও বিধি লংঘনকারী চলচ্চিত্রগুলোর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বর্ণিত সময়ে ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, নরসিংদী, কিশোরগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, দিনাজপুর, রংপুর, নীলফামারী, নওগাঁ, পাবনা, খুলনা, যশোর, সাতক্ষীরা, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, বরিশাল, পটুয়াখালী, ভোলা, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, বি-বাড়ীয়া, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার জেলার মোট ২০৩টি সিনেমা হলে পরিদর্শন করা হয়েছে। চলচ্চিত্রে সেন্সরবিহীন অশ্লীল গান ও দৃশ্য সংযোজন করে প্রদর্শন করার দায়ে প্রদর্শিত চলচ্চিত্রগুলো জব্দ করার জন্য এ দপ্তর থেকে সংশ্লিষ্ট থানায় ৪টি জব্দপত্র এবং ১৩টি সুপারিশপত্র প্রেরণ করা হয়েছে।



*ক্রয় সংক্রান্ত প্রশিক্ষণ*

**গ. রাজস্ব আয়**

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সরকারের একটি গুরুত্বপূর্ণ কর-ব্যতিত রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান। ২০২১-২২ অর্থবছরে পর্যন্ত চলচ্চিত্র সেন্সর ও স্ক্রিনিং ফি বাবদ = ৪৭,২১,০০০/-(সাতচল্লিশ লক্ষ একুশ হাজার) টাকা রাজস্ব আয় হয়েছে।

**ঘ. মানবসম্পদ উন্নয়ন**

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়নের জন্য সচিবালয় নির্দেশমালা, ২০১৪, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯, বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর), চলচ্চিত্র সংসদ নিবন্ধন আইন, ২০১১ সহ বিভিন্ন প্রকার প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করা হয়।

**সেমিনার/ওয়ার্কশপের আয়োজনঃ**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ৬টি | অংশীজনের অংশগ্রহণে শুদ্ধাচার বিষয়ক কর্মশালা - ৬ জন |



*জাতীয় শোকদিবস উপলক্ষে ফিল্ম সেন্সর বোর্ড কর্তৃক মিলাদ আয়োজন*

**ঙ. ই-জিপি বাস্তবায়নের অগ্রগতি :**
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করাসহ e-Tender ব্যবস্থা প্রবর্তনের সক্ষমতা অর্জন করেছে এবং ২০২১-২২ অর্থবছরে ১টি ক্রয় e-Tendering এর মাধ্যমে সম্পন্ন করেছে।



*তথ্য অধিকার আইন ২০০৯ সংক্রান্ত প্রশিক্ষণ*



*তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ*

**চ. ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অগ্রগতি :**

- বর্ণিত সময়ে এ দপ্তরের সকল শাখায় ই-নথি ব্যবহার চালু করা হয়েছে।
- ৮৫.৪৯% নথি ই-ফাইলিং ব্যবস্থায় নিষ্পত্তি করা হয়েছে।
- এ দপ্তরের ওয়েব পোর্টালকে ন্যাশনাল ওয়েব পোর্টালের আওতায় আনা হয়েছে।
- আইসিটি সংক্রান্ত উন্নয়নের পদক্ষেপ হিসেবে এ বোর্ডের কর্মকর্তা ও আইসিটি সম্পৃক্ত কর্মচারীদের কম্পিউটারভিত্তিক জ্ঞান ও বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



*ফিল্ম সেন্সর বোর্ডের প্রশিক্ষণে মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মো. নজরুল ইসলাম*



*ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যান জনাব মো. জসীম উদ্দিনের বিদায় অনুষ্ঠানে তথ্য সচিব মহোদয়*

- বোর্ডের Citizen's Charter এবং কার্যক্রম সংক্রান্ত তথ্য-উপাত্ত এ দপ্তরের ওয়েব সাইট www.bfcb.gov.bd তে নিয়মিত সন্নিবেশিত করা হচ্ছে ।
- সেন্সরকৃত চলচ্চিত্রের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেইজ তৈরির কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে প্রস্তুতকৃত ডাটাবেইজের তথ্য সন্নিবেশ করা হয়েছে। লাইভে আনার কাজ চলমান রয়েছে।



*শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে সাবেক সচিব জনাব কামরুন নাহার*



*সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ*

**ছ. সরকারি সেবা সহজীকরণ :**

'বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের কর্মচারীদের পোশাক প্রদান' সেবাটি সহজীকরণ করা হয়েছে।



*হলুদ সাংবাদিকতা বিষয়ে প্রশিক্ষণে জনাব মীর আকরাম উদ্দীন আহমদ*

**(জ) জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২০ :**

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২০ প্রদান উপলক্ষে গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করেছে।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (সাবেক জাতীয় সম্প্রচার একাডেমি) প্রতিষ্ঠানটি ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (UNDP), ইউনাইটেড নেশনস এডুকেশন সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (UNESCO) এবং ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন (ITU)-এর সহযোগিতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রকল্পরূপে ১৯৮০ খ্রিষ্টাব্দে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে এর নামকরণ করা হয় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনে এটি একটি ইলেকট্রনিক এবং গণমাধ্যম প্রশিক্ষণ প্রতিষ্ঠান। একবিংশ শতাব্দী এবং ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রশিক্ষণের মাধ্যমে গণমাধ্যম কর্মকাণ্ডের উন্নয়ন এবং যোগাযোগকে আরও গতিশীল ও বস্তুনিষ্ঠ করে তোলা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মূল লক্ষ্য।

এ ইনস্টিটিউটে সরকারি-বেসরকারি বেতার ও টেলিভিশনের অনুষ্ঠান ও প্রকৌশল বিষয়সমূহ, চলচ্চিত্র, রিপোর্টিং এবং তথ্য ও উন্নয়ন যোগাযোগের ওপর প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার পরিচালিত হয়। বিসিএস তথ্য ক্যাডার কর্মকর্তাদের বিভাগীয় বুনিয়াদী প্রশিক্ষণ এখানে আয়োজন করা হয়। এছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তি, যারা ইলেকট্রনিক মাধ্যম ও গণমাধ্যমের সঙ্গে যুক্ত বা যুক্ত হতে আগ্রহী, তারা এখানে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন।




*মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষ্যে চলচ্চিত্র প্রদর্শনী ও সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি।*

**জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মসম্পাদনের চিত্র (২০২১-২০২২)**

- ১৬টি প্রশিক্ষণে ২৯১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়। এর মধ্যে ১৮৪ জন পুরুষ ও ১০৭ জন নারী।



*স্বাধীনতার একান্ন বছর পূর্তি উপলক্ষে বিশেষ সেমিনারে মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য সংশ্লিষ্ট গণমাধ্যম ব্যক্তিদের মাঝে ক্রেস্ট প্রদান করেন মন্ত্রণালয়ের সচিব মোঃ মকবুল হোসেন পিএএ।*

- মন্ত্রিপরিষদ বিভাগ ও ইউরোপিয়ান ইউনিয়নের যৌথ আয়োজনে ও ব্রিটিশ কাউন্সিলের তত্ত্বাবধানে Platform for Dialogue (P4D) শীর্ষক প্রকল্পের আওতায় সুশাসনের জন্য কৌশলগত যোগাযোগ বিষয়ে ২৩টি জেলায় ২ দিনব্যাপী কর্মশালা আয়োজিত হয়েছে।
- বাংলাদেশের শিশু ও নারীর অধিকার, ক্ষমতায়ন ও সচেতনতা বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ইউনিসেফ-এর যৌথ অর্থায়নে 'শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় শিশু সাংবাদিক, যুব সাংবাদিক, নারী সাংবাদিক, ফ্রিল্যান্সার ও বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়াকর্মীদের জন্য ২৯টি কর্মশালার আয়োজন করা হয়েছে।
- দক্ষ ও প্রশিক্ষিত ইলেকট্রনিক গণমাধ্যমকর্মী গড়ে তোলার লক্ষ্যে এক বছর মেয়াদি পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম (পিজিডিবিজে) কোর্সের মাধ্যমে বেতার ও টেলিভিশনের ওপর তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়সহ যোগাযোগ কৌশল, গণমাধ্যম ও সম্প্রচার বিষয়ে বর্তমান ও ভবিষ্যৎ ধারা সম্পর্কে পাঠদান করা হয়।
- ৩৭টি অভ্যন্তরীণ প্রশিক্ষণের মাধ্যমে দপ্তরের ১৪৫ জনকে ৬০ ঘণ্টা করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- এছাড়াও ২৩টি কর্মশালা ও ১২টি সেমিনারের মাধ্যমে ১৩৩৭ জনকে সমসাময়িক বিষয়ে প্রশিক্ষণের আওতায় আনা হয়েছে।
- মাঠপর্যায়ে সমীক্ষার মাধ্যমে (ক) Necessity & Scope for Expansion of NIMCO Training at Divisional Levels in Bangladesh: Chattogram, Rajshahi & Khulna এবং (খ) Exploring the Strategy of Mass Media to Prevent Violence Against Women in



*কুষ্টিয়া জেলায় Platfrom for Dialogue (P4D) শীর্ষক অনলাইন কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মোঃ মকবুল হোসেন পিএএ।*

Bangladesh শীর্ষক দুইটি গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

- জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জার্নাল ৫ম সংখ্যা প্রকাশ করা হয়েছে।
- জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ১(এক)টি নিউজ লেটার (৫ম বর্ষ, ৬ষ্ঠ সংখ্যা) প্রকাশ করা হয়েছে।
- ০৩ (তিন) জন কর্মচারী পদোন্নতি পেয়েছেন ।
- বিসিএস তথ্য ক্যাডার কর্মকর্তাদের জন্য ২টি বুনিয়াদী এবং নন ক্যাডার কর্মকর্তাদের জন্য একটি বুনিয়াদী পাঠ্যধারা সমাপ্ত হয়েছে।



*জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত প্রথম শ্রেণির কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ পাঠ্যধারার সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসি এবং উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক জনাব সোহরাব হোসেন এবং কোর্স প্রশাসন।*

- ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব/নাট্যকলা/থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ছাত্রছাত্রীদের জন্য ২টি টেলিভিশন নাটক প্রযোজনা পাঠ্যধারা সম্পাদিত হয়েছে।
- পরিকল্পিত প্রশিক্ষণের শিরোনাম, তারিখ, সময়কাল, পাঠ্যসূচি, বিভিন্ন মডিউলের লক্ষ্য ও উদ্দেশ্য, প্রশিক্ষণার্থীর সংখ্যা, আবেদন প্রক্রিয়া এবং প্রশিক্ষণ পদ্ধতি সম্পর্কে তথ্য সংবলিত ধরে একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার বছরের শুরুতেই প্রকাশ করা হয়েছে।
- জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের জন্য ১২ তলা বিশিষ্ট ডরমেটরি ভবন এবং কর্মকর্তা-কর্মচারীদের জন্য আলাদা ১০ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের জন্য প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে পেশ করা হয়েছে।
- মুজিববর্ষ উপলক্ষে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উন্নয়ন, জনবলের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি কল্পে ২৪৬০.২২ লক্ষ টাকার 'জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ' প্রকল্প প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয় থেকে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকাণ্ড আঞ্চলিক পর্যায়ে সম্প্রসারণের প্রস্তাব পেশ ও নীতিগত অনুমোদন গৃহীত হয়েছে।

**মুজিববর্ষ এবং স্বাধীনতা জয়ন্তী উপলক্ষে কার্যক্রম**

১. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় ।

২. শোক থেকে শক্তি: বঙ্গবন্ধু, গণমাধ্যম ও বাংলাদেশের অভিযাত্রা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

৩. মহান বিজয়ের সুবর্ণ জয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষে চলচ্চিত্র প্রদর্শনী এবং 'বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র : প্রত্যাশা ও প্রাপ্তি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

৪. '৭ই মার্চ বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

**অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ**

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) ২০২১-২০২২ অর্থবছরে মোট ১১৬টি কোর্স/কর্মশালা আয়োজন করে। এসব কর্মসূচিতে মোট ৩,৬৩৫ জন গণমাধ্যমকর্মী অংশগ্রহণ করেছেন, যার মধ্যে ৩,৩২৩ জন পুরুষ ও ৩১২ জন নারী। এছাড়া এসময়ে ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে মোট ১৭টি বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করেছে। এর মধ্যে পাঁচ (০৫)টি আবাসিক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে।



*পিআইবি ই লার্নিং প্ল্যাটফর্ম* pibelearning.gov.bd- *এর উদ্বোধন ও বিগত কোর্সের সনদ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ এমপি*

**অনলাইন সার্টিফিকেট কোর্স**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কাজে লাগিয়ে দেশে ও দেশের বাইরে কর্মরত সাংবাদিক, গণমাধ্যমকর্মী ও শিক্ষার্থীদের জন্য পেশাগত দক্ষতা বৃদ্ধিতে পিআইবি ২০২১ সালে নিজস্ব ই-লার্নিং প্ল্যাটফর্ম (www.pibelearning.gov.bd) তৈরি করেছে। প্রাথমিকভাবে চারটি কোর্স নিয়ে যাত্রা শুরু হলেও বর্তমানে আটটি কোর্সে বিশ্বের যে কোনো প্রান্তের বাংলা ভাষাভাষী সাংবাদিক ও শিক্ষার্থীরা ন্যূনতম রেজিস্ট্রেশন ফি পরিশোধ করে মোবাইল বা কম্পিউটারের মাধ্যমে কোর্সগুলোতে অংশগ্রহণ করতে পারছেন। চলতি অর্থ বছরে উক্ত আটটি (০৮) কোর্সে ৭৬০ জন শিক্ষার্থী নিবন্ধন করেছেন। বর্তমানে সাংবাদিকতায় ফ্যাক্টচেকের কলাকৌশল, সামাজিক যোগাযোগ মাধ্যম ও সাংবাদিকতা শীর্ষক আরও কয়েকটি নতুন কোর্স চালুর বিষয়টি প্রক্রিয়াধীন আছে।


**প্রকাশনা ও ফিচার বিভাগ**

২০২১-২০২২ অর্থবছরের কার্যক্রমের গুরুত্বপূর্ণ তথ্যাদি

| ক্রমিক নং | কার্যক্রম | বাস্তবায়ন বিবরণ | |
|---|---|---|---|
| ১. | গণমাধ্যম সাময়িকী নিরীক্ষা | ২৩৬, ২৩৭, ২৩৮, ২৩৯ ও ২৪০তম সংখ্যা প্রকাশিত | |
| ২. | গ্রন্থ | ১. | ঘটনাপঞ্জি-২০১৯ |
| | | ২. | বাঙালির আরাধ্য পুরুষ |
| | | ৩. | সংবাদপত্রে বঙ্গবন্ধুর জন্মদিন (১৯৭২-১৯৭৫) |
| | | ৪. | এসডিজি ও উন্নয়নমূলক ফিচার সংকলন |
| | | ৫. | ঘটনাপঞ্জি-২০২০ |
| | | ৬. | স্বাধীন বাংলাদেশের আন্তর্জাতিক স্বীকৃতি ও সংবাদপত্র |
| | | ৭. | শিশু ও নারীবিষয়ক ফিচার সংকলন |
| | | ৮. | প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ বিষয়ক ফিচার সংকলন |
| | | ৯. | সংবাদপত্রে বঙ্গবন্ধুঃ পঞ্চম খণ্ড, ষাটের দশক, চতুর্থ পর্ব, ১৯৬৯ |
| | | ১০. | সংবাদপত্রে বঙ্গবন্ধুঃ ষষ্ঠ খণ্ড, ষাটের দশক, পঞ্চম পর্ব, ১৯৬৯ |
| | | ১১. | ঘটনাপঞ্জি-২০২১ |
| ৩. | ফিচার | ১. | শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম প্রকল্প (৫ম পর্যায়)-এর ৫০টি ফিচার প্রকাশ করা হয়েছে। |
| | | ২. | এসডিজি ও উন্নয়নমূলক ফিচার ২৯টি প্রকাশিত। |
| ৪. | বার্ষিক প্রতিবেদন | ১. | বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রকাশিত। |
| ৫. | বুকলেট | ১. | পিআইবি'র প্রকাশনা বিষয়ক বুকলেট 'নতুন বই' প্রকাশ। |
| ৬. | পুরস্কার | ১. | পিআইবি-ইএএলজি ফেলোশিপের কাজ সম্পন্ন। |
| ৭. | অনুষ্ঠান | ১. | পিআইবি-সোহেল সামাদ স্মৃতি পুরস্কার ২০২০ প্রদান করা হয়েছে। |
| ৯. | বইমেলা | ১. | অমর একুশে বইমেলা ২০২২-এ অংশগ্রহণ করা হয়েছে। |




*গণমাধ্যম সাময়িকী নিরীক্ষা*




গ্রন্থ প্রকাশ




বার্ষিক প্রতিবেদন




বুকলেট



*বইমেলা*



*পুরস্কার*

## গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ

২০২১-২০২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ

| **গবেষণাকর্ম ও তথ্য সংরক্ষণ** | |
|---|---|
| ১. | স্বাধীন বাংলাদেশের আন্তর্জাতিক স্বীকৃতি ও সংবাদপত্র |
| ২. | দৈনিক ইত্তেফাক ও সমকালীন রাজনীতি: উনসত্তরের গণঅভ্যুত্থান |
| ৩. | সংবাদপত্রে বঙ্গবন্ধু: পঞ্চম খণ্ড: ষাটের দশক : চতুর্থ পর্ব : ১৯৬৯ |
| ৪. | সংবাদপত্রে বঙ্গবন্ধু: ষষ্ঠ খণ্ড: ষাটের দশক : পঞ্চম পর্ব : ১৯৬৯ |
| ৫. | ঘটনাপঞ্জি ২০২০: সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ |
| ৬. | ঘটনাপঞ্জি ২০২১: সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ |

| **নিউজ ক্লিপিং** |
|---|
| ১৬৫টি শিরোনামে ক্লিপিং-এর হার্ডকপি যথারীতি সংরক্ষিত হয়েছে। জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ, নিবন্ধ, প্রবন্ধ, কলাম ফিচার-এর ক্লিপিং সংরক্ষণ করা হয়। |

| **গ্রন্থাগার** |
|---|
| পিআইবি'র গ্রন্থাগারের জন্য ১৮৫টি বই কেনা হয়েছে এবং ১২টি বই সৌজন্য সংখ্যা হিসেবে পাওয়া গেছে। বর্তমান গ্রন্থাগারে বইয়ের সংখ্যা ১৩,৫৪৭টি। ২০২১-২০২২ অর্থবছরেও যথারীতি গ্রন্থাগারে ২৩টি দৈনিক পত্রিকা বাঁধাই করে সংরক্ষণ করা হয়েছে। এই অর্থবছরে ১,৯৩৪ জন পাঠককে সেবা প্রদান করা হয়েছে। |




*চাঁপাইনবাবগঞ্জ জেলার সাংবাদিকদের জন্য অনুসন্ধানমূলক রিপোর্টিং প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি জেলা প্রশাসক মো.মঞ্জুরুল হাফিজ*




*চাঁদপুর জেলার সাংবাদিকদের জন্য বুনিয়াদি ও অনুসন্ধানমূলক রিপোর্টিং প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি পিআইবি'র মহাপরিচালক জনাব জাফর ওয়াজেদ*



*শিশু সাংবাদিকদের জন্য প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করছেন অতিথিবৃন্দ*




*কুমিল্লা জেলার সাংবাদিকদের জন্য চারটি প্রশিক্ষণ শেষে সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য আ. ক. ম. বাহাউদ্দিন বাহার*



*হবিগঞ্জ জেলার সাংবাদিকদের জন্য হাওর সাংবাদিকতা বিষয়ক প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছেন সংসদ সদস্য অ্যাডভোকেট মো. আবু জাহির*




*সাংবাদিকদের জন্য আদালত বিষয়ক প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছেন, বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মো. নিজামুল হক নাসিম*



*ঢাকা রিপোর্টার্স ইউনিটির সদস্যদের ফ্যাক্ট চেক বিষয়ক প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠান শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করছেন অতিথিবৃন্দ*



*ঢাকা সাব এডিটরস কাউন্সিলের সদস্যদের জন্য সংবাদ সম্পাদনা বিষয়ক প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করছেন অতিথিবৃন্দ*




*ময়মনসিংহ জেলার সাংবাদিকদের জন্য মোবাইল সাংবাদিকতা বিষয়ক প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মোহাম্মদ শফিকুর রেজা বিশ্বাস*




*চট্টগ্রাম জেলার বিভিন্ন উপজেলার সাংবাদিকদের জন্য মোবাইল সাংবাদিকতা বিষয়ক প্রশিক্ষণের সমাপন অনুষ্ঠানে অতিথিবৃন্দ*

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

# বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে দক্ষ ও যোগ্য নির্মাতা এবং কলাকুশলী সৃষ্টির নিমিত্ত সংশ্লিষ্ট বিষয়ের ওপর ডিগ্রি ও কারিগরি প্রশিক্ষণ প্রদানসহ সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রে গবেষণামূলক কর্মকাণ্ড পরিচালনা করার উদ্দেশ্যে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়।

জাতীয় সংসদের ২০১৩ সালের ২৩নং আইন হিসেবে 'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন ২০১৩' পাশ হয় এবং ২০১৩ সালের ১ নভেম্বর হতে কার্যকর হয়। পরবর্তীকালে ১১/০৭/২০১৯ তারিখ জাতীয় সংসদে বাজেট অধিবেশনে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন সংশোধন আইন ২০১৯ পাশ হয়।

### গভর্নিং বডি

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন ২০১৩ (সংশোধিত ২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে ১৯ সদস্য বিশিষ্ট ০২ (দুই) বছর মেয়াদি বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর গভর্নিং বডি ৩১শে মে ২০২২ তারিখে পুনর্গঠিত হয়।



*বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর গভর্নিং বডি সভা*

### এপিএ কার্যক্রম

২০২১-২০২২ অর্থবছরের এপিএ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট থেকে দুই (০২) বছর ও এক (০১) বছর মেয়াদি দীর্ঘ ও স্বল্পমেয়াদি বিভিন্ন কোর্সসমূহে প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষিত হয়। এর মধ্যে আলোচ্য অর্থবছরে দীর্ঘমেয়াদি এবং স্বল্পমেয়াদি কোর্সে ৫৩ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এছাড়া বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ কোর্স থেকে ২০২১-২০২২ অর্থবছরে মোট ২৫টি ডিপ্লোমা চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মিত হয়েছে।

### এক নজরে ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রম

চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিগ্রি ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি করার লক্ষ্যে এ ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জনসেবা প্রদান করছে। ২০২১-২০২২ অর্থবছরে নিম্নোক্ত কোর্সসমূহে মোট ৫৩ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

| ক্রম | কোর্সের নাম |
|---|---|
| ০১. | ৬ষ্ঠ চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স |
| ০২. | ৫ম টেলিভিশন অনুষ্ঠান ও সংবাদ প্রযোজনা (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স |
| ০৩. | ১ম চলচ্চিত্র অনুধাবন কোর্স |
| ০৪. | ১ম চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠানের জন্য শব্দ গ্রহণ ও প্রয়োগ বিষয়ক ব্যবহারিক কোর্স |
| ০৫. | চলচ্চিত্র ও টেলিভিশনে সম্পাদনা (১ম কোর্স) |



*১ম চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠানের জন্য শব্দ গ্রহণ ও প্রয়োগ বিষয়ক ব্যবহারিক কোর্স।*

## ডিপ্লোমা প্রোডাকশন নির্মাণ

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট ২০২১-২০২২ অর্থবছরে মোট ২৫টি ডিপ্লোমা প্রোডাকশন নির্মাণ করেছে। প্রোডাকশনসমূহ হলো:

মধুমতির তীরে, শেষ খাতার ৫২ পৃষ্ঠা, একজন অশ্বত্থ, আচিক অক্ষর, জ্যাম, একজন মৌয়ালের জীবনগাঁথা, প্রসেনজিতের পাঠশালা, ফিসফিস, whisper of hate, প্রতিরোধের ১৯, পীরেন স্নাল, একজন আলাউদ্দিন, জোৎস্না জায়া, প্রাণবিক, ভগ-পুলকের কথকতা, শান্তি, উর্ণাজাল, অপেক্ষা, সন্তান, তোমায় গান শোনাব বলে, গোঁড়ামি, রাবেয়া, পুঁথিয়াল, ২৪/৭, সম্পর্ক, চৌকাঠ।

## সেমিনার/ওয়ার্কশপ

বিসিটিআই ২০২১-২০২২ অর্থবছরে চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ক মোট ০৯টি ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করেছে। ৩১০ জন অংশগ্রহণকারী এতে অংশগ্রহণ করেন।



*শুদ্ধাচার চর্চায় গণমাধ্যম বিষয়ক সেমিনার।*

### স্থায়ী ক্যাম্পাস

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য কল্যাণপুরস্থ বাংলাদেশ বেতারের নিম্ন শক্তি প্রেরণ কেন্দ্রে প্রাপ্ত ৭.১২ একর জমিতে বিসিটিআই ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলছে। জমির চূড়ান্ত হস্তান্তর গত ৩১শে জানুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ বেতার, ঢাকা, মহাপরিচালক মহোদয়ের দপ্তরে সম্পাদিত হয়। ১৫ই জুন ২০২২ তারিখে চূড়ান্ত স্থাপত্য নকশা প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ডিপিপি প্রণয়নের জন্য গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

### জনবল কাঠামো

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর সাংগঠনিক কাঠামোতে বিভিন্ন ধরনের ৮৭টি পদ রয়েছে। বর্তমানে চাকরি প্রবিধানমালা ২০২১ প্রণয়নে ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে।

### ২০২১-২০২২ অর্থবছরে বাজেট বরাদ্দ ও ব্যয়

২০২১-২০২২ অর্থবছরে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর অনুকূলে ৩,৬১,৩২,০০০/-টাকা সংশোধিত বাজেট বরাদ্দ দেওয়া হয়। এ অর্থবছরে ৩,০০,৬১,৪১৪/- টাকা ব্যয় হয়েছে।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন

### চলচ্চিত্র নির্মাণ

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থের বিভিন্ন অংশের উপর স্বল্পদৈর্ঘ্য ০৩টি চলচ্চিত্র নির্মাণ সম্পন্ন হয়েছে। চলচ্চিত্রগুলো হলো: ০১) মধুমতির তীরে, ০২) শেষ খাতার ৫২ পৃষ্ঠা, ০৩) একজন অশ্বত্থ।

### বিসিটিআই জার্নাল: বঙ্গবন্ধু সংখ্যা

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)-এর জার্নালের এবারের সংখ্যাকে নামকরণ করেছে বঙ্গবন্ধু সংখ্যা হিসেবে। এ সংখ্যায় শিল্প, সাহিত্য, সিনেমায়, সংগীতে বঙ্গবন্ধুর অবদানকে গুরুত্বের সাথে তুলে ধরা হয়েছে। নিয়মিত জার্নালের অংশ হিসেবে এতে স্থান পেয়েছে গবেষণাধর্মী আরও ছয়টি লেখা। স্কলারলি জার্নাল তথা 'Peer Reviewed Journal'-এর জন্য দীর্ঘ পরিকল্পনা-প্রস্তুতির মধ্য দিয়ে 'জার্নাল সম্পাদনা পরিষদ' এবং 'বঙ্গবন্ধু স্মারক গ্রন্থ সম্পাদনা পরিষদ' কর্তৃক মূল্যায়নকারীদের নিকট প্রেরণের মাধ্যমে লেখাগুলো চূড়ান্ত হয়েছে।



*বিসিটিআই জার্নালের বিশেষ বঙ্গবন্ধু সংখ্যার মোড়ক উন্মোচন।*

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

# বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম



*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ তেজগাঁওয়ে বিএফডিসিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনার চলচ্চিত্র 'বঙ্গবন্ধু বায়োপিক' নির্মাণের অগ্রগতি নিয়ে সাংবাদিকদের কথা বলেন (সোমবার, ৬ ডিসেম্বর ২০২১)। পিআইডি*

**২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের কার্যক্রমের তথ্যাদি**

| বিষয় | গৃহীত পদক্ষেপের বর্ণনা |
|---|---|
| ১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে এফডিসি কর্তৃক বিভিন্ন কর্মসূচি পালনের নিমিত্ত প্রণীত কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন করা হয়েছে। |
| ২. জাতীয় চলচ্চিত্র দিবস পালন। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৭ সালের ৩ এপ্রিল তৎকালীন প্রাদেশিক পরিষদে চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিল উপস্থাপন করার ঐতিহাসিক দিনটিকে স্মরণ করে সরকার ২০১২ সাল থেকে ৩ এপ্রিলকে জাতীয় চলচ্চিত্র দিবস ঘোষণা করে। সেই থেকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় এবং জাকজমকপূর্ণভাবে পালন করা হচ্ছে। ২০২২ সালে দিবসটি যথাযথভাবে পালন করা হয়েছে। |

| বিষয় | গৃহীত পদক্ষেপের বর্ণনা |
|---|---|
| ৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে ‘বঙ্গবন্ধু’ বায়োগ্রাফিক্যাল ফিচার ফিল্ম নির্মাণ। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনায় ‘বঙ্গবন্ধু’ শীর্ষক বায়োপিক নির্মাণের নিমিত্ত বিএফডিসি এবং এনএফডিসি’র এমডি পর্যায়ে ১৪ জানুয়ারি ২০২০ তারিখে MoU স্বাক্ষরিত হয়। উক্ত চলচ্চিত্রের জন্য পরিচালক হিসেবে প্রখ্যাত ভারতীয় পরিচালক জনাব শ্যাম বেনেগালকে মনোনয়ন দেয়া হয়। বিশ্বব্যাপী করোনা ভাইরাস বিস্তার লাভ করায় ছবিটির মহরত এবং প্রথম পর্যায়ের শুটিং (৭৫%) ভারতের মুম্বাইতে হয়েছে। দ্বিতীয় পর্যায়ের শুটিং-এর অংশ হিসেবে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ, ১০ই জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন, ৭০ এর নির্বাচনী প্রচারণা ও যুদ্ধের দৃশ্যগুলিসহ Crowd Scene এর শুটিং জন্য গত ১৭ নভেম্বর ২০২১ তারিখে ভারতীয় প্রতিনিধি দল বাংলাদেশে আসেন এবং ১৮ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মোট ২৮দিন শুটিং করেন। চলচ্চিত্রের পরিচালক শ্রী শ্যাম বেনেগালের টিম মাননীয় প্রধানমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী ও সচিব মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন। চলচ্চিত্রটির পোস্টার, টিজার উন্মোচন করা হয়েছে। এ বছর কান চলচ্চিত্র দিবসে অনলাইনে চলচ্চিত্রটির ট্রেইলার প্রদর্শিত হয়। বর্তমানে চলচ্চিত্রটির পোস্ট প্রোডাকশনের কাজ ভারতের মুম্বাইতে চলমান রয়েছে। অতি শীঘ্রই চলচ্চিত্রটি বিশ্বব্যাপী মুক্তি প্রদান করা যাবে মর্মে আশা করা হচ্ছে। |
| ৪. ডিজিটাল চলচ্চিত্র নির্মাণের নির্দেশিকা প্রবর্তন ও সেবার হার পুন:নির্ধারণ | বিএফডিসিতে চলচ্চিত্র নির্মাণের নির্দেশিকা চালু রয়েছে। পুনঃনির্ধারিত সেবার হার অনুযায়ী প্রযোজকদেরকে সুবিধাদি প্রদান করা হচ্ছে। বর্তমানে চলচ্চিত্র নির্মাণে কুশলী/ কর্মচারীদের অধিকার ভাতা প্রযোজকগণকে প্রদান করতে হয়না। সেবার হার পুনঃনির্ধারনের প্রক্রিয়া চলছে। |
| ৫. দেশীয় চলচ্চিত্র বিকাশে চলচ্চিত্র নির্মাণে অনুদান প্রদান। | ২০২১-২০২২ অর্থবছরে ১৯টি পূর্ণদৈর্ঘ্য এবং ০৬টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য অনুদান দেয়া হয়েছে। এছাড়াও বিএফডিসিকে ২টি ছবি নির্মাণের জন্য ১.৪৫ কোটি টাকা অনুদান দেয়া হয়েছে। |
| ৬.চলচ্চিত্রে পাইরেসি নিয়ন্ত্রণ। | অশ্লীল চলচ্চিত্র নির্মাণ, প্রদর্শন ও পাইরেসি নিয়ন্ত্রণে গঠিত ‘টাস্কফোর্স’ এর কার্যক্রম চলমান রয়েছে। এর ফলে চলচ্চিত্রের পাইরেসি অনেকাংশে বন্ধ করা সম্ভব হয়েছে। |
| ৭.জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২০। | ২০২০ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠান গত ২৩.০৩.২০২২ তারিখে সাফল্যের সাথে আয়োজন ও সম্পন্ন হয়েছে। |
| ৮.“বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ”। | এফডিসির গেট সংলগ্ন ৪.৭০ বিঘা জমির উপর একটি বহুমুখী কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়। প্রকল্পটি গত ০২.১০.২০১৮খ্রি. তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ভবন নির্মাণ কাজের বিষয়ে গত ১৯.১১.২০২১ তারিখে NOA প্রদান করা হয়। গত ০২.১২.২০২১ তারিখে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। ইতোমধ্যে ভবনের ম্যাট ফাউন্ডেশন ঢালাই ও বেজমেন্ট-১ এর ঢালাই কাজ সম্পন্ন হয়েছে। |




তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ ফ্রান্সে কান ফিল্ম ফেস্টিভ্যালের ৭৫তম আসরে ভারতীয় প্যাভিলিয়নে বাংলাদেশ-ভারত যৌথ উদ্যোগে নির্মিত 'মুজিবঃ একটি জাতির রূপকার' (Mujib : The Making of a Nation) বায়োপিকের ট্রেলার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন (শুক্রবার, ২০ মে ২০২২)।-পিআইডি



তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ তেজগাঁওয়ে বিএফডিসিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনার চলচ্চিত্র 'বঙ্গবন্ধু' বায়োপিক নির্মাণের অগ্রগতি নিয়ে সাংবাদিকদের সাথে কথা বলেন (সোমবার, ৬ ডিসেম্বর ২০২১)।-পিআইডি

# তথ্য কমিশন

# তথ্য কমিশন

## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুযায়ী চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকার নাগরিকের চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতারই অবিচ্ছেদ্য অংশ। তথ্য অধিকারকে জনগণের ক্ষমতায়নের অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করা হয়। জনগণের মধ্যে এ আইনের চর্চা বৃদ্ধি করা গেলে সরকারি-বেসরকারি সকল সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, ফলে হ্রাস পাবে দুর্নীতি এবং দেশে প্রতিষ্ঠিত হবে সুশাসন। এরূপ একটি প্রতিষ্ঠিত ধারণা থেকে ২০০৯ সালে সরকার তথ্য অধিকার আইন পাস করে। এ আইনের ১১ ধারা অনুযায়ী আইন বাস্তবায়নের লক্ষ্যে সরকার আইন বাস্তবায়নকারী সংস্থা হিসেবে তথ্য কমিশন প্রতিষ্ঠা করে।

প্রতিষ্ঠার পর থেকেই তথ্য কমিশন তথ্য অধিকার আইন বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে তথ্য কমিশনের অবকাঠামোসহ প্রয়োজনীয় বিধিমালা, প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে। জনগণের দোরগোড়ায় এই আইনকে পৌঁছানোর লক্ষ্যে তথ্য কমিশন দেশের সকল বিভাগ, জেলা-উপজেলা, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, ব্যাংকসহ অন্যান্য প্রতিষ্ঠানে জনঅবহিতকরণ সভা করছে এবং বিভিন্ন সেমিনার/ সিম্পোজিয়ামের আয়োজন অব্যাহত রেখেছে। তথ্য অধিকার আইন সম্পর্কে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/ জনপ্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম অব্যাহত রয়েছে।এছাড়া তথ্য অধিকার আইনকে আরও অধিক কার্যকর ও জনগণের জন্য ফলপ্রসূ করার লক্ষ্যে সে বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণের উদ্দেশ্যে বিভিন্ন সময় বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবগণ, গণমাধ্যম ব্যক্তিত্ব ও সিনিয়র সাংবাদিকগণের সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

২০২১ সালে ০৫টি জেলার ৩৫টি উপজেলায় ১,৯৯১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ এনজিও কর্মকর্তা, সাংবাদিক, পুলিশ কর্মকর্তা ও মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত সর্বমোট ৩০৮৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও দেশের সকল বিভাগ ও জেলার সাথে ভিডিও কন্‌ফারেন্সের মাধ্যমে বিভিন্ন সময়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

০১লা জানুয়ারি, ২০২১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০২১ তারিখ সময়ে সমগ্র দেশে তথ্য অধিকার আইনে বিভিন্ন কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত ৭৬৫৩টি আবেদনের মধ্যে ৭১৭৪টি আবেদনের চাহিত তথ্য আবেদনকারীকে সরবরাহ করা হয়েছে। যা মোট আবেদনের ৯৩.৭৪%। অনুরোধকৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা ৩৪৪টি অর্থাৎ ৪.৪৯%। উল্লেখ্য ২০২১ সালের শেষে ১৫৫টি তথ্য প্রাপ্তির আবেদন প্রক্রিয়াধীন ছিল।

০১লা জানুয়ারি, ২০২১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত তথ্য কমিশনে মোট ৪৬৩টি অভিযোগ দায়ের করা হয়েছে। যার মধ্যে ২৩৪টি অভিযোগের (মোট অভিযোগের ৫০.৫৩%) শুনানির জন্য কার্যক্রম গ্রহণ করা হয়।

২০২১ সালে নিষ্পত্তিকৃত অভিযোগ সংখ্যা ২৩৪টি। এর মধ্যে ২৩০টি অভিযোগের ক্ষেত্রে করোনা পরিস্থিতিতে ভার্চুয়াল পদ্ধতিতে শুনানি গ্রহণ করা হয়। এতে একদিকে যেমন স্বাস্থ্য ঝুঁকি কমেছে অন্যদিকে খরচ, সময় এবং হয়রানি হ্রাস পেয়েছে। ০৪ টি অভিযোগের ক্ষেত্রে শারীরিক উপস্থিতিতে শুনানী গ্রহণ করা হয়।

## বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রকাশ ও মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ


তথ্য অধিকার আইনের ৩০ ধারা অনুসারে প্রতিবছর তথ্য কমিশন কর্তৃক পূর্ববর্তী বছরের কার্যাবলি সম্পর্কে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করার বিধান রয়েছে। এই বাধ্যবাধকতা থেকে প্রতিবছরের ন্যায় তথ্য কমিশন বার্ষিক প্রতিবেদন ২০২০ প্রকাশ করে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করে।



*মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদের নিকট ঢাকায় বঙ্গভবনে তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০২০ পেশ করেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ। এসময় তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি এবং তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক উপস্থিত ছিলেন। মঙ্গলবার, ০৮ মার্চ ২০২২*

## বিভিন্ন রাষ্ট্রীয় কার্যক্রমে অংশগ্রহণ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদতবার্ষিকী উপলক্ষে ১৫ই আগস্ট ২০২১ তারিখে তথ্য কমিশনে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। এছাড়া দিবসটি উপলক্ষে বঙ্গবন্ধুকে নিয়ে কনটেন্ট প্রস্তুত করে তথ্য কমিশনের ডিজিটাল অ্যাডভারটাইজিং বোর্ডে এবং তথ্য কমিশনের স্ক্রলে প্রচার করা হয়েছে।




*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে তথ্য কমিশনে আলোচনা সভা ও দোয়া মাহফিল।*

- ১৮ই অক্টোবর ২০২১ তারিখে 'শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস' প্রতিপাদ্য নিয়ে শেখ রাসেল দিবস ২০২১ উদ্‌যাপন করা হয়েছে।



*শেখ রাসেল দিবস ২০২১ উদযাপন উপলক্ষে তথ্য কমিশনে আলোচনা সভা ও দোয়া মাহফিল।*

'শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস' প্রতিপাদ্য নিয়ে শেখ রাসেল দিবস ২০২১ উদ্‌যাপন করেছে তথ্য কমিশন। দিবসটি উদযাপন উপলক্ষে তথ্য কমিশনে আলোচনাসভা, দোয়া ও মোনাজাত করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান তথ্য কমিশনার মরতুজা আহমদ। বক্তব্য রাখেন তথ্য কমিশনার সুরাইয়া বেগম এনডিসি, তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক, তথ্য কমিশনের তৎকালীন সচিব সুদত্ত চাকমা এবং সহকারী পরিচালক শাহাদাৎ হোসেইন।

## তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ ও জনঅবহিতকরণ সভা

করোনা (কোভিড-১৯) পরিস্থিতিতে শারীরিক উপস্থিতিতে প্রশিক্ষণের পাশাপাশি ভার্চুয়ালি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২১ সালে ০৫টি জেলার ৩৫টি উপজেলায় ১,৯৯১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ এনজিও কর্মকর্তা, সাংবাদিক, পুলিশ কর্মকর্তা ও মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত সর্বমোট ৩০৮৬ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



*তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নেত্রকোনা জেলায় জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক জনঅবহিতকরন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ। ১৬ নভেম্বর ২০২১*



*তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নেত্রকোনা জেলায় জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ।*



*তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জামালপুর জেলার মেলান্দহ উপজেলায় তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি। ২৩ ডিসেম্বর ২০২১*



*তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় বরিশাল জেলায় তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক। ১৪ নভেম্বর ২০২১*

## তথ্য কমিশনে অনুষ্ঠিত শুনানি



*তথ্য কমিশনে শুনানী গ্রহণ। শুনানী করেন প্রধান তথ্য কমিশনার মরতুজা আহমদ, তথ্য কমিশনার সুরাইয়া বেগম এনডিসি এবং তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক।*

## আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২১ উদ্‌যাপন

তথ্য কমিশন মহামারি কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা, সিভিল সোসাইটি ও গণমাধ্যমের সহযোগিতায় এ বছর রাজধানী ঢাকাসহ সারাদেশে ২৮শে সেপ্টেম্বর অত্যন্ত আড়ম্বরপূর্ণ পরিবেশে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২১' উদ্‌যাপন করে।গত বছরের ন্যায় এবছরও তথ্য কমিশন বিভাগীয় পর্যায়, জেলা পর্যায়, ইউডিসি এবং পিডিসিসমূহকে সংযুক্ত করে উপজেলা পর্যায়ে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২১ উদযাপন করে। এ বছর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল 'তথ্য আমার অধিকার, জানা আছে কি সবার।' এ উপলক্ষে গুরুত্বপূর্ণ ১২টি জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হয়। ঢাকার বিভিন্ন স্থানে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের প্রতিপাদ্য, স্লোগান এবং প্রাসঙ্গিক বিষয়ের উপর প্রস্তুতকৃত ডকুমেন্টারিসমূহ ডিজিটাল অ্যাডভারটাইজিং বোর্ডের মাধ্যমে প্রচার করা হয়। এছাড়া তথ্য অধিকার বিষয়ে প্রস্তুতকৃত টিভিসি, ডকুমেন্টারি অডিও মাধ্যমে প্রচার করা হয়।

তথ্য অধিকার দিবস ২০২১-এর স্লোগান ছিল 'তথ্য আমার অধিকার, জানতে হবে সবার।' দিবসটি উদ্‌যাপন উপলক্ষে ২৮ সেপ্টেম্বর সোমবার বিকেল ৩.০০ ঘটিকায় তথ্য কমিশনের উদ্যোগে ঢাকাস্থ প্রত্নতত্ত্ব ভবনের সম্মেলন কক্ষে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদের সভাপতিত্বে উক্ত আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার সচিব জনাব মোঃ মকবুল হোসেন পিএএ।




*আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষে বক্তব্য রাখেন মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ, এমপি।*




*আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষে বক্তব্য রাখেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ। ২৮ সেপ্টেম্বর ২০২১*

## তথ্য অধিকার বিষয়ক পুরস্কার- ২০২১ প্রদান

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে তথ্য অধিকার আইন চর্চায় গুরুত্বপূর্ণ অবদান রাখার নিমিত্ত ২০২১ সালে মন্ত্রণালয়, বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, উপজেলা কার্যালয়, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং তথ্য অধিকার বাস্তবায়নে প্রথম স্থান অধিকারী তিনটি কমিটি {অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি এবং বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি} এই ছয়টি পর্যায়ে (ক্ষেত্রে)নির্বাচিতদের তথ্য অধিকার বিষয়ক সর্বমোট ১৩টি পুরস্কার প্রদান করা হয়।




*আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত অতিথিবৃন্দের সাথে তথ্য অধিকার বিষয়ক পুরস্কারপ্রাপ্তগণ।*

# বাংলাদেশ প্রেস কাউন্সিল

# বাংলাদেশ প্রেস কাউন্সিল

২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৫ | ১৪ | ১ | - | একজন কর্মচারীকে ২৫ বছর চাকুরি পূর্তিতে অবসর প্রদানে শূন্য পদ তৈরি হয় এবং এ বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্টে মামলা চলমান বিধায় পদটি পূরণ করা সম্ভব হচ্ছে না। |
| ১৫ | ১৪ | ১ | - | - |

নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| - | ১ | ১ | - | - | - | - |

## মানবসম্পদ উন্নয়ন

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৩ | ৫ জন |

১৮টি ইন হাউজ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। এসব প্রশিক্ষণে মোট ২০১ জন কর্মচারী অংশগ্রহণ করেন।

সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৭টি সেমিনার ও ১২টি ট্রেনিং ওয়ার্কশপ | ৮৩৮ জন |




*ঢাকায় তথ্য ভবনে 'বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক ২০২১' প্রাপ্তদের মাঝে প্রধান অতিথি তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ , ৪ঠা সেপ্টেম্বর ২০২১*

**প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি**

- ৪ঠা সেপ্টেম্বর ২০২১ তথ্য ভবন অডিটোরিয়ামে সংবাদপত্র/সাংবাদিকদের মাঝে বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক ২০২১ প্রদান করা হয়। একই সাথে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে "বঙ্গবন্ধু ও স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী" শীর্ষক সেমিনার আয়োজন করা হয়।



*টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে প্রেস কাউন্সিলের কর্মকর্তাগণের দোয়া ও মোনাজাত*

- ১৪ ফেব্রুয়ারি, ২০২২ বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিল মিলনায়তনে গণমাধ্যমের সাংবাদিকদের উপস্থিতিতে একটি শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান আয়োজন করা হয়।




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রেস কাউন্সিল-এর সদস্যদের সাথে মতবিনিময় করেন, ৩রা জানুয়ারি ২০২২*



*ধানমন্ডি ৩২-এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন প্রেস কাউন্সিলের কর্মকর্তাগণ*




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ বাংলাদেশ প্রেস কাউন্সিল মিলনায়তনে 'বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস-২০২২' উপলক্ষ্যে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন, ১৪ই ফেব্রুয়ারি ২০২২*

- ১৭ই মার্চ, ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিলের দাপ্তরিক কার্যালয়ে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করা হয়।
- ৩-৮ই মে, ২০২২ ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন অব প্রেস কাউন্সিলস-এর আমন্ত্রণে বার্ষিক কনফারেন্সে বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মো. নিজামুল হক নাসিমের নেতৃত্বে ২ সদস্যের একটি প্রতিনিধি দল যোগদান করেন।



*তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদের নিকট সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মোঃ নিজামুল হক নাসিম কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন ২০২০ হস্তান্তর করেন, ১০ই এপ্রিল ২০২২*

- ৫টি পূর্ণ কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়। এসব অধিবেশনে সাংবাদিকদের অনলাইন ডাটাবেইস তৈরির নীতিমালা প্রণয়ন ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়।
- জুডিশিয়াল কমিটির ৪৭টি সভা অনুষ্ঠিত হয় এবং এতে ৩টি জুডিশিয়াল মামলা নিষ্পত্তি করা হয়। পাশাপাশি প্রেস অ্যাপিলেট বোর্ডের ১২টি সভায় ২টি আপিল নিষ্পত্তি করা হয়। অন্যান্য কমিটিসমূহের মধ্যে ২টি নিয়োগ কমিটির সভা ও ১১টি দরপত্র কমিটির সভা অনুষ্ঠিত হয়।
- প্রতিবেদনাধীন বছরে প্রেস কাউন্সিলের উদ্যোগে গোপালগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, পটুয়াখালী, বরগুনা, ফরিদপুর, রাঙামাটি, রাজশাহী ও ঢাকা জেলায় সাংবাদিকদের অংশগ্রহণে ১২টি প্রশিক্ষণ কর্মশালা ও ৭টি সেমিনার ও মতবিনিময় সভার আয়োজন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় ৫৪৯ জন ও সেমিনার ও মতবিনিময় সভায় ২৮৯ জন সাংবাদিক অংশগ্রহণ করেন।

বাংলাদেশ সংবাদ সংস্থা

# বাংলাদেশ সংবাদ সংস্থা
## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

বাংলাদেশের মহান স্বাধীনতা অর্জনের পর শীর্ষস্থানীয় আন্তর্জাতিক ও জাতীয় বার্তা সংস্থাসমূহ, যেমন: যুক্তরাজ্যের রয়টার্স, যুক্তরাষ্ট্রের এপি, ভারতের পিটিআই, সোভিয়েত ইউনিয়নের তাস, ফ্রান্সের এএফপি-এর কর্মপদ্ধতির আদলে একটি আন্তর্জাতিক মানের জাতীয় বার্তা সংস্থা প্রতিষ্ঠায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ইচ্ছার প্রতিফলন হিসেবে দি এসোসিয়েটেড প্রেস অব পাকিস্তান (এপিপি)-এর ঢাকাস্থ আঞ্চলিক কার্যালয়কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তদানীন্তন তথ্য ও সম্পচার মন্ত্রণালয় ১/৭২ সাচিবিক প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) নামে নামকরণ করে। এপিপি'র কার্যালয়ই নতুন নামকরণে স্বাধীন বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা (বাসস)-এর যাত্রা শুরু হয়। পরবর্তীতে ১৯৭৯ সালের ২০ নং অধ্যাদেশ অর্থাৎ বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ, ১৯৭৯ মাধ্যমে জাতীয় বার্তা সংস্থা হিসেবে বাংলাদেশ সংবাদ সংস্থাকে 'বিধিবদ্ধ' (বডি কর্পোরেট) সংস্থায় রূপান্তর করে এর ব্যবস্থাপনা ১১ সদস্যবিশিষ্ট পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত করা হয়। পঞ্চম সংশোধন আইন ২০১১ (২০১১ সনে ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ই আগস্ট থেকে ১৯৭৯ সনের ৯ই এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসহ বিলুপ্ত হওয়ায় তদস্থলে বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৫নং আইন) প্রণীত হয় এবং তা গেজেটে প্রকাশিত হয়। বাসস আইন, ২০১৮ অনুযায়ী সংস্থার পরিচালনা ও প্রশাসন ১৩ সদস্যবিশিষ্ট পরিচালনা বোর্ডের ওপর অর্পিত হয়।

### পরিচালনা বোর্ড

বিগত ১৫ই জুলাই ২০২০ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের স্মারক নং ১৫.০০.০০০০.০১৯.১১.০০৪.১১.১৬৫ মূলে 'বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮'-এর ৭ ও ৮ ধারা মোতাবেক ৩ বছর মেয়াদে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আ আ ম স অরেফিন সিদ্দিক বর্তমান পরিচালনা বোর্ডের সভাপতি।

### বাসস আইন, ২০১৮ অনুযায়ী বাসস'র দায়িত্ব ও কার্যাবলি

(ক) আন্তর্জাতিক সংস্থাসহ দেশ-বিদেশের সংবাদ সংগ্রহ করে গণমাধ্যমের সাহায্যে বাংলাদেশসহ সমগ্র বিশ্বের জনগণের নিকট প্রচার;

(খ) জাতীয় সংবাদ বহির্বিশ্বে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা হিসেবে দায়িত্ব পালন;

(গ) সমগ্র বিশ্বে রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক, প্রযুক্তিগত, সাংস্কৃতিক ও ক্রীড়া ক্ষেত্রে সকল সংবাদ সংগ্রহ ও বিনিময়;

(ঘ) সংবাদ সংগ্রহ ও বিনিময়ের কাজে নিয়োজিত ব্যক্তিগণের প্রশিক্ষণের জন্য দেশীয় ও বৈদেশিক গণমাধ্যম বা বার্তা সংস্থার সঙ্গে চুক্তি সম্পাদন;

(ঙ) দেশে বা দেশের বাইরের গণমাধ্যম বা বার্তা সংস্থার সকল সংবাদ, ফিচার, ছবি বা ভিডিও চিত্র ক্রয়-বিক্রয়;

(চ) সংস্থার সার্বিক উন্নয়ন ও আধুনিকায়নে কর্মসূচি গ্রহণ;

(ছ) সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ড জনগণকে অবহিত করার উদ্দেশ্যে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), তথ্য অধিদফতর (পিআইডি) এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার কার্যক্রমের সাথে সমন্বয় সাধন; এবং

(জ) উপরোক্ত দায়িত্ব ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য কার্যাদি সম্পাদন।

## একনজরে সংস্থার সম্পাদিত কার্যক্রম

**সংবাদ পরিবেশন:** প্রতিবেদনাধীন বছরে বাসস থেকে মোট ১,১৫,৭৬২ সংখ্যক সংবাদ সংগ্রহ ও পরিবেশন করা হয়েছে, যা দেশের প্রধান জাতীয় দৈনিক এবং ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রকাশ/প্রচারের জন্য গ্রাহক গণমাধ্যমের নিকট সরবরাহ করা হয়েছে।

**ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন প্রকাশ:** বাসস এবং এটুআই-এর যৌথ উদ্যোগে ডিজিটাল বাংলাদেশ উদ্যোগ বাস্তবায়ন বিষয়ক বাংলা ও ইংরেজিতে ১০০টি প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এই প্রতিবেদনের সংকলন হিসাবে বাংলা ও ইংরেজিতে ২টি বই প্রকাশ করা হয়েছে।
SDG বাস্তবায়ন সম্পর্কিত সংবাদ সংগ্রহ ও প্রচার: দেশের প্রত্যন্ত অঞ্চলসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক SDG বাস্তবায়ন সংক্রান্ত সংবাদ সংগ্রহ ও পরিবেশনের লক্ষ্যে বাসস একটি বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে। বিশেষ গুরুত্ব দিয়ে SDG বাস্তবায়ন সংক্রান্ত সংবাদ সংগ্রহ ও পরিবেশনের জন্য সাংবাদিক অ্যাসাইনমেন্টের মাধ্যমে SDG বাস্তবায়নের সংবাদ সংগ্রহ করে পরিবেশন করছে। ২০২১-২০২২ অর্থবছরে বাসস বাস্তবায়ন সম্পর্কিত ২০৮টি সংবাদ বিভিন্ন গণমাধ্যমে প্রচার করেছে।

**সরকারের নীতি কৌশল ও কর্মসূচি বাস্তবায়ন:** বাসস সরকারের গৃহীত নীতি কৌশল এবং গৃহীত কর্মসূচি বিশেষ গুরুত্ব সহকারে বাস্তবায়ন করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২১-২০২২ অর্থবছরে ও বাসস জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন, তথ্য অধিকার আইন বাস্তবায়ন, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি নীতিমালা বাস্তবায়ন এবং সরকার ঘোষিত সকল নির্দেশনা বাস্তবায়নসহ প্রচার কার্যক্রম গ্রহণ করেছে।

**শুদ্ধাচার কার্যক্রম (NIS):** সংস্থায় 'জাতীয় শুদ্ধাচার কৌশল' বাস্তবায়নকল্পে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তার নেতৃত্বে ৭ সদস্যবিশিষ্ট একটি নৈতিকতা কমিটি ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে কর্মপরিকল্পনা অনুযায়ী ৪টি সভা করে সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। সংস্থার ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। নৈতিকতা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংস্থার সাংবাদিক কর্মকর্তাদের পেশাগত কর্মসম্পাদন পর্যালোচনা সভায় শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে নিয়মিত ব্রিফিং করা হচ্ছে।

**ইনোভেশন:** ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য একজন ইনোভেশন অফিসারসহ মোট ৭ সদস্যবিশিষ্ট ইনোভেশন টিম গঠন করা হয়েছে এবং ইনোভেশন টিমের ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্যাদির প্রতিবেদন হালনাগাদ করা হয়েছে এবং সংস্থার ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা হয়েছে।

**এপিএ বাস্তবায়ন:** ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাসস ১০৩.৩৫% অর্জন করতে সক্ষম হয়েছে।

**তথ্যপ্রযুক্তির ব্যবহার:** সংস্থায় বর্তমানে ল্যান, ইন্টারনেট, ওয়াইফাই সুবিধাসহ স্বয়ংক্রিয় বায়োমেট্রিক উপস্থিতি ব্যবস্থা রয়েছে। নিজস্ব মিনি ডাটা সেন্টারসহ সংস্থার কম্পিউটার নেটওয়ার্ক-এর মাধ্যমে সংবাদ গ্রাহকদের সংবাদ সরবরাহ সেবা প্রদান করা হয়ে থাকে।

**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (GRS):** সংস্থায় GRS এর আওতায় অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের আওতায় কোনো অভিযোগ পাওয়া যায়নি।

**প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বাস্তবায়ন:** মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের ওপর বাসস থেকে বিভিন্ন সংবাদপত্রে ৩৮টি বিশেষ প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এছাড়াও প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ সম্পর্কে চট্টগ্রাম শহরে সাংবাদিক, সুধীজন এবং সুবিধাভোগীদের সমন্বয়ে ১টি আলোচনাসভা করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের তথ্যাদি জনগণের সামনে তুলে ধরার লক্ষ্যে সংস্থার জেলা সংবাদদাতাদের নিয়ে উন্নয়নমূলক সংবাদ তৈরির বিষয়ে একটি বিশেষ প্রশিক্ষণ/ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। এছাড়াও প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ: 'উন্নয়ন সোপানে বাংলাদেশ-৩' নামে একটি বিশেষ গ্রন্থ প্রকাশ করা হয়েছে।

**জাতীয় শোক দিবস পালন:** ১৫ই আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। জাতীয় শোক দিবস ধানমন্ডি ৩২ নম্বরে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিস্তম্ভে সংস্থার সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারীদের শ্রদ্ধাঞ্জলি প্রদর্শন এবং বঙ্গবন্ধুর জীবনাদর্শ সম্পর্কে আলোচনাসভা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়েছে। এছাড়াও 'শোকের মাস আগস্ট' শিরোনামে সংস্থার ওয়েবসাইটে বিশেষ ট্যাব চালু করে সংবাদ ও ছবি প্রদর্শন এবং ব্যানার প্রদর্শন করা হয়েছে।

**'মুজিববর্ষ' এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের বাস্তবায়িত কার্যক্রম:**
দেশের সকল জনগণের কাছে বিশেষ করে তরুণ প্রজন্মের মধ্যে ইতিবাচক মনোভাব গড়ে তোলার অভিপ্রায়ে রাষ্ট্রীয় গণমাধ্যম হিসেবে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন সংগ্রামের প্রতিটি ক্ষেত্রের ওপর বিশেষ ফিচার, নিবন্ধ, সংবাদ ও ছবি প্রচার করেছে। বিগত ১৭ই মার্চ ২০২২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী এবং জাতীয় শিশু দিবসের জাতীয় অনুষ্ঠানে সংস্থার কর্মকর্তাগণ ব্যানারসহ শিখা চিরন্তনে যোগদান করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন সংগ্রামের বিভিন্ন দিকের ওপর আলোকপাত করে সংস্থার সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদকের সভাপতিত্বে একটি আলোচনাসভা করা হয়েছে। ১৭ই মার্চ ২০২২ বাসস'র প্রধান কার্যালয়ে আলোকসজ্জা ও মুজিব শতবর্ষের ব্যানার প্রদর্শন করা হয়েছে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে সংস্থার নবনির্মিত স্টুডিও কক্ষে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের বিভিন্ন আলোকচিত্রের প্রদর্শনী আয়োজন করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ-২০২২' উদ্‌যাপনের জন্য বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) 'মুজিব শতবর্ষ- MUJIB 100' লোগোসহ কলম, রাইটিং প্যাড এবং কোট পিন তৈরি করে উপহার সামগ্রী হিসেবে বণ্টন করেছে।

বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট

# বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট

## ২০২১-২০২২ অর্থবছরের বিবিধ কার্যক্রম

বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট ৮ই জুলাই, ২০১৪ সালে আইন দ্বারা প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট ১৩ সদস্যবিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ডের মাধ্যমে পরিচালিত হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী, সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দ, সাংবাদিক ইউনিয়ন এবং সরকার মনোনীত বিশিষ্ট সাংবাদিকদের সমন্বয়ে এই বোর্ড গঠিত হয়। পদাধিকারবলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী এই ট্রাস্টের চেয়ারম্যান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব, ভাইস চেয়ারম্যান এবং সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বোর্ডের সদস্য সচিব।

এই ট্রাস্ট প্রতিষ্ঠার পর থেকে  অসুস্থ, অসচ্ছল ও দুর্ঘটনাজনিত আহত এবং নিহত সাংবাদিক পরিবারের অনুকূলে আর্থিক সহায়তা ভাতা/অনুদান প্রদান করা হচ্ছে।

**২০২১-২০২২ অর্থবছরের ভাতা/অনুদান সংক্রান্ত তথ্য**

| অর্থবছর | বাজেট বরাদ্দ | অনুদানভোগীর সংখ্যা | মোট টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২০২১-২০২২ | ৯,৭০,০০,০০০/- | ১০৫১ জন | ৯,৬৯,৫০,০০০/- | বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট থেকে প্রদত্ত কল্যাণ অনুদান |
| | ১০,০০,০০০০০/- | ৩৭৪৫ জন | ৩,৭৪,৫০,০০০/- | করোনা পরিস্থিতিতে প্রধানমন্ত্রীর বিশেষ আর্থিক অনুদান, যা চলমান রয়েছে |
| **মোট** | **১,৯৭,০০০০০০/-** | **৪৭৯৬ জন** | **১৩,৪৪০০০০০/-** | |

**অনুদান**

২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের তহবিলে সিডমানি হিসেবে সোনালী ব্যাংক লি., ভিকারুননিসা নূন স্কুল শাখা, ঢাকায় ৫৭,০৬,৩৮,১৭৩/- টাকা এফডিআর করা আছে।




*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে ড. হাছান মাহমুদ, এমপি, মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ১৫ই ফেব্রুয়ারী ২০২২*



*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ, সুভাষ চন্দ বাদল, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিকক কল্যাণ ট্রাস্ট, কুষ্টিয়া*



*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ করছেন ড. হাছান মাহ্‌মুদ, এমপি, মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ১৫ই ফেব্রুয়ারী ২০২২*



*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ করছেন, সৈয়দা জাকিয়া নূর লিপি, সংসদ সদস্য, কিশোরগঞ্জ*




*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে ড. হাছান মাহ্‌মুদ, এমপি, মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট*




*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ করছেন এম খায়রুজ্জামান লিটন, মেয়র রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী*




*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ করছেন বীর মুক্তিযোদ্ধা আতিউর রহমান আতিক, এমপি, হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, শেরপুর*



*কল্যাণ অনুদান ও করোনাকালীন সাংবাদিকদের আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে (মো: মুকবুল হোসেন পিএএ, সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট*

প্রকাশনায়
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়